




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 21 December 2022 ■ আগরতলা ২১ ডিসেম্বর, ২০২২ ইং ■ ৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




বড়দিন উপলক্ষে রাজধানী আগরতলা শহরের বাজারগুলিতে পসরা সাজিয়ে বসেছেন ব্যবসায়ীরা। মঙ্গলবার তোলা নিজস্ব ছবি।

## নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে দুই সদস্যের টিম ত্রিপুরায় পাঠাল কমিশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ এবং ভোটাধিকার প্রয়োগ সম্পর্কে সচেতনতা নিয়ে প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের দুই সদস্যের এক দল ত্রিপুরায় এসেছে। প্রসঙ্গত, ২০২৩ সালের বিধানসভা নির্বাচনের খুবই অল্প সময় বাকি রয়েছে। স্বাভাবিকভাবে ত্রিপুরায় নির্বাচন কমিশনের তৎপরতা বেড়ে গেছে। কমিশনের ওই দল নির্বাচনী ব্যয় সংক্রান্ত নির্দেশিকা নিয়েও ত্রিপুরার আধিকারিকদের সাথে আলোচনা করেছে।

মুখ্য নির্বাচন আধিকারিক কার্যালয় সুত্রে খবর, আজ কমিশনের দুই আধিকারিক স্পেশাল অফিসার রণবীর সিং এবং ডিরেক্টর সন্তোষ আজমিরা ত্রিপুরায় এসেছেন। তাঁরা আগামীকাল ফিরে যাবেন। ত্রিপুরায় আসার পর থেকেই তাঁরা নির্বাচন সংক্রান্ত বিষয় নিয়ে দফাওয়ারী বৈঠক করেছেন। আগামীকালও তাঁরা টানা বৈঠক করবেন। সূত্রের দাবি, ত্রিপুরায় আগামী ৫ জানুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে। ওই ভোটার তালিকা প্রকাশ নিয়ে প্রস্তুতি খতিয়ে দেখতেই কমিশনের ওই দুই আধিকারিক ত্রিপুরায় এসেছেন।সাথে তাঁরা, পুরনো এবং নতুন ভোটারদের ভোটাধিকার সম্পর্কে সচেতনতায় নেওয়া পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত জেনেছেন। নির্বাচনে ভোটারদের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে কমিশন খোঁজ নিচ্ছে। সূত্রের দাবি, জানুয়ারির প্রথম সপ্তাহে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ ত্রিপুরায় আসবে।

রাজ্য মুখ্য নির্বাচন আধিকারীকের অফিস সূত্রে জানা গিয়েছে, ৯ই নভেম্বর, ২০২২-এ প্রকাশিত খসড়া ভোটার তালিকা অনুসারে ত্রিপুরায় ২৭৩৩৮৯১ জন ভোটার রয়েছেন। তাদের মধ্যে ১৩৮০১৮১ জন পুরুষ ভোটার এবং ১৩৫৩৬৬৪ জন মহিলা ভোটার এবং ৪৬ জন তৃতীয় লিঙ্গ। ত্রিপুরায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৩৩২৮। ত্রিপুরার ভোটার জনসংখ্যার অনুপাত হল ৬৫৫, যেখানে লিঙ্গ অনুপাত হল ৯৮১। ২০১৮ সালে ভোট দেওয়ার শতাংশ ছিল ৮৯.৩৮।

এদিকে, গত বুধবার দিল্লীতে মুখ্য নির্বাচন কমিশনারের পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছিল রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীক সহ অন্যান্য আধিকারীকদের নিয়ে। বৈঠকের এজেন্ডা ছিল ত্রিপুরা বিধানসভা, ২০২৩-এর আসন্ন সাধারণ নির্বাচনের সামগ্রিক প্রস্তুতি পর্যালোচনা করা। ভারতের মুখ্য নির্বাচন কমিশনার ত্রিপুরার আধিকারিকদের চারটি গুরুত্বপূর্ণ বিষয়ে নদর দিতে নির্দেশ দিয়েছেন। এগুলি হল, (১) ত্রিপুরার ভোটার তালিকা সুস্থ, অন্তর্ভুক্তিমূলক এবং ত্রুটিমুক্ত হতে হবে। ১৮-১৯ বছর বয়সের সমস্ত নতুন ভোটারদের ৫ জানুয়ারী ২০২৩ এর আগে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। (২) ইভিএম এবং ভিভিপিএটি পরিচালনার জন্য ভারতের নির্বাচন কমিশনের নির্দেশ কঠোরভাবে অনুসরণ করতে হবে। ইভিএম এবং ভিভিপিএটি সঠিকভাবে পরিচালনার জন্য পোলিং কর্মীদের পর্যাপ্ত ☞ ৬ এর পাতায় দেখুন

## মৈত্রী সেতু দ্রুত চালুর দাবিতে সংসদে সরব বিপ্লব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** সংসদের শীতকালীন অধিবেশনে ফেনী নদীর উপর নির্মিত ভারত-বাংলাদেশ মৈত্রী সেতুর কাজ সম্পন্ন করে দ্রুত চালু করার দাবি উত্থাপন করে, সাংসদ বিপ্লব কুমার দেব। বাংলাদেশ সরকারের সাথে আলোচনাক্রমে শীঘ্রই মৈত্রী সেতু চালু করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিদেশ মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করেন তিনি।

মৈত্রী সেতু চালু হলে ত্রিপুরা সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চল উপকৃত হবে এবং দুই দেশের মধ্যে অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেছেন।

এদিন তিনি বলেন, ২০২১ সালের ৯ মার্চ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারত-বাংলাদেশের মধ্যে যোগাযোগ স্থাপনকারী ফেনী নদীর উপর নির্মিত মৈত্রী সেতুর ভার্চুয়াল উদ্বোধন করেন। কিন্তু বাংলাদেশের ল্যান্ড কাস্টম স্টেশন এখনো চালু হয়নি। যার কারণে অত্যন্ত গুরুত্বপূর্ণ এই প্রকল্পের সুফল পাওয়া যাচ্ছে না। তাঁর দাবি, ত্রিপুরা সরকার এই বিষয়ে বিদেশ মন্ত্রকের সাথে যোগাযোগ করেছে। কিন্তু মৈত্রী সেতু চালুর উদ্যোগ লক্ষ্য করা যায়নি।

তিনি বলেন, মৈত্রী সেতু চালু করার জন্য ভারতের দিক থেকে সমস্ত ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যের পৃথক স্থানে ইডির হানা, ব্যাংকে গচ্ছিত টাকাসহ বাজেয়াপ্ত বহু সম্পত্তি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** অর্থ পাচার প্রতিরোধ আইনের অধীনে মঙ্গলবার ত্রিপুরায় দুইটি স্থানে ইডি(এনফোর্সমেন্ট ডিরেক্টরেট) অভিযান চালিয়েছে। তাতে, এনডিপিএস আইনে ত্রিপুরা পুলিশের দায়ের মামলায় সুজিত সরকার, বিজয় পাল এবং পরেশ চন্দ্র রায়ের পরিবারের সদস্যের কাছ থেকে জীবন বীমা, ফিক্সড ডিপোজিট, ব্যাংকে গচ্ছিত ২ কোটি টাকা অর্থরাশি এবং সম্পত্তির নথি বাজেয়াপ্ত করা হয়েছে।

ইডি এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, আজ আগরতলা এবং সিপাহীজলা জেলায় অর্থ পাচার প্রতিরোধ আইনে (পিএমএলএ ২০০২) অভিযান চালানো হয়েছে। মাদক পাচার মামলায় তদন্তে ওই অভিযান চালানো হয়েছে।

ইডি জানিয়েছে, ত্রিপুরা পুলিশ এনডিপিএস আইনের ২২/২৯ ধারায় মাদক পাচারের তিনটি মামলা নিয়েছে। ওই মামলায় অভিযুক্ত সুজিত সরকার, বিজয় পাল এবং পরেশ চন্দ্র রায়ের পরিবারের সদস্যের বাড়িতে আজ অভিযান চালানো হয়েছে। তাঁদের বিরুদ্ধে গাঁজা মজুত, পাচার এবং বিক্রিতে সক্রিয়ভাবে জড়িত থাকার অভিযোগ রয়েছে।

ইডি আরও জানিয়েছে, তদন্তে দেখা গেছে অভিযুক্তদের ব্যাংক একাউন্ট-এ প্রচুর আর্থিক লেনদেন হয়েছে। ফলে, অভিযানে গিয়ে ব্যাংকে ২ কোটি টাকা নগদ অর্থরাশি, ফিক্সড ডিপোজিট, বীমা এবং স্থাবর সম্পত্তির হদিস মিলেছে। সমস্ত কিছুই বাজেয়াপ্ত করা হয়েছে এবং পরবর্তী তদন্ত প্রক্রিয়া জারি রয়েছে।

## স্বামীকে টাক্কাল দিয়ে কুপিয়ে খুন করল স্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২০ ডিসেম্বর।।** পারিবারিক কলহের জেরে স্ত্রী কতৃক খুন স্বামী। ঘটনা সোমবার রাতে বিলোনিয়া থানাধীন দক্ষিণ সোনাইছড়ির গোবিন্দ পাড়াতে। স্ত্রী বিশ্বমালা ত্রিপুরা নিজে কোলের শিশুসন্তান সহ তিন মেয়ে ও এক ছেলেকে নিয়ে এসে থানাতে আত্মসমর্পণ করে এবং ঘটনা বিস্তারিত ভাবে জানায়। দ্রুত ছুটে যায় বিলোনিয়া থানার পুলিশ এবং মৃতদেহ বিলোনিয়া হাসপাতালে নিয়ে আসে ময়নাতদন্তের জন্য।

জানা যায় দীর্ঘদিন ধরে স্বামী রাজবাহু ত্রিপুরা স্ত্রী বিশ্বমালা ত্রিপুরার উপর নানান অজুহাতে ছেলেমেয়েদের সামনে মারধর করতো নির্যাতন করত। অবশেষে গতকাল রাতে বিশ্বমালা ত্রিপুরা নির্যাতন সহ্য করতে না পেরে ঘরের টাক্কাল এবং লোহার রোড দিয়ে স্বামী রাজবাহু ত্রিপুরা (৪৫) উপর চড়াও হয় এবং দা দিয়ে আঘাত করে এতে ঘটনাস্থলেই মৃত্যু হয় স্বামী রাজ বাহু ত্রিপুরার।

বিলোনিয়া থানার পুলিশ এই ঘটনায় একটি হত্যা মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে। স্ত্রী টাক্কাল(দা )দিয়ে হত্যা করে স্বামীকে। স্ত্রী বিশ্বমালা ত্রিপুরা পুলিশের কাছে হত্যা কাণ্ডের ঘটনা স্বীকার করেছে। পুলিশ ঘটনাস্থল থেকে হত্যা কান্ডে ব্যবহৃত দা এবং লাঠি উদ্ধার করেছে। এই হত্যা কাণ্ডের ঘটনায় এলাকা জুড়ে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

## ভাড়া বাড়িতে উদ্ধার নার্সিং পড়ুয়া যুবতীর ঝুলন্ত মৃতদেহ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** দুর্জনগর এলাকার বাসিন্দা সাগর বর্ধনের বাড়ি থেকে উদ্ধার হয় পারমিতা পাটারী নামে এক নার্সিং পড়ুয়ার ছাত্রী ঝুলন্ত মৃতদেহ। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য বিরাজ করছে। সোমবার রাতে দুর্জনগর এলাকার বাসিন্দা সাগর বর্ধনের বাড়ি থেকে উদ্ধার হয় পারমিতা পাটারী নামে এক নার্সিং পড়ুয়ার ছাত্রী ঝুলন্ত মৃতদেহ।

ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য বিরাজ করছে। জানা যায় সোমবার পারমিতা পাটারির পরীক্ষা ছিল। কিন্তু পারমিতা দুপুর হয়ে যাওয়ার পরও ঘরের দরজা না খোলায় বাড়ির মালিকের সন্দেহ হয়। তখন বাড়ির মালিক এই বিষয়ে পারমিতার ☞ ৬ এর পাতায় দেখুন

## খোয়াইয়ে বন্ধ ঘরে এক ব্যক্তির রক্তাক্ত মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** নিজ ঘরেই রক্তাক্ত অবস্থায় এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়েছে। খোয়াই জেলায় বারোবিল এলাকায় জয়দ্বীপ দেবের রহস্য মৃত্যু নিয়ে জনমনে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। খবর পেয়ে খোয়াই থানার পুলিশ ছুটে এসে মৃতদেহ উদ্ধারের পর ময়না তদন্তের জন্য পাঠিয়েছে। আপাতত পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা নিয়ে তদন্ত শুরু করেছে।

মৃতের পরিবারের জনৈক সদস্য জানিয়েছেন, গত ১৮ ডিসেম্বর রবিবার প্রধানমন্ত্রীর জনসভায় অংশ নিতে যাওয়ার সময় গাড়িতেই অসুস্থতা বোধ করেন জয়দ্বীপ। তাই, তিনি তখনই বাড়ি ফিরে আসেন। তিনি ঘরে একাই থাকতেন। গতকাল ☞ ৬ এর পাতায় দেখুন

## চাকরির দাবীতে উপমুখ্যমন্ত্রীর বাড়িতে ধরনা দিল এসটিজিটি উত্তীর্ণ বেকাররা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** মঙ্গলবার এক সঙ্গে নিয়োগের দাবি নিয়ে শিক্ষা মন্ত্রীর পর অর্থ মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে এস টি জি টি উত্তীর্ণরা। অর্থ মন্ত্রীর সঙ্গে আলোচনায় সন্তোষ ব্যক্ত করেন এস টি জি টি উত্তীর্ণরা। চাকুরী ক্ষেত্রে সংরক্ষণ নীতি সঠিক রেখে আসন বৃদ্ধি করে নিয়োগ করার নির্দেশ দিয়েছে উচ্চ আদালত।

এই সংবাদ পাওয়ার পর মঙ্গলবার এস টি জি টি উত্তীর্ণরা শিক্ষা মন্ত্রীর বাসভবনে যান তাদের এক সঙ্গে নিয়োগ করার দাবি নিয়ে। তাদের বক্তব্য ছিল মামলা চলায় এই নিয়োগ পক্রিয়া বন্ধ ছিল। এখন সেই মামলার নিস্পত্তি ঘটেছে। আর তাই শিক্ষা মন্ত্রীর কাছ থেকে এখন সদুত্তর মিলবে বলে আশা ব্যক্ত করেন তারা। তাদের বক্তব্য শিক্ষা মন্ত্রী তাদের নিয়োগের ক্ষেত্রে কোন সদুত্তর দেয়নি।

উল্টে অর্থ দপ্তরের উপর সিদ্ধান্ত ছেড়েছেন। শেষ পর্যন্ত শিক্ষা মন্ত্রীর সঙ্গে কথা বলে হতাশ হয়ে অর্থমন্ত্রীর কাছে যান তারা। সেখানে গিয়ে এক প্রতিনিধি দল অর্থ মন্ত্রীর সঙ্গে কথা বলেন। বেশ খানিকক্ষন তাদের সঙ্গে কথা বলেন অর্থ মন্ত্রী জিষ্ণু দেববর্মা। পরে তিনি জানান তাদের মনে কষ্ট রয়েছে। তাদের বক্তব্য শুনতে হবে। এই বিষয়ে শিক্ষামন্ত্রী ও মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন। অন্যদিকে অর্থ মন্ত্রীর সঙ্গে আলোচনায় সন্তোষ ব্যক্ত করেন এস টি জি টি উত্তীর্ণরা।

## সম কাজে সম বেতনের দাবীতে ডেপুটেশন মাদ্রাসা শিক্ষকদের, বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** সম কাজে সম বেতন সহ সাত দফা দাবিতে মঙ্গলবার বিদ্যালয় শিক্ষা অধিকর্তার কাছে ডেপুটেশন দিয়েছে অল ত্রিপুরা মাদ্রাসা টিচার্স এসোসিয়েশন রাজ্য কমিটি।

এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে সংগঠনের সভাপতি আব্দুল আলিম বলেন, মাদ্রাসা শিক্ষকদের সম কাজে সম বেতন সহ সবশিক্ষা শিক্ষকদের ন্যায় সমস্ত সুযোগ সুবিধা প্রদান করা হোক। সাথে তিনি যোগ করেন, মাদ্রাসায় কর্মরত অবস্থায় শিক্ষকের মৃত্যু হলে, তাঁর পরিবারকে এককালীন ২৫ লক্ষ টাকা দিতে হবে।




এছাড়া, মাদ্রাসায় শূন্যপদ পূরণ, ত্রিপুরা এসইএমএম স্কিমের অধীনে ১২৯টি মাদ্রাসায় কর্মরত শিক্ষকসহ মাদ্রাসাকে সরকারি অনুদানের আওতায় আনার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন তিনি। তিনি হুশিয়ারি দিয়ে বলেন, দাবি পূরণ না হলে মাদ্রাসা শিক্ষকরা বৃহত্তর আন্দোলনে সামিল হবেন।

## শান্তিরবাজারে পারিবারিক বিবাদে ছুরিকাঘাতে আহত তিন, ধৃত এক

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২০ ডিসেম্বর।।** পারিবারিক বিবাদের জেরে ছুরিকাঘাতে তিন জন আহত হয়েছেন। স্থানীয় মানুষ অভিযুক্ত যুবককে হাতেনাতে ধরে উত্তম মাধ্যম দিয়ে পুলিশের হাতে তুলে দিয়েছেন। পুলিশ জানিয়েছে, আহত তিনজনের মধ্যে দুই জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁদের জি বি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। ধৃত যুবককে আজ আদালতে সোপর্দ করা হবে। দক্ষিণ ত্রিপুরা জেলায় শান্তিরবাজার বগাফা রোড এলাকায় গতকাল রাতে ওই ঘটনায় জনমনে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

শান্তিরবাজার থানার ওসি অনুপম দাস জানিয়েছেন, সোমবার রাতে বগাফা রড এলাকার বাসিন্দা রাজীব পাল পারিবারিক অনুষ্ঠান চলাকালীন গোবিন্দ পাল(৩৮), রানা দাস(২৫) এবং হরিচরণ দাস(৪৮)-কে ছুরি দিয়ে আঘাত করেন। তাঁর দাবি, স্থানীয়দের বক্তব্য অনুযায়ী রাজীব তাঁর আত্মীয় গোবিন্দ পালকে ছুরি দিয়ে আঘাত করতে গিয়েছিল। ওই সময় রানা এবং হরিচরণ তাঁকে বাঁচাতে এগিয়ে গিয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

## তেলিয়ামুড়ায় পৃথক দূর্ঘটনায় লরি চালক সহ গুরুতর আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২০ ডিসেম্বর।।** তেলিয়ামুড়া মহকুমায় একের পর এক ভয়াবহ যান দুর্ঘটনা যেন গোটা মহকুমাবাসীর মধ্যে এক প্রকার আতঙ্কের পরিবেশ সৃষ্টি করেছে। প্রায় প্রতিদিনই তেলিয়ামুড়া মহকুমার কোথাও না কোথাও ভয়াবহ যান দুর্ঘটনা লেগেই রয়েছে। আর প্রতিটি দুর্ঘটনায় গুরুতর আহত হচ্ছে এই দুর্ঘটনাগুলির কবলে পড়া মানুষ জনেরা।

এমনকি প্রাণও হারাতে হয়েছে ইদানিং কালে যান দুর্ঘটনার কবলে পরে বহু মানুষজনদের। সোমবার গভীর রাতে এবং মঙ্গলবার দিন সকাল নাগাদ ভয়াবহ দুটি যান দুর্ঘটনা ☞ ৬ এর পাতায় দেখুন

## শিক্ষক স্বল্পতা দূর করার দাবীতে স্কুলে তালা দিয়ে বিক্ষোভ প্রদর্শন করলেন ছাত্রছাত্রী ও অভিভাবকরা

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২০ ডিসেম্বর।।** মঙ্গলবার বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতার কারণে স্কুলে তালা ঝুলাল ছাত্র - ছাত্রী সহ অবিভাবকরা। জানা গেছে বর্তমানে বিলোনিয়া আর্য্য কলোনীর জুনিয়ার বিভাগে প্রথম থেকে পঞ্চম শ্রেনী পর্যন্ত মোট ছাত্র - ছাত্রীর সংখ্যা ১৫২ জন। শিক্ষক - শিক্ষিকা রয়েছেন ৬ জন। নেই প্রধান শিক্ষক। যাকে প্রধান শিক্ষকের দায়িত্বে বসানো হয়েছেন তিনি শারিরীক ভাবে প্রচন্ড অসুস্থ দীর্ঘ ছুটিতে রয়েছেন।

অন্য একজন শিক্ষককে আর্য্য কলোনী থেকে বদলি করে অন্যত্র পাঠানো হয়েছে। বর্তমানে স্কুলে




পাঁচটি ক্লাসের জন্য শিক্ষক রয়েছেন ৪ জন। এমনিতে স্কুলে পর্যাপ্ত শিক্ষক নেই যার ফলে শিক্ষকের অভাবে হয় না ক্লাস। স্কুলে শিক্ষকের দাবিতে স্কুলের ছাত্র - ছাত্রী, অবিভাবক সহ বিভিন্ন সংগঠনের তরফে শিক্ষা দপ্তর এমনকি শাসক দলের নেতাদের বলা ☞ ৬ এর পাতায় দেখুন

## কলেজ ছাত্রীকে তুলে নিয়ে হাতি পার্কে ধর্ষণ করল প্রাক্তন প্রেমিক

বিলোনীয়া

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২০ ডিসেম্বর।।** ছাত্রীকে ধর্ষণ ঘটনা। সোমবার সন্ধ্যা রাতে প্রাইভেট টিউটর সেরে অটো করে বাড়ির কাছাকাছি বিলোনিয়া বড়পাথরী সড়কের উত্তর ভারত চন্দ্র নগর যাওয়ার রাস্তার মুখে অটো থেকে নেমে ছাত্রীটি বাড়ি যাওয়ার উদ্দেশ্য রওনা হয়।

ছাত্রীটির প্রাক্তন প্রেমিক শুভঙ্কর দাস ফুসলিয়ে বাইকে করে নিয়ে যায় ঈশান চন্দ্র নগর বড়টিলা হাতি পার্ক এলাকায়। যথারীতি হাতি পার্কের দায়িত্বে থাকা অনিয়মিত শ্রমিক গেট খুলে দেয়। এই অনিয়মিত শ্রমিকের নাম সুকান্ত মুহুরী। এই অনিয়মিত শ্রমিক গেট খুলে দিলে মেয়েটিকে নিয়ে ভিতরে প্রবেশ করে শুভঙ্কর। মেয়েটিকে এর পরেই জোরপূর্বক ভাবে ধর্ষণ করে। পরবর্তী সময়ে এই মেয়েটিকে তারপর বাড়ির কাছাকাছি এনে ছেড়ে দেয়। মেয়েটি বাড়িতে গিয়েই ঘটনার বিস্তারিত তার মা কে জানায় এবং মেয়েটির রক্ত ক্ষরণও শুরু হয়।

পরবর্তী সময়ে নিয়ে আসা হয় বিলোনিয়া হাসপাতালে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় বিলোনিয়া মহিলা থানার পুলিশ। পাশাপাশি এই কলেজ ছাত্রীর অবস্থা গুরুতর হওয়ায় তাকে রেফার করা হয় জিবি হাসপাতালে। এদিকে মঙ্গলবার দুপুরে ওই কলেজ ছাত্রীর বাবা মূল অভিযুক্ত শুভঙ্কর দাসের বিরুদ্ধে মামলা করে। পাশাপাশি বন দপ্তরের অস্থায়ী কর্মচারী সুকান্ত মুহুরীর ধর্ষণে সহযোগিতা করায় তার বিরুদ্ধেও মামলা করে।

জাগরণ আগরতলা ◻ বর্ষ-৬৯ ◻ সংখ্যা ৭০ ◻ ২১ ডিসেম্বর ২০২২ইং ◻ ৫পৌষ ◻ বুধবার ◻ ১৪২৯ বঙ্গাব্দ

# ধর্মীয় স্বাধীনতা নিয়া সংকীর্ণতা কাম্য নয়

ভারতীয় সংবিধানে ধর্মীয় স্বাধীনতার অধিকার সকল ধর্মের মানুষের জন্য স্বীকৃত। যত মত তত পথ। ইহা সবাই স্বীকার করেন। সেই কারণেই ভারতীয় সংবিধানের স্বীকৃত ধর্মীয় অধিকার ভারতের জনগণ সমানভাবে পালন করিতে সক্ষম হইতেছেন। এই ধারা চিরকাল বহাল থাকিবে। ধর্মীয় স্বাধীনতার ওপর যাহাতে কোন ধরনের আঘাত আসিতে না পারে সেজন্যই ভারতীয় সংবিধানে সকল ধর্মের মানুষের অধিকার স্বীকৃত। এই অধিকার সুরক্ষার জন্য জাতি ধর্ম বর্ণ রাজনৈতিক নেতা সহ সকলকে সহমর্মিতার মানসিকতা নিয়ে অগ্রসর হইতে হইবে। তাহা সম্ভব হইলে কোনদিনই ধর্ম নিয়ে কোন ধরনের সংঘাত ঘটিবে না। সংকীর্ণ রাজনৈতিক চিন্তাধারা নিয়া ধর্মীয় বিবাদ ঘটাইবার যে কোন প্রয়াস নিন্দনীয়। সংকীর্ণ চিন্তাধারা বাদ দিয়া দেশ ও দেশবাসীর সার্বিক স্বার্থ ও সার্বভৌমত্বের কথা মাথায় রাখিয়া ভারতীয় সংবিধানের স্বীকৃত ধর্মীয় অধিকারকে রক্ষা করিতে হইবে।

ভারতবর্ষ শাশ্বত সনাতন ধর্মের দেশ। তাহার অমূল্য সম্পদ আধ্যাত্মিকতা। ভারতের এই অধ্যাত্ম-সম্পদ বিশ্বের দরবারে বহন করিয়া নিয়া গিয়াছিলেন স্বামীজী, এবং অভেদানন্দজী তাহা দ্বারে দ্বারে পৌঁছাইয়া দিয়াছিলেন। এ সম্বন্ধে প্রত্যক্ষদর্শী অধ্যাপক বিনয়কুমার সরকারের ভাষায়"এই দুই বঙ্গবীরের মারফৎ ভারতমাতা দুনিয়ায় রপ্তানি করিয়াছিল রক্ত-মাংসের স্বধর্ম, শক্তিযোগ, দিগ্বিজয়ের সাধনা। বিবেক-অভেদ সেকেলিবাসী ভারতের সওদাগর নন। এই দুই বঙ্গবীর তাজা-রক্ত-মাংসওয়ালা করিৎকর্মা জীবনের ভারতীয় প্রতিনিধি।' তবে ভারতের বেদান্ত-প্রচার পাশ্চাত্যে এখানেই শেষ হইয়া যায়নি। বরং বলা যাইতে পারে, স্বামীজীর মধ্য দিয়ে যে কর্মপ্রবাহের সূত্রপাত হইয়াছিল, তাহা অভেদানন্দজীর মাধ্যমে পঁচিশ বৎসর ধরিয়া প্রবাহিত হইয়া পরিপূর্ণ রূপরেখায় পরিণত হইয়ছিল এবং বর্তমানে সেই কর্মসাফল্যেরই পরিণতিস্বরূপ শ্রীরামকৃষ্ণ-ভাবপ্রচার-সমিতির মধ্য দিয়া কার্যধারা অব্যাহত রহিয়াছে। একথার প্রত্যক্ষ প্রতিবেদক ও রামকৃষ্ণ-ভাবান্দোলনের অন্যতম প্রধান প্রবীণ প্রচারক-ধারক-বাহক স্বামী গহনানন্দজী মহারাজ তাঁহার সম্প্রতি পাশ্চাত্য অভিযানের অভিজ্ঞতা থেকে বলিয়াছেন: "শ্রীরামকৃষ্ণের সাক্ষাৎ শিষ্যদের মধ্যে প্রথমে স্বামী বিবেকানন্দ, পরে অল্পকালের জন্য স্বামী সারদানন্দজী, স্বামী তুরীয়ানন্দ, স্বামী ত্রিগুণাতীতানন্দ ও সুদীর্ঘকাল ধরিয়াষ স্বামী অভেদানন্দ পাশ্চাত্যে বেদান্ত-প্রচারের ধারা প্রবর্তন করিয়াছিলেন, এবং বিভিন্ন সময়ে তাঁহাদের সহকারীরূপে স্বামী নির্মলানন্দ, স্বামী বোধানন্দ ও স্বামী পরমানন্দ প্রমুখ ছিলেন, এবং পরম্পরাক্রমে আমাদের সন্ন্যাসীরা প্রায় সেই ধারাই অনুসরণ করিয়া চলিয়াছেন"।

স্বামী অভেদানন্দজী শুধু প্রচারক ছিলেন না; পরন্তু অধ্যাত্মজগতের একচ্ছত্রপতি রাজা ছিলেন। তাঁহার জীবনের সিংহভাগ সময় বেদান্ত-প্রচার কার্যে অতিবাহিত হয় বলিয়াই ত্যাগ-তপস্যার কথা কুসুমাস্তীর্ণ হইয় পড়ে। তিনি যখনই সময় ও সুযোগ পাইয়াছেন তখনই তপস্যায় বেরিয়া পড়িয়াছেন। তাঁহার আধ্যাত্মিকতা সম্বন্ধে রামকৃষ্ণ সাম্রাজ্যের রাজা স্বামী ব্রহ্মানন্দজী মহারাজ বলিয়াছেন: "কালী যখন তাহার বাইরের কাজ কমাইয়া দিবে, তখনই তাহার আধ্যাত্মিক-শক্তির বিকাশ লোকে বুঝিতে পারিবে।" একথা পরবর্তীকালে তাঁহার বক্তৃতাবলীর মধ্যে বেশ আভাষ পাওয়া যায়। তবে তাঁহার বিশাল কর্মপ্রবাহের জন্য তিনি প্রচারক হিসাবেই প্রতিষ্ঠিত। শ্রীরামকৃষ্ণ-পার্ষদের মধ্যে স্বহস্তে রামকৃষ্ণ সাহিত্য রচনায় স্বামী সারদানন্দজী যেমনি অসাধারণ, ঠিক তেমনি স্বহস্তে বেদান্ত-সাহিত্য রচনায় স্বামী অভেদানন্দজীও অনন্যসাধারণ ও অপ্রতিদ্বন্দ্বী। অবশ্য স্বামী বিবেকানন্দের বক্তৃতাবলীর মধ্যেও অনেক বেদান্ত-সাহিত্যের পরিচয় পাওয়া যায়। স্বামীজীর মতো অভেদানন্দজীর মধ্যেও বহুমুখী প্রতিভাসম্পন্ন এক ব্যক্তিত্বশালী আচার্যের আলোক পরিলক্ষিত হয়; এবং সে আলোকে পাশ্চাত্যের বড় বড় বিদ্বান্ ও মহান ব্যক্তিত্বরা হইয়াছে প্রভাবান্বিত। দার্শনিক, বিজ্ঞানী, মনোবিজ্ঞানী, চিত্রকর, সাহিত্যিক, কবি থেকে আরম্ভ করিয়া সকল শ্রেণীর মানুষ তাঁহার বক্তৃতায় হইয়াছে মন্ত্রমুগ্ধ। সুতরাং তাঁহার এ বেদান্ত প্রচার সর্বার্থে সার্থক।

## বাজরা দিয়ে তৈরি খাবার দিয়ে মধ্যাহ্নভোজ সারলেন প্রধানমন্ত্রী, খেলেন সাংসদরাও

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.): বাজরা দিয়ে তৈরি খাবার খেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মঙ্গলবার দুপুরে বাজরা দিয়ে তৈরি খাবার খেয়ে মধ্যাহ্নভোজ সারেন প্রধানমন্ত্রী। একই খাবার খেয়েছেন সাংসদরাও। 'বাজরা বছর ২০২৩' উপলক্ষ্যে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমরের আয়োজনে মঙ্গলবার দুপুরে বাজরা দিয়ে খাবার খান প্রধানমন্ত্রী ও অন্যান্য সাংসদরা।

অনুষ্ঠানে প্রায় ৪০ মিনিট উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী। মোদীর সঙ্গে বসে বাজরা দিয়ে তৈরি খাবার খেয়েছেন কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, উপ-রাষ্ট্রপতি ও রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখর, প্রাক্তন প্রধানমন্ত্রী এইচ ডি দেবেগৌরা। একই খাবার খেয়েছেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাও।

## আদালতের তিরস্কারের পর ক্ষতিপূরণ পেল হাঁসখালি কাণ্ডে নির্যাতিতার পরিবার

কলকাতা, ২০ ডিসেম্বর (হি.স.): কলকাতা হাইকোর্টের হস্তক্ষেপের পর অবশেষে আর্থিক ক্ষতিপূরণ পেল নাদিয়ার হাঁসখালি কাণ্ডে নির্যাতিতার পরিবার।

যে সংস্থাকে ক্ষতিপূরণ দেওয়ার দায়িত্ব দেওয়া হয়েছিল, সেই সংস্থাই গত আট মাস ধরে তারিখের পর তারিখ নিচ্ছে, যার জন্য নির্যাতিতার পরিবারের পক্ষ থেকে আপত্তি তোলা হয়েছে। সোমবার এ বিষয়ে হাইকোর্টের আইনি সেবা কর্তৃপক্ষকে তিরস্কার করেন হাইকোর্ট। এর ২৪ ঘণ্টার মধ্যে মঙ্গলবার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ থেকে আদালতে বলা হয়, সোমবারই নিহতের পরিবারকে পাঁচ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। মঙ্গলবার প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব ও রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চে এই তথ্য জানানো হয়।

প্রসঙ্গত, চলতি বছরের এপ্রিল মাসে হাঁসখালিতে এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ ওঠে স্থানীয় তৃণমূল নেতা সমর গয়ালির ছেলে ব্রজগোপালের বিরুদ্ধে। দীর্ঘ টালবাহানার পর তাকে গ্রেফতার করে হাসখালি থানা। তার বিরুদ্ধে ধর্ষণ, খুন-সহ কয়েকটি ধারায় মামলা রুজু হয়। পকসো আইনেও মামলা দায়ের হয় ওই নাবালকের বিরুদ্ধে। ধর্ষিতার পরিবারের অভিযোগ ছিল, ওই তৃণমূল নেতা প্রভাব খাটিয়ে তাঁদের মুখ বন্ধ করতে বলেন। ঘটনার ৪ দিন পর চাইল্ড লাইনের সহযোগিতায় থানায় অভিযোগ দায়ের করেন নির্যাতিতার বাবা-মা। ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক টানাপোড়েন শুরু হয়। রাণাঘাটের বিজেপি সাংসদ জগন্নাথ সরকারের অভিযোগ ছিল, প্রভাবশালী তৃণমূল নেতার ছেলেকে আড়াল করতে আগে থেকেই নাবালিকার দেহ পুড়িয়ে দেওয়া হয়। যদিও পরবর্তীতে পুলিশ এই অভিযোগ অস্বীকার করে। পুলিশের পাল্টা দাবি, মেয়ের পরিবারের অভিযোগের ভিত্তিতেই গ্রেফতার করা হয়েছে ব্রজগোপালকে।

কেন আট মাস পিছিয়ে আছে তা জানতে চেয়েছেন আদালত। যে সংস্থাকে ক্ষতিপূরণের দায়িত্ব দেওয়া হয়, তাঁরা বারবার শুনানি পিছনোর আবেদন জানিয়েছে কলকাতা হাইকোর্টে। চলতি সপ্তাহের শুরুতেই তার উল্লেখ করে রাজ্য সরকারকে ভর্ৎসনা করেন প্রধান বিচারপতি। তার ২৪ ঘন্টার মধ্যেই ক্ষতিপূরণের টাকা দেওয়া হয় বলে এদিন হাইকোর্টে জানায় রাজ্য সরকার।

# নারী নেতৃত্বে বিশ্বে আস্থা কমছে

**বিশেষ প্রতিবেদন।।** সারা বিশ্বে বড় বড় কোম্পানির নেতৃত্ব পর্যায়ে নারীদের সংখ্যা আগের যেকোনো সময়ের চেয়ে বেড়েছে। কিন্তু কর্মক্ষেত্রে এ সংখ্যা বাড়লেও গবেষণায় যে চিত্র উঠে এসেছে, তা মোটেই সুখকর নয়। গবেষণা বলছে, কর্মক্ষেত্রে নারী নেতৃত্বের প্রতি আস্থা কমে যাচ্ছে। গত নভেম্বরে প্রকাশিত 'দ্য রিকজাভিক ইনডেস্ক ফর লিডারশিপ' শীর্ষক গবেষণা জরিপে নারী-পুরুষ নেতৃত্বকে কীভাবে দেখা হয়, তার তুলনামূলক একটি চিত্র পাওয়া গেছে। জরিপে বলা হয়েছে, গত বছরের তুলনায় নারী নেতৃত্বের প্রতি আস্থা উল্লেখযোগ্য হারে কমে গেছে। তথ্যপ্রমাণের ভিত্তিতে পাবলিক পলিসি বিজনেস-বিষয়ক পরামর্শক প্রতিষ্ঠান কান্টার পাবলিক ২০১৮ সাল থেকে এ নিয়ে তথ্য সংগ্রহ শুরু করে। তখন থেকেই দেখা যায়, নারী নেতৃত্বের প্রতি আস্থা কমতে শুরু করছে। জি-৭-ভুক্ত কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে জরিপে অংশ নেওয়া ব্যক্তিদের অর্ধেকেরও কম (৪৭ শতাংশ) উত্তরদাতা বলেছেন, তাঁদের দেশে বড় কোম্পানির প্রধান নির্বাহী (সিইও) হিসেবে নারী থাকায় তাঁরা বেশ আরামে কাজ করতে পেরেছেন। এর এক বছর আগেও এ হার ছিল ৫৪ শতাংশ। এখন এ দিক থেকে পুরুষেরা এগিয়ে আছেন। প্রতি ১০ জন উত্তরদাতাদের মধ্যে একজন বলেছেন, কোম্পানির নারী সিইও থাকলে তাঁরা কাজ করতে স্বাচ্ছন্দ্যবোধ করবেন না। নারী রাজনৈতিক নেতাদের ক্ষেত্রেও একই ঘটনা ঘটেছে। সারা বিশ্বে নারী রাজনৈতিক নেতাদের প্রতি আস্থা হারাচ্ছে জনগণ। ২০২১ সালে জি-৭-ভুক্ত দেশের ৪৫ শতাংশ উত্তরদাতা বলেছেন, তাঁদের দেশে সরকার প্রধান নারী থাকায় তাঁরা বেশ স্বাচ্ছন্দ্যবোধ করতেন। কিন্তু এর আগের বছর এ হার ছিল ৫২ শতাংশ। করোনা মহামারির কারণে অনেক নারী কর্মক্ষেত্র ছেড়ে সন্তান লালন-পালন ও ঘরের কাজে ফিরে গেছেন। এ কারণে পুরোনো প্রথা আবার মাথাচাড়া দিচ্ছে।নারী নেতৃত্বের প্রতি আস্থা কমে যাওয়ায় অনেকে হতাশ হয়েছেন। আবার গবেষণার এমন ফল নিয়ে শিক্ষাবিদ ও নেতৃত্ব নিয়ে কাজ করা বিশেষজ্ঞরা নানা তত্ত্ব দিয়েছেন। তাঁরা প্রায় সবাই সতর্ক করে বলেছেন, কোম্পানি বা প্রতিষ্ঠানের প্রতিটি স্তরে আস্থার ব্যবধান কমিয়ে আনতে হবে। সিইও হিসেবে নারীদের প্রতি আস্থা কমে যাওয়ার নানা ব্যাখ্যা দিয়েছেন বিশ্লেষকেরা। কিছু বিশেষজ্ঞ যুক্তি দিয়েছেন, বর্তমান বিশ্বের রাজনৈতিক পরিস্থিতি ও করোনা মহামারির কারণে প্রতিষ্ঠানের আচরণে পরিবর্তন এসেছে। আর এ পরিবর্তন লিঙ্গবৈষম্যের ওপর দারুণ প্রভাব ফেলছে। যুক্তরাষ্ট্রে ম্যাসাচুসেটসের ব্যবসন কলেজের অর্গানাইজেশনাল বিহেভিয়র বিষয়ের অধ্যাপক ডানা গ্রিনবার্গ বলেন, করোনা মহামারির কারণে অনেক নারী কর্মক্ষেত্র ছেড়ে সন্তান লালন-পালন ও ঘরের কাজে ফিরে গেছেন। এতে পুরোনো প্রথা আবার মাথাচাড়া দিয়ে উঠছে, যা নারী নেতৃত্বের প্রতি আস্থা হারানোয় প্রভাব ফেলছে। এতে নারীদের প্রতি পক্ষপাত সামাজিকভাবে আরও গ্রহণযোগ্য হয়ে উঠছে।



আমরা হয়তো একটি অর্থনৈতিক মন্দার দিকে এগিয়ে যাচ্ছি। এটা খুব ভয়ের একটি সময়। ভয় আমাদের সেই নিরাপদের দিকে এগিয়ে যেতে সহায়তা করে, যা আমাদের ঐতিহ্যগতভাবে শেখানো হয়েছে। আর এমন সময় যখন নেতৃত্বের প্রশ্ন আসে, তখন স্বাভাবিকভাবেই পুরুষের প্রসঙ্গ আসে। ডানা গ্রিনবার্গ বলেন, 'আমরা হয়তো একটি অর্থনৈতিক মন্দার দিকে এগিয়ে যাচ্ছি। এটা খুব ভয়ের একটি সময়। ভয় আমাদের সেই নিরাপদের দিকে এগিয়ে যেতে সহায়তা করে, যা আমাদের ঐতিহ্যগতভাবে শেখানো হয়েছে। আর এমন সময় যখন নেতৃত্বের প্রশ্ন আসে, তখন স্বাভাবিকভাবেই পুরুষের প্রসঙ্গ আসে।'১৪ হাজার মানুষের অংশগ্রহণে কান্টার পাবলিক সমীক্ষার বৈশ্বিক তথ্য, রিকজাভিক গ্লোবাল ফোরামের বার্ষিক সম্মেলন ও উইমেন পলিটিক্যাল লিডারস নেটওয়ার্কের যৌথ এক জরিপেও দেখা গেছে, নারী নেতৃত্বের প্রতি আস্থা আগের তুলনায় অনেক কমে গেছে। কিছু দেশের বিশেষজ্ঞদের ধারণা, নারী নেতৃত্বের প্রতি আস্থা কমে যাওয়ার রাজনৈতিক কারণও থাকতে পারে। কান্টার পাবলিকের গ্লোবাল সিইও মিশেল হ্যারিসন বলেন, 'যদি আপনি একটি জাতীয় সংলাপে নারীদের নিজস্ব স্বাস্থ্যসেবার নিয়ন্ত্রণ নেওয়ার অনুমতি দেওয়া উচিত কি না, এ বিষয়ে আলোচনা করতে যান, তাহলে এর থেকে আর আপনি কী আশা করতে পারেন?'দ্য রিকজাভিক ইনডেস্ক ফর লিডারশিপের তথ্য বলছে, জাপান, জার্মানিসহ বেশ কিছু দেশে বয়স্কদের তুলনায় তরুণেরা কম প্রগতিশীল। বিশেষজ্ঞদের মতে, এর অর্থএই তরুণদের নারী নেতৃত্বের প্রতি আস্থা রাখার সম্ভাবনা অনেক কম। গত জুনে মার্কিন সুপ্রিম কোর্টে গর্ভপাতের অধিকার দেওয়া প্রায় পাঁচ দশকের পুরোনো একটি আইন বাতিল করে রায় দেওয়ার বিষয়ের উল্লেখ করে মিশেল বলেন, নারীদের প্রজনন অধিকারের মতো ব্যক্তিগত বিষয় নিয়ে যখন জনসমক্ষে প্রশ্ন করা হয়, তখন এটাই প্রমাণ হয়, তাঁর নিজের জীবনে যেকোনো কিছু করার অধিকার নেই। সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নারীদের আচরণ নিয়ে নানা মন্তব্য করে বিতর্কিত হয়েছিলেন। সামাজিক যোগাযোগ মাধ্যমেও নারীদের নিয়ে নেতিবাচক মন্তব্য করার প্রবণতা বেড়েছে। গবেষণায় দেখা গেছে, অনলাইনে নারীদের প্রতি বিদ্বেষপূর্ণ মন্তব্যের হার গত পাঁচ বছরে বেড়েছে।ব্রিটিশ লেখক ও গবেষক লরা বেটস তাঁর ২০২০ সালে প্রকাশিত 'মেন হু হেইট উইমেন' বইয়ে লিখেছেন, অনলাইনে বিষয়বস্তুর এমন প্রাধান্য নারীর প্রতি সহিংসতামূলক বা নারীর প্রতি সহিংসতাকে উৎসাহিত করে। এসব বিষয় দৈনন্দিন জীবনে যৌন সংস্কৃতির দিকে সরাসরি ইঙ্গিত করে। ২০২১ সালে মার্কিন সেনাদের ওপর পরিচালিত একটি গবেষণায় শিক্ষাবিদ কাইলিন হান্টার ও এমা জুয়েন দেখেছেন, যুদ্ধের জন্য দৈহিক সামর্থ্য ও নারীদের ওপর এর নেতিবাচক প্রভাব সম্পর্কে ভুল তথ্য ছড়ানোর জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম দায়ী। যুক্তরাজ্যের দাতব্য সংস্থা হোপ নট হেইটের ২০২০ সালের এক গবেষণায় দেখা গেছে, বয়স্কদের তুলনায় তরুণ প্রজন্মের প্রগতিশীল দৃষ্টিভঙ্গি বেশি। সমীক্ষায় অংশ নেওয়া তরুণদের অর্ধেক বলেছেন, নারীবাদ বিষয়টি এখন 'অনেক দূরে' চলে গেছে বলে তাঁরা অনুভব করেন। তবে দ্য রিকজাভিক ইনডেস্ক ফর লিডারশিপের তথ্য বলছে, জাপান, জার্মানিসহ বেশ কিছু দেশে বয়স্কদের তুলনায় তরুণেরা কম প্রগতিশীল। বিশেষজ্ঞদের মতে, এর অর্থএই তরুণদের নারী নেতৃত্বের প্রতি আস্থা রাখার সম্ভাবনা অনেক কম। নারী নেতৃত্বের প্রতি আস্থা কমে যাওয়ার আরেকটি তত্ত্ব হলো ক্ষমতার কেন্দ্রে অনেক বেশি নারী থাকায় নারীদের প্রতি নেতিবাচক মনোভাব আগের চেয়ে বেড়েছে। বিশ্বের শীর্ষ প্রতিষ্ঠানের সিইও ও কর্মক্ষেত্রে নারীদের নিয়ে কাজ করা বৈশ্বিক অলাভজনক প্রতিষ্ঠান ক্যাটালিস্টের ইউরোপ, মধ্যপ্রাচ্য ও আফ্রিকার নির্বাহী পরিচালক অ্যালিসন জিমারম্যান বলেন, ঐতিহাসিকভাবে কর্মক্ষেত্র ও সরকার মূলত পুরুষের নিয়ন্ত্রণে ছিল। আর এ সংস্কৃতিও পুরুষেরা তৈরি করেছে। সংস্কৃতি বা আদর্শের ব্যতিক্রম যেকোনো কিছুতে মানুষের আস্থা কম। ২০২০ সালে পিউ রিসার্চ সেন্টারের এক গবেষণায় দেখা গেছে, আমেরিকার প্রতি তিন পুরুষের একজন বিশ্বাস করেন, সমাজে লিঙ্গসমতার কারণে নারীদের যে লাভ হয়েছে, তা মূলত পুরুষের কারণেই হয়েছে। ২০২০ সালে পিউ রিসার্চ সেন্টারের এক গবেষণায় দেখা গেছে, আমেরিকার প্রতি তিন পুরুষের একজন বিশ্বাস করেন, সমাজে লিঙ্গসমতার কারণে নারীদের যে লাভ হয়েছে, তা মূলত পুরুষের কারণেই হয়েছে। ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া, বার্কলের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের সহযোগী অধ্যাপক সেসিলিয়া হিউনজাং মো পৃথক এক গবেষণায় এমন তথ্য পেয়েছেন। সম্প্রতি দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'আপনি যদি বিশ্বাস করতে শুরু করেন, অন্যান্য গোষ্ঠী আপনাকে ছাড়িয়ে যাচ্ছে, আপনাদের থেকে ভালো কাজ করছে, তাহলে ধরে নেবেন, আপনি অন্যান্য গোষ্ঠীর ওপর অসন্তুষ্ট হতে শুরু করেছেন।'নারী নেতৃত্ব নিয়ে কাজ করা মার্কিন প্রতিষ্ঠান হাউ উইমেন লিডের সভাপতি ও সিইও জুলি কাস্ত্রো আব্রামস বলেন, সমাজ কীভাবে নারী নেতাদের দেখে, সেটা একটা বিষয়। তিনি আরও বলেন, 'আমরা নারীদের ভিলেন হিসেবে দেখতে পছন্দ করি। এটা আমাদের সংস্কৃতির অংশ। নেতৃত্বের পর্যায়ে যখন আরও বেশি নারী আসেন, তখন সেই আচরণ বেরিয়ে আসতে শুরু করে। কারণ, এত দিন আমরা যা জেনে-শিখে এসেছি, নেতৃত্বে থাকা একজন নারী তা উল্টে দেয়। মানুষ নারীদের ব্যর্থ দেখতে পছন্দ করে।'জুলি কাস্ত্রো আব্রামস আরও বলেন, ক্ষমতায় থেকে যখন একজন নারী ব্যর্থ হন, তখন কেন নেতৃত্বে নারী থাকা উচিত নয়, এ বিষয় তাঁকে চারপাশ থেকে বোঝানো হয়। মার্কিন নির্বাচনে যখন ডোনাল্ড ট্রাম্পের কাছে হিলারি ক্লিনটন হেরে গেলেন, তখন অনেক গণমাধ্যম প্রশ্ন তুলেছিল, আমেরিকা সত্যিই নারী প্রেসিডেন্টের জন্য প্রস্তুত কি না। মার্কিন জনহিতৈষী গবেষণা সংস্থা দ্য রকফেলার ফাউন্ডেশন ২০১৬ সালে একটি গবেষণা করে। এতে দেখা গেছে, কোনো নারী সিইওর কোম্পানি সমস্যায় পড়লে সে জন্য ওই নারীকেই দায়ী করা হয়। পুরুষ সিইওর ক্ষেত্রে এমনটা করা হয় না। যত বেশি নারী সফলভাবে নেতৃত্বে থাকবেন, তত বেশি তাঁর ব্যক্তিগত বিষয় নিয়ে সমালোচনা করা হয়। সম্প্রতি রক্ত পরীক্ষার প্রযুক্তির বিষয়ে ভুল তথ্য দেওয়ার অভিযোগে থেরানোস নামের মার্কিন বায়োটেকনোলজি কোম্পানির প্রতিষ্ঠাতা এলিজাবেথ হোমসকে কারাদণ্ড দেওয়া হয়েছে। অনেকেই বলছেন, এলিজাবেথ নারী বলেই তাঁর সঙ্গে এমন আচরণ করা হয়েছে। কারণ, অন্য টেক স্টার্টআপ প্রতিষ্ঠানের সিইওরা অন্যায় করেও এমন সাজার মুখোমুখি হননি। আমরা নারীদের ভিলেন হিসেবে দেখতে পছন্দ করি। এটা আমাদের সংস্কৃতির অংশ। নেতৃত্বের পর্যায়ে যখন আরও বেশি নারী আসেন, তখন সেই আচরণ বেরিয়ে আসতে শুরু করে। কারণ, এত দিন আমরা যা জেনে-শিখে এসেছি, নেতৃত্বে থাকা একজন নারী তা উল্টে দেয়। মানুষ নারীদের ব্যর্থ দেখতে পছন্দ করে।'গবেষণায় দেখা গেছে, যখন কোনো প্রতিষ্ঠানে অস্থিরতা বা ব্যর্থতা দেখা দেয়, তখন সেখানে নারী সিইও নিয়োগ দেওয়ার চেষ্টা করা হয়। বিষয়টি 'গ্লাস ক্লিফ' নামে পরিচিত। গত অক্টোবরে যুক্তরাষ্ট্রের জনপ্রিয় রিটেইল চেইন স্টোর বেড বাথ অ্যান্ড বিয়ন্ডের স্টকের দাম কমে যাওয়ায় সেখানে একজন নারী সিইও নিয়োগ দেওয়া হয়। লস অ্যাঞ্জেলেসে মানুষ দীর্ঘদিন গৃহহীন সমস্যা ও দুর্নীতির বিরুদ্ধে লড়াই করেছেন। শেষমেশ সম্প্রতি তাঁরা নারী মেয়র হিসেবে কারেন বাসকে নির্বাচিত করেন। আর 'গ্লাস ক্লিফ' ধারণার উদাহরণ হলেন যুক্তরাজ্যের সাবেক প্রধানমন্ত্রী লিজ ট্রাস। দেশটির নড়বড়ে অর্থনৈতিক ও রাজনৈতিক অস্থিরতার মধ্যে নারী প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হয়েছিলেন তিনি। পরে পদত্যাগও করেন। এসব ব্যর্থতার ঘটনায় নারী নেতৃত্বের প্রতি আস্থা আরও কমে যায়। অনেক কর্মক্ষেত্র ও সংস্কৃতিতে লিঙ্গবৈষম্য বা পক্ষপাতপূর্ণ দৃষ্টিভঙ্গি গভীরভাবে আছে। এর সমাধান এক দিনে হবে না। তবে আশার কথা যাচ্ছে, বড় বড় প্রতিষ্ঠানে গতি ধীর হলেও নারী নেতৃত্ব ক্রমশ বাড়ছে। আর নারী নেতৃত্বের প্রতি আস্থাও ধীরে ধীরে বাড়বে। কান্টার পাবলিকের গ্লোবাল সিইও মিশেল হ্যারিসন বলেন, 'সর্বশেষ তথ্য সত্যিই হতাশাজনক। তবে আমি আশাবাদী হওয়ার উপায় খুঁজে পেতে কাজ করে যাচ্ছি।'মিশেল হ্যারিসন আরও বলেন, 'এটা কোনো নির্দিষ্ট লিঙ্গের ব্যক্তির ভূমিকার বিষয় নয়। নারী বা পুরুষ নেতৃত্ব ঠিক করার বিষয়ও এটি নয়। এটি মূলত আমাদের সমাজের ভেতরে থাকা নিয়মনীতি ও মূল্যবোধ পরিবর্তনের বিষয়। কিন্তু এ মুহূর্তে সেটা সম্ভব হবে না।' বিশেষজ্ঞরা বলছেন, রাজনৈতিক পরিবর্তন ও আর্থসামাজিক কারণ সম্ভবত ভবিষ্যতে এ বিশ্বাসের গতিপথ নির্ধারণ করবে।

# রাজীব সরকারের রবীন্দ্রনাথ, সত্যজিৎ ও অন্যান্য

**হুমায়ূন মালিক**

গবেষক, রম্য লেখক রাজীব সরকারের সম্প্রতি প্রকাশিত প্রবন্ধগ্রন্থ রবীন্দ্রনাথ, সত্যজিৎ ও বিবিধ প্রসঙ্গ। গ্রন্থে রবীন্দ্রনাথকে নিয়ে প্রবন্ধ রয়েছে চারটি। এসব প্রবন্ধে বহুল চর্চিত রবীন্দ্রনাথকে তিনি নতুনভাবে উন্মোচনের সফল প্রয়াস রেখেছেন। প্রসঙ্গত 'গোরা: চিরায়ত মহাকাব্যিক উপন্যাস' এর বিষয়ে বলা যাক। গোরা যে এখনো সমকালীন সামাজিক প্রেক্ষিত বিচারে প্রাসঙ্গিক এবং তা যে কেবল ভারতীয় সমাজকে তুলে ধরে বাংলা সাহিত্যেরই এক সেরা উপন্যাস নয়, বিশ্বসাহিত্যে গুরুত্বপূর্ণ এক আসন পেতে পারে তা তিনি তথ্য-উপাত্তের আলোকে প্রমাণ করতে পেরেছেন।

রবীন্দ্রনাথ কতটা গভীরভাবে, সূক্ষ্মভাবে নানা প্রাকৃতিক দুর্যোগ, মহামারি পর্যবেক্ষণ করেছেন, তার প্রেক্ষিতে জনস্বাস্থ্যকে বিবেচনা করেছেন এবং তা আজও কতটা প্রাসঙ্গিক, তার গুরুত্বপূর্ণ মূল্যায়ন 'মহামারি, জনস্বাস্থ্য, রবীন্দ্রনাথ'।

রাজীব সরকার নিজে একজন তার্কিক এবং সাংগঠনিকভাবেও তিনি এর সঙ্গে জড়িত। তার এ প্রত্যক্ষ অভিজ্ঞতা, তার চিন্তা ও গবেষণার ক্ষেত্রে বিশেষ এক ভূমিকা রাখে বলে মনে হয়-তিনি তার গবেষণার বিষয়কে তার্কিকের দ্বান্দ্বিক দৃষ্টিকোণ থেকে দেখেন এবং সত্য আবিষ্কারে প্রয়াসী হন। 'ধর্মীয় সহিষ্ণুতাই সভ্যতার রক্ষাকবচ', 'সকলেই পাঠক নয়, কেউ কেউ পাঠক', 'সামাজিক যোগাযোগ মাধ্যমের অসামাজিকতা' প্রভৃতি প্রবন্ধ তার উজ্জ্বল উদাহরণ। এসব প্রবন্ধে রাজীব তার গবেষণায় অনুপঙ্খ বিশ্লেষণের মাধ্যমে সিদ্ধান্তে পৌঁছেন এবং যে সিদ্ধান্ত তার নিজস্ব। অনন্য আহমদ শরীফকে নিয়ে প্রবন্ধ 'আহমদ শরীফের ইহজাগতিকতা'। ইহজাগতিকতার একটি আভিধানিক তথা টার্মিনলজিক্যাল মিনিং আছে। রাজীব সরকার তা বিবেচনায় রেখেই আহমদ শরীফের মূল্যায়ন করেছেন এবং তার ইহজাগতিকতার এক তাৎপর্যপূর্ণ ব্যাখ্যা দাঁড় করিয়েছেন।

একইভাবে রাজীব সরকার রবীন্দ্রনাথ, সত্যজিৎ ও বিবিধ প্রসঙ্গ গ্রন্থে সত্যজিৎ, যতীন সরকার, শিবনারায়ণ রায়, এন্ড্রু কিশোরের মতো ব্যক্তিত্বের জীবন ও কর্মের তাৎপর্যপূর্ণ দিকগুলো আপন উদ্ভাবনী ক্ষমতায় উন্মোচিত করেছেন, সরকার এবং দাবি করা যায়, তাদের নতুনভাবে বোঝার জায়গায় এনে দাঁড় করিয়েছেন। রাজীব সরকার তাদের রচনা, আন্দোলন, প্রাতিষ্ঠানিক কর্মযজ্ঞকেই কেবল তার এসব প্রবন্ধে বিশেষ গুরুত্ব দেননি, গুরুত্ব দিয়েছেন তাদের জীবনাচরণকেও এবং তা তাদের প্রাপ্যতার বিবেচনায়ই। যাদের বিষয়ে বিস্তৃত গবেষণা বা গবেষণাগ্রন্থ রচিত হয়েছে বা হতে পারে, তাদের অনেকের বিষয়ে তিনি এ গ্রন্থে সংক্ষিপ্ত প্রবন্ধ রচনা করেছেন বা কোনো প্রবন্ধে বিশেষভাবে আলোচনায় এনেছেন বা তার কোনো বিশেষ দিক নিয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লিখেছেন। তবে এসব প্রবন্ধ গবেষকের গভীর চিন্তা, দৃষ্টিভঙ্গি এবং প্রজ্ঞার ফসল বলে বিবেচনা করা যায়। প্রকৃতপক্ষে তিনি তার ইনটুইশানকে প্রয়োগ করেছেন লেখক-চিন্তাবিদ-সমাজ সংস্কারক, চলচ্চিত্রকার, গায়ক, সম্পাদকদের প্রতিভা ও কর্মের মূল্যায়নে, যাদের মূল্যায়নে তার দৃষ্টিভঙ্গি বিশেষ সহায়ক হয়েছে এবং তা দিয়ে তিনি তাদের নতুনভাবে উন্মোচিত করতে পেরেছেন। সৃজনশীলতার ক্ষেত্রে, যেমন কবিতা, গল্প-উপন্যাস, আমাদের সাহিত্য যতটা সমৃদ্ধ, এমনকি বিশ্ব মানদণ্ডে, চিন্তা বা মননশীলতার ক্ষেত্রে ততটা নয়। এ ক্ষেত্রে নিবেদিত মানুষ বিরল। রাজীব সরকার তার পঠন-পাঠন, চিন্তা, প্রজ্ঞা, সাধনায় আমাদের সমকালীন গবেষণার ক্ষেত্রে উজ্জ্বল স্বাক্ষর রাখছেন, তার এ যাত্রা, তার সামর্থ্য তাকে এক অনন্য গন্তব্যে পৌঁছে দেবে সে আস্থা তার ওপর রাখা যায়, উক্ত আস্থারই এক উজ্জ্বল দলিল রবীন্দ্রনাথ, সত্যজিৎ ও বিবিধ প্রসঙ্গ।

> একইভাবে রাজীব সরকার রবীন্দ্রনাথ, সত্যজিৎ ও বিবিধ প্রসঙ্গ গ্রন্থে সত্যজিৎ, যতীন সরকার, শিবনারায়ণ রায়, এন্ডু কিশোরের মতো ব্যক্তিত্বের জীবন ও কর্মের তাৎপর্যপূর্ণ দিকগুলো আপন উদ্ভাবনী ক্ষমতায় উন্মোচিত করেছেন, সরকার এবং দাবি করা যায়, তাদের নতুনভাবে বোঝার জায়গায় এনে দাঁড় করিয়েছেন।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



রাজ্য বিদ্যুৎ নিগমের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা সহ আধিকারিকরা।

# দৈনিক কোভিড-সংক্রমণ ফের তলানিতে; ভারতে সক্রিয় রোগী কমে ৩,৪৯০, মৃত্যু আরও ৩ জনের

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.): ভারতে করোনাভাইরাসের দৈনিক সংক্রমণ আরও তলানিতে পৌঁছে গিয়েছে, বিগত ২৪ ঘন্টায় নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১১২ জন। এই সময়ে মৃত্যু হয়েছে আরও ৩ জনের। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় কেরলে দু'জন ও মহারাষ্ট্রের একজনের মৃত্যুর পর মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট করোনায় মৃত্যু হয়েছে ৫,৩০,৬৭৭ জনের। দেশে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা ৩,৫৫৯ থেকে কমে ৩ হাজার ৪৯০-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০১ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। এখনও পর্যন্ত ভরতে মোট করোনায় আক্রান্ত হয়েছেন ৪,৪৬,৭৬,১৯৯ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৪২,০৩২ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ।

এদিকে, দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ৪৭ হাজার ৪৩১ জন প্রাপক, ফলে ভারতে মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত ২২০-কোটির বেশি টিকাকরণ সম্পন্ন হয়েছে। মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,০০,৯২,১০৯। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৯ ডিসেম্বর সারা দিনে ভারতে ১,০৬,১৩৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। পরীক্ষিত ১,০৬,১৩৯ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন মাত্র ১১২ জন।

## খাড়গের মন্তব্যের তীব্র নিন্দা করলেন রিজিজু, বললেন আমরা তো শত্রু নই প্রতিদ্বন্দ্বী

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.) : বিজেপি সম্পর্কে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের মন্তব্যের তীব্র নিন্দা করলেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা কিরেণ রিজিজু। খাড়গের উদ্দেশে মঙ্গলবার রিজিজু বলেছেন, আমরা তো শত্রু নই প্রতিদ্বন্দ্বী। তিনি যে মন্তব্য করেছেন অস্বস্তিকর ও দুর্ভাগ্যজনক।

প্রসঙ্গত, সোমবার রাজস্থানের আলওয়ারে বক্তব্য রাখার সময় কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে বলেছিলেন, 'আমরা দেশকে স্বাধীনতা দিয়েছিলাম এবং ইন্দিরা এবং রাজীব গান্ধী দেশের ঐক্যের জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছিলেন।

আমাদের দলের নেতারা জীবন দিয়েছেন, আপনারা কী করেছেন?' খাড়গে এর পরই বলেন, 'আপনাদের বাড়ির কুকুরও কি দেশের জন্য মারা গিয়েছে? (কেউ) কী কোন ত্যাগ স্বীকার করেছে? মোটেও না।'

এই মন্তব্যের প্রেক্ষিতে খাড়গের সমালোচনা করে কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা কিরেণ রিজিজু বলেছেন, 'আমি বিশ্বাসই করতে পারছি না, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে এতটা নীচু হয়ে, এমন আপত্তিকর মন্তব্য করতে পারেন। রাজনৈতিক দলের নেতা হিসেবে নিজের দায়িত্ব বোঝা উচিত তাঁরা। আমরা শত্রু নই, আমরা প্রতিদ্বন্দ্বী।'

## ফের বৈঠকে বসল বিজেপির সংসদীয় দল, জি-২০ সম্মেলন-সহ নানা বিষয়ে হয়েছে আলোচনা

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.): ফের বৈঠকে বসল বিজেপির সংসদীয় দল। মঙ্গলবার সকালে বৈঠকে বসে বিজেপির সংসদীয় দল। বৈঠকে অংশ নেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা, বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, প্রহ্লাদ জোশি, অর্জুন রাম মেঘওয়াল, ভি মুরলীধরণ, ধর্মেন্দ্র প্রধান, নরেন্দ্র সিং তোমর প্রমুখ। এই বৈঠকে জি-২০ সম্মেলন-সহ নানা বিষয়ে হয়েছে আলোচনা।

কী কী বিষয়ে আলোচনা হয়েছে, তা জানিয়েছেন সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশি। বৈঠকের পর জোশি বলেছেন, 'সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল রাষ্ট্রপুঞ্জে ভারত সরকারের লেখা চিঠির প্রেক্ষিতেই আন্তর্জাতিক মিলেট ইয়ার ২০২৩ পালিত হচ্ছে। এ বিষয়ে প্রধানমন্ত্রী দু''টি বিষয়ের কথা জানিয়েছেন। প্রথমত, আমরা বাজরার মাধ্যমে পুষ্টি অভিযানের প্রচার করতে পারি। দ্বিতীয়ত, প্রধানমন্ত্রী আরও বলেছেন জি-২০ অতিথিদের জন্য ডিনারে বা যেখানেই সম্ভব বাজরার আইটেম রাখা যেতে পারে যাতে তাঁরা বাজরার গুরুত্ব বুঝতে পারেন।

## কুয়াশা কাড়ল প্রাণ! গৌতম বুদ্ধ নগরে বাস ও কন্টেনারের সংঘর্ষে মৃত এক, আহত ১০ জন

গৌতম বুদ্ধ নগর, ২০ ডিসেম্বর (হি.স.): উত্তর প্রদেশের গৌতম বুদ্ধ নগর জেলায় কুয়াশার কারণে ভয়াবহ একটি দুর্ঘটনাটি ঘটেছে। মঙ্গলবার সকালে গৌতম বুদ্ধ নগর জেলার ডানকাউর এলাকায় একটি বাস ও কন্টেনারের মধ্যে সংঘর্ষ হয়। সেই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে একজনের ও ১০ জন আহত হয়েছেন। দুর্ঘটনাগ্রস্ত বাসে ৬০ জন যাত্রী ছিলেন। আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## ওঠানামা করছে তিলোত্তমার তাপমাত্রা, পারদ নামতেই ফের বাড়ল শীত

কলকাতা, ২০ ডিসেম্বর (হি.স.): কলকাতায় ফের তাপমাত্রা কমল, পারদ ওঠানামা করলেও ঠান্ডার আমেজে ঘাটতি নেই। শীতের শিরশিরানি ভালোই মালুম হয়েছে শহর জুড়ে। মঙ্গলবার কলকাতায় কমেছে তাপমাত্রার পারদ। এদিন কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৮ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের চেয়ে এক ডিগ্রি বেশি। এদিন শহরের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক।

পারদ ওঠানামা করলেও ঠান্ডার আমেজে ঘাটতি নেই। মঙ্গলবার সকাল থেকে শহরের নানা প্রান্তে হালকা কুয়াশা দেখা গিয়েছে। শীতের শিরশিরানি অনুভূত হয়েছে ভোরের দিকে। শুধু কলকাতা নয়, জেলাগুলিতেও হাড় কাঁপানো ঠান্ডা অনুভূত হয়েছে। উত্তুরে হাওয়ায় শীতের আমেজ রাজ্য জুড়ে। লেপ, কম্বল, কাঁথায় জমিয়ে শীত উপভোগ করছেন রাজ্যের মানুষ। আগামী ২৪ ঘন্টার মধ্যে নতুন করে ফের নামতে পারে তাপমাত্রার পারদ।

## ঘন কুয়াশায় ধোঁয়াশায় ঢাকল উত্তর প্রদেশ; দিল্লি, পঞ্জাবেও দৃশ্যমানতা তলানিতে

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.): ঘন কুয়াশার দাপটে আবারও জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ল দিল্লি ও উত্তর প্রদেশ-সহ উত্তর ভারতের বিভিন্ন রাজ্যে। মঙ্গলবার সকালে ঘন কুয়াশার চাদরে আচ্ছন্ন ছিল দিল্লি, উত্তর প্রদেশ, পঞ্জাব, হরিয়ানা ও চন্ডীগড়ে। সকাল ৫.৩০ মিনিট নাগাদ দিল্লি ও পূর্ণিয়ায় দৃশ্যমানতা ছিল ৫০ মিটার, ভাটিন্ডায় ০০ মিটার, অমৃতসর, গঙ্গানগর, পাটিয়ালা, দিল্লি (পালম) ও লখনউয়ে ২৫ মিটার, আম্বালা ও আগ্রায় ২০০ মিটার, গোরক্ষপুরে ৩০০ মিটার এবং বরেলি, পাটনা, গয়া ও কলকাতাতে ৫০০ মিটার।

জমজমাট শীতের মধ্যেই ঘন কুয়াশার দাপটে আবারও জনজীবন বিপর্যস্ত হয়েছে দিল্লি-সহ উত্তর ভারতজুড়ে। দৃশ্যমানতার অভাবে এদিন সকালে লাইট জ্বালিয়ে গাড়ি চলাচল করেছে দিল্লিতে। কুয়াশার চাদরে ঢাকা ছিল তাজমহল, উত্তর ভারতের সর্বত্রই এদিন সকালে শুধুই ধোঁয়াশা ছিল। উত্তর প্রদেশের গৌতম বুদ্ধ নগর জেলায় আবার কুয়াশার কারণে ভয়াবহ একটি দুর্ঘটনাটি ঘটেছে। এদিন সকালে ডানকাউর এলাকায় একটি বাস ও কন্টেনারের মধ্যে সংঘর্ষ হয়। সেই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে একজনের ও ১০ জন আহত হয়েছেন। দুর্ঘটনাগ্রস্ত বাসে ৬০ জন যাত্রী ছিলেন। আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## জিতেন্দ্র ও চৈতালির ফ্ল্যাটে তালা, বেশ কিছুক্ষণ অপেক্ষা করে ফিরে গেল পুলিশ

আসানসোল, ২০ ডিসেম্বর (হি.স.): আসানসোলে কম্বল বিতরণের অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে মৃত্যুর ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য আসানসোলের বিজেপি কাউন্সিলর চৈতালি তিওয়ারির বাড়িতে গেল পুলিশ। তবে আসানসোলের প্রাক্তন চেয়ারম্যান জিতেন্দ্র তিওয়ারি এবং তাঁর স্ত্রী চৈতালির বাড়ির সামনেই দাঁড়িয়ে থাকতে হল পুলিশ আধিকারিকদের। কারণ, তাঁদের ফ্ল্যাটে সেই সময় তালা ঝুলছিল।

আসানসোল জি টি রোডে ঘনশ্যাম অ্যাপার্টমেন্টে অবস্থিত জিতেন্দ্রর ফ্ল্যাট। তার সামনে অপেক্ষা করতে দেখা যায় পুলিশ আধিকারিক এবং কর্মীদের। মঙ্গলবার সকাল ১০টা নাগাদ আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের এসিপি (সেন্ট্রাল ২) শ্রীমন্ত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ৭ সদস্যের একটি দল জিতেন্দ্র তিওয়ারির ফ্ল্যাটে যান। কিন্তু ফ্ল্যাট তালাবন্ধ থাকায় পুলিশ অফিসাররা সেখানে প্রবেশ করতে পারেননি। বেশ কিছু ক্ষণ ধরে অপেক্ষা করে পুলিশের ওই দলটি। প্রায় এক ঘণ্টার বেশি সময় ধরে দাঁড়িয়ে থাকার পর ফিরে যান তাঁরা।

## রাজস্থানের আলওয়ারে শুরু ভারত জোড়ো যাত্রা, অংশ নিলেন অশোক গেহলট ও চান্নি-সহ অনেকেই

আলওয়ার, ২০ ডিসেম্বর (হি.স.): কংগ্রসের নিজেদের গড় রাজস্থানের আলওয়ারে শুরু হয়েছে ভারত জোড়ো যাত্রা। মঙ্গলবার সকালে রাজস্থানের আলওয়ারের বুর্জা গ্রাম থেকে শুরু হয় পদযাত্রা। রাহুল গান্ধী ও অন্যান্যদের সঙ্গে পদযাত্রায় যোগ দেন রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট এবং পঞ্জাবের প্রাক্তন মুখ্যমন্ত্রী চরণজিৎ সিং চান্নি। রাস্তার দু''ধারে সদস্য-সমর্থকদের উদ্দীপনা ছিল চোখে পড়ার মত।

ভারত জোড়ো যাত্রার ইতিমধ্যেই ১০০ দিন সম্পন্ন হয়েছে। রাহুল গান্ধীর নেতৃত্বে ভারত জোড়ো যাত্রা এখন রাজস্থানে চলছে, কংগ্রেস কর্মী-সমর্থকদের মধ্যে তো উৎসাহ রয়েছেই, সাধারণ মানুষের মধ্যেও উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে।

## খুনের চেষ্টার মামলায় ৭ দিনের পুলিশ হেফাজত, অনুব্রতকে এখনই দিল্লি নিয়ে যেতে পারবে না ইডি

দুবরাজপুর, ২০ ডিসেম্বর (হি.স.): তৃণমূল কংগ্রেস কর্মীকে 'খুনের চেষ্টা'-র পুরনো একটি মামলায় তৃণমূল কংগ্রেসের বীরভূমের জেলা সভাপতি অনুব্রত মণ্ডলকে ৭ দিনের পুলিশি হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছে বীরভূমের দুবরাজপুর আদালত। সূত্রের খবর, আদালতে অনুব্রতের আইনজীবী জামিনের আবেদন জানাননি। তৃণমূলের বীরভূম জেলা সভাপতিকে পুলিশি হেফাজতে থাকার নির্দেশ দেওয়ার অর্থ অনুব্রতকে এখনই দিল্লি নিয়ে যেতে পারছে না প্রবর্তন নির্দেশালয় (ইডি)।

ইডি দিল্লি নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদের অনুমতি পেতেই এক দিন পুরনো মামলায় দুবরাজপুর আদালতে তলব করা হয় অনুব্রতকে। মঙ্গলবার সকালেই তাঁকে নিয়ে দুবরাজপুর আদালতের উদ্দেশে রওনা দেয় পুলিশ। তাৎপর্যের বিষয় হল, অনুব্রতের আইনজীবী না-কি জামিনের আবেদনই জানাননি। অনুব্রতকে ৭ দিনের জন্য পুলিশ হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন বিচারপতি।

## জমজমাট শীতে কাঁপছে গোটা উত্তর প্রদেশ, কানপুরে তাপমাত্রার পারদ পৌঁছল ৭ ডিগ্রিতে

লখনউ, ২০ ডিসেম্বর (হি.স.): জমজমাট শীতে কাঁপছে লখনউ, কানপুর-সহ গোটা উত্তর ভারত। মঙ্গলবার সকালে উত্তর ভারতের প্রায় সমস্ত শহরেই নীচের দিকে ছিল তাপমাত্রার পারদ, একইসঙ্গে কুয়াশার দাপটে জনজীবন বিপর্যস্ত হয়েছে। কানপুরে এদিন সকালে তাপমাত্রার পারদ নেমে ৭ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছে যায়। লখনউতে নিম্নমুখী ছিল তাপমাত্রার পারদ। শীতে কাবু হয়েছে নয়ডাও।

মঙ্গলবার সকালে কানপুর শহরকে গ্রাস করে ঘন কুয়াশা, শরীর উষ্ণ রাখতে আগুনের কাছে বসে থাকে দেখা যায় মানুষজনকে। কানপুরে এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৭ ডিগ্রি সেলসিয়াস। ঘন কুয়াশার কারণে উত্তর প্রদেশে এদিন সকালে ধীর গতিতে চলাচল করে গাড়ি। কুয়াশা ও শীতের কারণে এদিন দেরিতে ঘুম ভেঙেছে উত্তর প্রদেশের।

## কুয়াশার জন্য দুর্ঘটনার কবলে চৌতালার কনভয়; একজন কমান্ডো সামান্য আহত, বাকিরা সুরক্ষিত

হিসার, ২০ ডিসেম্বর (হি.স.): ঘন কুয়াশার জন্য হরিয়ানার হিসারে দুর্ঘটনার কবলে পড়ল উপ-মুখ্যমন্ত্রী দুষ্যন্ত চৌতালার কনভয়ে থাকা দু''টি পুলিশের গাড়ি। সোমবার গভীর রাতে হিসার থেকে সিরসা যাওয়ার পথে ধানধুর গ্রামের কাছে দুর্ঘটনাটি ঘটেছে। দুষ্যন্ত চৌতালা অক্ষত রয়েছেন, তবে কনভয়ে থাকা একজন কমান্ডো সামান্য আহত হয়েছেন। চৌতালা এবং তাঁর সুরক্ষায় থাকা অন্যান্য কর্মীরা অক্ষত রয়েছেন এবং নির্ধারিত সফর কর্মসূচিতে তাঁরা এগিয়ে যান।

জেজেপি-র প্রধান মুখপাত্র দীপকমল সাহারান বলেছেন, "প্রাথমিক তথ্য অনুযায়ী, হিসার-আগরোহা সড়কে (জাতীয় সড়ক) দুর্ঘটনাটি ঘটেছে, যখন কনভয়ে থাকা পুলিশের একটি গাড়ির চালক ব্রেক কষেন, ফলে অন্য গাড়ির চালককে ব্রেক প্রয়োগ করতে হয়। এর ফলে দুই গাড়ির মধ্যে সংঘর্ষ হয়। ঘন কুয়াশার কারণে এই দুর্ঘটনাটি ঘটেছে।'

## আলিপুরদুয়ারে বাড়ির উঠোনেই বৃদ্ধকে পিষে মারল হাতি

আলিপুরদুয়ার, ২০ ডিসেম্বর (হি. স.) : আলিপুরদুয়ারের মাদারিহাটের পূর্ব খয়েরবাড়ির হলং বস্তিতে বাড়ির উঠোনেই এক বৃদ্ধকে পিষে মারল হাতি। সোমবার রাতে এই মর্মান্তিক ঘটনাটি ঘটেছে মৃত ব্যক্তির নাম বাবলু মির্ধা(৬৫)। এই ঘটনায় এলাকায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে।

মৃতের পরিবার সূত্রে জানা গিয়েছে, এদিন রাত ১২টা নাগাদ জলদাপাড়া জঙ্গল থেকে বেড়িয়ে একটি দাঁতাল হাতি চলে আসে হলং বস্তিতে। হাতির উপস্থিতি টের পেয়ে যান স্থানীয় বাসিন্দা সঞ্জয় মির্ধা নামে এক যুবক। ঘরের বাইরে বেড়িয়ে এসে তিনি প্রতিবেশী অম্রিত লামাকে ডাকতে যান। ঘর থেকে বেড়িয়ে আসেন সঞ্জয়ের বাবা বাবলু মির্ধাও। আর সেই সময়ই বাবলুবাবু পড়ে যান দাতালের সামনে। আর মুহূর্তেই দাঁতাল তার তাঁর ওপর আক্রমণ করে। হাতিটি পাশের বাড়ির উঠোনে প্রথমে তাঁকে শুঁড়ে তুলে আছাড় মারে। পরে দাঁতালটি দৌড়ে এসে পা দিয়ে পিষে দেয় বাবুল মির্ধাকে। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর। এরপরই প্রতিবেশীরা ঘটনাস্থলে আসতেই উন্মত্ত হাতিটি জঙ্গলের দিকে চলে যায়। জলদাপাড়া জাতীয় উদ্যানের বনাধিকারিক দীপক এম জানান ওই পরিবার সরকারি নিয়মে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবেন। পুলিশ দেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে।



মঙ্গলবার আগরতলায় রোগী কল্যাণ সমিতি ফাউন্ডেশন এক সভা আয়োজিত হয়।


## WALK-IN-INTERVIEW

A WALK-IN-INTERVIEW will be held for filling up vacant post of Anganwadi Workers and Anganwadi Helpers in various Anganwadi Centres as per list specified bellow on purely temporary 'No Work- No-Honorarium ' basis under the office of the Child Development Project Officer ,Matabari ICDS Project,Udaipur, Gomati, Tripura. The interested candidates who fulfill the eligibility criteria may apply along with filled up bio-data in prescribed format (available in the office of the undersigned ) and alongwith all necessary document to the office of the CDPO,Matabari ICDS Project as per schedule mentioned below:-

| Sl No. | Name of Block | Name of GP/ADC Village | Name of AWC | Vacant post of AWW | Vacant post of AWH |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 1. | Matabari | Chandrapur Village | Ramsagar Para AWC | 1 | 1 |
| 2. | Matabari | Kalaban | Areng Para AWC | 1 | 1 |
| 3. | Matabari | Indiranagar | Indiranagar Ward-I | 1 | 1 |
| 4. | Matabari | Purba Dakshin Maharani | Panch Gharia | 1 | 1 |
| 5. | Matabari | Paschim Khilpara | Shaeed Bhagat Sing | 1 | 1 |
| 6. | Tepania | Purba Dhajanagar | Mother Teresa | 1 | 1 |
| 7. | Tepania | Paschim Khupilong | Paschim Khupilong | 1 | 1 |
| 8. | Tepania | Tepania | Papiyamura | 1 | 1 |
| 9. | Tepania | Tepania | Uttar Nama Para | 1 | 1 |
| 10. | Tepania | Shalgara | Bazar Para | 1 | 1 |
| 11. | Tepania | Uttar Shalgara | Kalaban | 1 | 1 |
| 12. | Tepania | Purba Gakulpur | Rabi Das Para | 1 | 1 |
| 13. | Tepania | Rangamati | Madhyapara Ward-2 | 1 | 1 |
| 14. | Matabari | Dakshin Maharani | Rajapadabari | 1 | 0 |
| 15. | Matabari | Uttar Chandrapur | Tatua Tilla | 1 | 0 |
| 16. | Matabari | Adipur | Dhirendra Choudhury Para | 1 | 0 |
| 1 | . 2 | 3 | 4 | 5 | 6 |
| 17. | Matabari | Purba Mogpuskurini | Maidabari | 0 | 1 |
| 18. | Matabari | Dakshin Matabari | Tripureshwari Colony No.I | 0 | 1 |
| 19. | Matabari | Uttar Maharani | Hirapur Madhyapara | 0 | 1 |
| 20. | Tepania | Dakshin Bagma | Daria Bagma Muslimpara | 0 | 1 |
| 21. | Tepania | Bagabasa | Kamalasagar | 0 | 1 |

Eligibility Criteria:-
1. Educational Qualification: For Anganwadi Worker minimum qualification shall be Madhyamik Passed and for Anganwadi Helper minimum qualification shall be Class VIII passed .
2. Age limit: 18-45 years as on 13.12.2022. and upper age relaxation upto 5 years is applicable for SC/ST/Divyangan (Differently able) candidates.
3. The applicant must be the normal resident of the village / habitation / ward where the Anganwadi Certre is located and belong to the feeder village of the Anganwadi Certre area . If no application is received from the feeder village area then application may be invited from the desirous candidates residing within the concern GP/Village council /ward where the Anganwadi Centre is located.
4. Marital Status : Candidate must be Married or Widow ( Same or both post ).In case of widow the death certificate of husband should be attached with the filled application.
5. Procedure of selection :- WALK-IN-IN TERVIEW.
6. Honorium :- Rs.4500/- (Rupees Four thousand five hundred) only for Anganwadi Worker per month and Anganwadi Helper Rs. 2250/- ( Two thousand two hundred fifty ) only along with ADA as declared time to time by the state govt.
7. Application will be received from 19.12.2022 to 27.12.2022. except holidays from 11.00 a.m to 4.00 p.m.
8. The applicant have to submi the testimonials/certificate of the following with self attested alongwith prescribed form:-
i) Age proof certificate (DOB certificate/Madhyamik admit card )
ii) Certificate of educational qualification (Madhyamik Marksheet for AWW and VIII passed certificate for AWH which is counter signed by the Inspector of school/Headmaster)
iii) | PRTC/Citizenship certificate.
iv) Proof of marriage.
v) Proof of ordinary residence(ROR).
vi) Two copies of recent passport size colour photograph of the candidate.
vii) Ration card.
viii) Disability certificate if applicable.
ix) Caste certificate if applicable.
9. Incomplete application or application without required document shall be immediately rejected.
10. Last date of submission of application is 27.12.2022. upto 4.00 p.m.
11. Date of interview. Vanue & time :- 30.12.2022. Office of the CDPO.Matabari ICDS Project, 10.30.a.m.
12. No TA/DA is admissible for appearing the interview. N.B.- If any unavoidable circumstances the the interview process may be postponed /cancelled without showing any reason. The authority reserves the right to make any changes in the advertisement if required. For further details please visi CDPO, Matabari ICDS Project on all working days.

(Pradip Debnath)
Child Development Project Officer
Matabayi ICDS Project
Udaipur,Gomati Tripura

ICA/D-1712/22


# হরেকরকম হরেকরকম হরেকরকম

## থ্যালাসেমিয়া রোগের লক্ষণগুলি কি কি !



থ্যালাসেমিয়া বংশগত রক্তস্বল্পতাজনিত রোগ। যা বংশ পরম্পরায় শিশুর দেহে বাসা বাঁধে। তবে, এটি যেমন কোনো ছোঁয়াচে রোগ নয়, তেমনি রক্তের ক্যানসারও নয়। জিনগত ত্রুটির কারণে থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের রক্তে লোহিত রক্তকণিকা ও হিমোগ্লোবিনের পরিমাণ মারাত্মক কমে যায়।
খুব স্বাভাবিকভাবেই তখন রক্তাল্পতার সমস্যা দেখা দেয়। তবে মানুষ একটু সচেতন হলেই থ্যালাসেমিয়া প্রতিরোধ সম্ভব।
কীভাবে এই রোগ হয- যদি বাবা-মা দু'জনেই থ্যালাসেমিয়ার বাহক হন, সে ক্ষেত্রে সন্তান থ্যালাসেমিয়ায় আক্রান্ত হতে পারে। নবজাতক যে শিশুদের এই সমস্যা থাকে, তারা কিন্তু জন্মের সময়ে বেশ স্বাস্থ্যবান হয়। তবে জন্মের প্রথম দু'বছরের মধ্যেই এর উপসর্গ দেখা দিতে শুরু করে।
আবার, যদি স্বামী-স্ত্রী দু'জন থ্যালাসেমিয়ার বাহক হন অথবা দু'জনের মধ্যে একজন থ্যালাসেমিয়ার বাহক এবং একজন হিমোগ্লোবিন ই-র বাহক হন, সে ক্ষেত্রে গর্ভাবস্থাতেই প্রায় ২৫ শতাংশ শিশু এই রোগে আক্রান্ত হতে পারে। ৫০ শতাংশ শিশুর আবার এই রোগের বাহক হওয়ার আশঙ্কা থাকে। বাকি ২৫ শতাংশ শিশু সম্পূর্ণ সুস্থভাবে জন্ম নিতে পারে বলে মত চিকিতকদের। আবার স্বামী-স্ত্রীর মধ্যে একজন যদি সুস্থ থাকেন, সে ক্ষেত্রে নবজাতকের থ্যালাসেমিয়া হওয়ার কোনও সম্ভাবনা থাকে না। তবে থ্যালাসেমিয়ার বাহক হওয়ার সম্ভাবনা থেকে যায়।
কীভাবে বুঝবেন থ্যালাসেমিয়া হয়েছে- থ্যালাসেমিয়ার লক্ষণ প্রধান লক্ষণ হলো রক্তাল্পতা বা অ্যানিমিয়া। হলদে ত্বক বা জন্ডিস, দেহে অতিরিক্ত আয়রন জমা হওয়া, সংক্রমণ, প্লীহা বড় হয়ে যাওয়া, মুখের হাড়ের বিকৃতি বা মঙ্গলয়েড ফেসিস, শারীরিক বৃদ্ধি হ্রাস পাওয়া, পেট বাইরের দিকে প্রসারিত হওয়া, গাঢ় রঙের প্রস্রাব, হৃতিণ্ডের সমস্যা ইত্যাদি।
থ্যালাসেমিয়া প্রতিরোধ কী ভাবে করবেন- সাধারণত রক্তস্বল্পতার জন্য একজন থ্যালাসেমিয়া রোগীকে প্রতি মাসে ১ থেকে ২ ব্যাগ রক্ত শরীরে নিতে হয়। ঘন ঘন রক্ত নেওয়ায় ও পরিপাকনালি থেকে আয়রনের শোষণক্ষমতা বেড়ে যাওয়ায় শরীরে আয়রনের মাত্রা বেড়ে যায়। ফলে লিভার, হৃতিণ্ডসহ নানা অঙ্গ ও গ্রন্থিতে নানা জটিলতা দেখা দেয়। সঠিক চিকিতা ও নিয়মিত রক্ত না নিলে থ্যালাসেমিয়া রোগী মারা যেতে পারে। তাই রক্তদানের যেসব পার্শপ্রতিক্রিয়া তারও সুচিকিতা প্রয়োজন। আয়রন যাতে বেশি জমে না যায়, তার জন্য আয়রন চিলেশন করা দরকার হয়।
১) বিশেষজ্ঞ চিকিতকরা বলেন, এই রোগের বাহকদের একে অপরকে বিয়ে না করাই ভাল। সেই জন্য বিয়ের আগে রক্ত পরীক্ষা বাধ্যতামূলক হওয়া উচিত। এ নিয়ে সকলের মধ্যে সচেতনতা জরুরি। তবেই এই রোগকে অনেকটা দূরে সরিয়ে রাখা যায়।
২) যদি দু'জন থ্যালাসেমিয়ার বাহকের বিয়ে হয়েও যায়, সে ক্ষেত্রে গর্ভাবস্থায় ভ্রূণের রক্ত পরীক্ষা করানো উচিত। গর্ভস্থ সন্তান থ্যালাসেমিয়ায় আক্রান্ত কি না, জানার জন্য কোরিয়োনিক ভিলাস স্যাম্পলিং, অ্যামনিওসেনটেসিস, ফিটাল ব্লাড স্যাম্পলিং- এই পরীক্ষাগুলো করা প্রয়োজন।
৩) পরিবারের একজন যদি থ্যালাসেমিয়ার বাহক হন, তবে বাকিদেরও রক্ত পরীক্ষা করানো উচিত।
৪) চিকিতকদের মতে, থ্যালাসেমিয়া মানেই জীবন শেষ হয়ে গেল, তা একেবারেই নয়। বরং নিয়মিত চিকিতা করালে সুন্দরভাবে বাঁচা সম্ভব। বিয়ে করে সংসারও করতে পারেন থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীরা। বাচ্চা হওয়ার ক্ষেত্রেও সমস্যা নেই। তবে নিজেকেই নিজের যত্ন নিতে হবে। সঙ্গে একটু সচেতন হতে হবে, যাতে আর কোন থ্যালাসেমিয়া আক্রান্ত শিশু না জন্মায়।
৫) থ্যালাসেমিয়া প্রতিরোধের জন্য বেশি প্রচার দরকার। প্রয়োজন মানুষকে সচেতন করাও। তবেই হয়তো এই রোগ থেকে মুক্তি মিলবে।

## আপনার সন্তানকে ফোন থেকে দূরে রাখতে যা যা করা প্রয়োজনীয় !




অনেক বাবা-মাই আজকাল সন্তানদের বায়না মেটাতে বা তাদেরকে শান্ত রাখতে হাতে স্মার্টফোন বা ট্যাব দেন। কিন্তু এটা সবারই জানা উচিত আজকের দিনে প্রযুক্তির মতো প্রয়োজনীয় অথচ ভয়াবহ জিনিস আর নেই। অথচ প্রযুক্তির দুষ্টচক্র থেকে কারও পালাবার পথ নেই। তবে সময় থাকতে সন্তানের গ্যাজেট ব্যবহারের সময়সীমা নির্ধারিত করে দেওয়া উচিত।
এজন্য কিছু বিষয় অনুসরণ করতে পানে। যেমন-
নিজেকে বদলান : ছোটরা সবচেয়ে বেশি শেখে বড়োদের দেখে। আপনি নিজেই যদি সর্বক্ষণ ল্যাপটপ বা ফোনে বাঁধা পড়ে থাকেন তাহলে আপনার সন্তানও তাই শিখবে। বরং সন্তানের সামনে বসে বই পড়ুন যাতে সে আপনাকে দেখে শেখে। ধীরে ধীরে পরিবর্তন আনুন : আপনার সন্তান হয়তো দিনে তিন থেকে চার ঘণ্টা ইলেকট্রনিক গ্যাজেটস ব্যবহার করে। তাকে। বকাঝকা বা মারধর করে সেটাকে কমিয়ে আনতে পারবেন না। বরং খুব বুদ্ধি করে আস্তে আস্তে সময়সীমা কমাতে থাকুন। নো-টেক জোন : নিজের বাড়িতে নো-টেক জোন তৈরি করুন। সন্তানকে বলুন ডাইনিং রুমে কোনও গ্যাজেটস থাকবে না। খাওয়ার টেবিলে ফোন নিয়ে বসবেন না। বরং প্রাণ খুলে আড্ডা দিন। নিজের ঘরে এবং সন্তানের ঘরে কোনও টিভি রাখবেন না।
একসঙ্গে সময় কাটান : ঘরের মধ্যে বা বাইরে, যেখানেই হোক সন্তানের সঙ্গে সময় কাটান। তাকে গল্প শোনান বা তার কাছ থেকে গল্প শুনুন। তার সঙ্গে খেলা করুন, কুইজ করুন। প্রযুক্তি হাতিয়ার হিসেবে ব্যবহার নয় : বাচ্চা কাঁদলে, বায়না বা জেদ করলে তার সামনে ফোন খুলে ধরবেন না। বরং তার সঙ্গে এমন কোনও খেলা খেলুন যেটা তার বুদ্ধির বিকাশে সাহায্য করবে। তাহলে তার আসক্তিও কমবে।

## ঠাণ্ডায় এই ৫ খাবার খেলেই শুরু হবে মারাত্মক হাঁপানি





পরিবেশ দূষণের কারণেই বেড়েছে অ্যাজমা বা হাঁপানির সমস্যা। আজকাল নবজাতকরাও ভুগছে এই রোগে। বিশ্বস্বাস্থ্য সংস্থার মতে ২০১৯ সালে প্রায় ২ কোটি ৬২ লক্ষ মানুষ ভুগছিলেন অ্যাজমাতে। একবছরে সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে প্রায় সাড়ে চার কোটিতে। এমনকী অ্যাজমা -তে আক্রান্ত হয়ে বেড়েছে মৃত্যুর সংখ্যাও।
কোভিড ভাইরাসের প্রকোপ সবচাইতে বেশি পড়েছিল ফুসফুসেই। যাঁরা একবার কোভিডে আক্রান্ত হয়েছেন তাঁদেরও ফুসফুসের কার্যক্ষমতা কমেছে। আর তাই যাঁদের ঠাণ্ডা লাগলেই অ্যাজমার সমস্যা হয় তাঁদের প্রথম থেকেই সচেতন থাকতে হবে। ক্রমাগত কাশি, শ্বাসকষ্ট, বুকে চাপ লাগা, দমবন্ধ হয়ে আসা, কাশতে কাশতে বুকে ব্যথা হয়ে গেলে আগেভাগেই সতর্ক থাকতে হবে। আর তাই ঠাণ্ডা জলে স্নান না করা, কানে ঠাণ্ডা না লাগানো এসব মেনে চলার পাশাপাশি খাবারেও আনতে হবে সীমাবদ্ধতা। কারণ কিছু খাবারও শ্বাসকষ্টের সমস্যার জন্য দায়ী। শীতে এই সব খাবার তাই ভুল করেও নয়-
আচার- শীতের দিনে আচার দিয়ে পরোটা খেতে মন্দ লাগে না। তবে হাঁপানির সমস্যা থাকলে আচার একেবারেই নয়। আচার যাতে বেশিদিন ভাল থাকে তার জন্য বেশি পরিমাণে সালফাইট মেশানো হয়। এই সালফাইট রক্তে মিশলে কাশি, হাঁপানির মত সমস্যা বেড়ে যায়।
আখরোট-পেস্তা- আখরোট, পেস্তার মত শুকনো ফল হাঁপানি রোগীদের জন্য খুবই ক্ষতিকারক। এই সব ফলের মধ্যে অ্যালার্জেন থাকে, যা হাঁপানির সম্ভাবনা বাড়িয়ে দেয়। আর তাই খাওয়ার আগে চিকিতকের পরামর্শ নিন।
রাজমা- রাজমার মধ্যে প্রচুর পরিমাণ কার্বোহাইড্রেট থাকে। আর এই কার্বোহাইড্রেট ভেঙে গেলে পেটে প্রচুর পরিমাণে গ্যাস তৈরি হয়। গ্যাস হলে শ্বাসকষ্টের সমস্যা আরও বাড়ে। তাই এমন কোনও খাবার খাবেন না যার থেকে গ্যাস হতে পারে। কড়াইশুটির কচুরি, ঘুগনি, ছোলার ডাল, রাজমা-চাউল এসব হাঁপানির রোগীদের এড়িয়ে চলতে হবে।
চা, কফি- দুধ দিয়ে বানানো চা আর কফিও হাঁপানির অন্যতম কারণ। অতিরিক্ত চা, কফিও তাই শরীরের জন্য মোটেও ভাল নয়। বেশ কিছু সমীক্ষায় দেখা গিয়েছে চা, কফিতে স্যালিসিলেট থাকে যা হাঁপানির কারণ।
হাঁপানির সমস্যা থাকলে দুধের থেকে তৈরি কোনও খাবারও একেবারেই নয়। কারণ এতে অ্যালার্জির সমস্যা বাড়ে। দুধ, ছানা, পায়েস, মিষ্টি এসব একেবারেই নয় যদি অ্যাজমার সমস্যা থাকে।

## হৃদরোগের ঝুঁকি থেকে বাঁচতে এড়িয়ে চলবেন যেসব খাবার



হৃদরোগ থেকে বাঁচতে সবচেয়ে বেশি খেয়াল রাখতে হবে খাবারের দিকে। বিভিন্ন খাবারের কারণে বাড়তে পারে হৃদরোগের ঝুঁকি। আমরা প্রতিদিন যেসব খাবার খাই সেগুলোর মধ্যে কোনো কোনো খাবার অজান্তেই ডেকে আনে হৃদরোগ। আর এই রোগের কারণে মৃত্যু পর্যন্ত হতে পারে। তাই সুস্থ থাকার জন্য আপনাকে হতে হবে সচেতন। চলুন জেনে নেওয়া যাক কোন খাবারগুলো হৃদরোগের ঝুঁকি বাড়িয়ে দিতে পারে-
বাইরের খাবার
বাইরে থেকে যেসব মুখরোচক খাবার কিনে এনে খান তাতে প্রচুর লবণ, স্নেহজাতীয় পদার্থ, চিনি থাকে। ডুবো তেলে ভাজা খাবার, ফ্রেঞ্চ ফ্রাই, চিকেন ফ্রাই এ ধরনের খাবার খেতে যতটা ভালোলাগুক না কেন, যতটা সম্ভব এড়িয়ে চলুন। এগুলো আপনার জিহ্বাকে সন্তুষ্ট রাখলেও শরীরের জন্য ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। বাড়ে উচ্চরক্তচাপ ও হৃদরোগের আশঙ্কা।
ফলের রসের সঙ্গে চিনি
স্বাস্থ্যকর পানীয়গুলোর মধ্যে অন্যতম হলো ফলের রস। এটি আমাদের শরীরের জন্য নানাভাবে উপকার বয়ে আনে। কিন্তু এর সঙ্গে যদি আপনি চিনি মিশিয়ে খেতে চান, তবে মুশকিল। বাড়িতে ফলের রস তৈরি করে খান। বাইরে থেকে কিনে খাওয়া বন্ধ করুন। বাড়িতে যেকোনো ফলের রসের সঙ্গে চিনি মিশিয়ে খাওয়া বাদ দিন। এতে উপকারের বদলে অপকারই হয় বেশি। বাড়ে হৃদরোগের ঝুঁকি।
দানাশস্যের সঙ্গে শর্করা
আমাদের প্রতিদিনের খাবারে দানাশস্য থাকে। এটি খাওয়া ক্ষতিকর না হলেও এর সঙ্গে শর্করাজাতীয় খাবার বেশি খেলে দেখা দিতে পারে ইনফ্ল্যামেশন। সেখান থেকে বাড়ে হৃদরোগের ঝুঁকি। তাই শর্করা গ্রহণের ক্ষেত্রে হতে হবে সচেতন।
পটেটো চিপস
পটেটো চিপস খেতে কে না পছন্দ করে! তবে এই চিপসে ক্যালরি, সোডিয়াম, স্নেহজাতীয় পদার্থ থাকে অনেক বেশি। তাই পটেটো চিপস খেতে অত্যন্ত লোভনীয় হলেও এটি হৃদযন্ত্রের জন্য মোটেও ভালো নয়। তাই হৃদরোগ থেকে বাঁচতে চাইলে পটেটো চিপস খাওয়ার অভ্যাস ছাড়ুন।
টমেটো কেচাপ
ভাজাভুজি ধরনের খাবার কি আর এমনি খেতে ভালোলাগে! সেজন্য সঙ্গে থাকা চাই পছন্দের কেচাপ। কিন্তু আপনি যদি কেচাপ বা সস বেশি খান তবে শরীরে সোডিয়াম পটাশিয়ামের ভারসাম্য ব্যহত হতে পারে। এর কারণ হলে টমেটো কেচাপে থাকে প্রচুর সোডিয়াম। তাই খেতে হলে অল্পস্বল্প খান, খুব বেশি কখনোই খাবেন না।
হোয়াইট ব্রেড
হোয়াইট ব্রেড অনেকেরই সকালের নাস্তায় থাকে। কিন্তু এটি খেলে বাড়ে লতা, হৃদরোগ ও ডায়াবেটিসসহ আরও অনেক রোগের আশঙ্কা। কারণ এতে স্টার্চের পরিমাণ থাকে অনেক বেশি। এই ব্রেড খেলে হতে পারে গ্যাস, পেট ফাঁপা, কোষ্ঠকাঠিন্য, অ্যাসিডিটির মতো সমস্যা। এটি সহজে পরিপাক হয়ে যায় বলে রক্তে শর্করার মাত্রাও দ্রুত বেড়ে যায়।

## মেদ ঝরাতে জুড়ি নেই কফির, এছাড়া আপনার স্মৃতিশক্তিও বাড়ায়, বলছে গবেষণা



কফি বিশ্বের জনপ্রিয়তম পানীয়। কফি পছন্দ করে না এমন মানুষ খুবই কম। তবে পছন্দের তালিকায় শীর্ষে থাকা কফি নিয়ে অনেকের আছে ভুল ধারণা। অনেকেরই ধারণা, নিয়মিত কফি পান করলে ক্ষতি হতে পারে। তবে এই ধারণা ঠিক নয়। বরং কফি পান করলে উপকার পাওয়া যাবে। কফি স্মৃতিশক্তি বৃদ্ধি করে। আলঝাইমার্স রোগ কমায়।
সাহায্য করে শরীরের বাড়তি মেদ ঝরাতে। ১ অক্টোবর বিশ্ব কফি দিবস। চলুন জানা যাক কফির কিছু উপকারী দিক।
গবেষণায় দেখা গেছে, ক্যাফেইন প্রায় ৩ থেকে ১১ শতাংশ পর্যন্ত আমাদের মেটাবলিক রেট বা বিপাকের গতি বাড়ায়। ফলে অতিরিক্ত মেদ কমে অনেকটাই।
টাইপ টু ডায়াবেটিসে যারা আক্রান্ত তারা যদি নিয়মিত কফি পান করে তাহলে ২৩ থেকে ৫০ শতাংশের এই রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি কম থাকে।
অনেকের ধারণা রয়েছে কফি খেলে লিভারের রোগ হয়। যদিও গবেষণায় দেখা যাচ্ছে সিরোসিস থেকে লিভারকে রক্ষা করে কফি। কফি মানবদেহে কার্যক্ষমতা বাড়িয়ে দেয় অনেকটাই। নর এপিনেফ্রিন এবং ডোপামিন নিঃসরণ বাড়ায় যা নিউরনের কার্যকারিতা বাড়িয়ে দেয়। কফি সুনির্দিষ্টভাবে পান করলে পারকিনসন রোগও কমে যায় অনেকটাই। ৩২ থেকে ৬০ শতাংশ হ্রাস পায় এই রোগ। এছাড়া অবসাদ কমাতে কফি পান করলে অনেকটাই উপকার পাওয়া যায় বলে জানিয়েছেন গবেষকরা। নিয়ন্ত্রিত কফি পানে কমে হৃদরোগ ও স্ট্রোকের ঝুঁকিও।

## শীতে জমজমাট পার্টি, পর পর বিয়েবাড়ি মানেই ওজন বাড়ার ভয়



শীত শুরু মানে পার্টি সিজন শুরু। বারবিকিউ পার্টি, ক্রিসমাস, বর্ষপূর্তির উৎসবে খাওয়াদাওয়া তো হবেই। আর শীতের মরসুম মানেই পিঠে, কেক তৈরি শুরু। তাছাড়া এই সময়ে একের পর এক বিয়েবাড়ি লেগেই থাকবে। এতে মন ভাল থাকলেও শরীরের উপর চাপ পড়ে বটে । টানা বাইরে খাওয়াদাওয়া করলে ওজন তো বাড়েই, সঙ্গে পেটও ভাল থাকে না।
এ সময়ে তাই চলতে হবে একটু বুঝেশুনে।
প্রথমেই আপনাকে একটা ব্যাপার মেনে নিতে হবে। নিজেকে বোঝান যে, সারা বছরের প্রতিটি দিনই সুস্থ থাকতে হবে। বছরের কয়েকটা দিন নতুন গুড়ের পায়েস, কেক, এক-আধ পাত্তর ওয়াইন, রোস্টেড চিকেন খেলে বিরাট মহাভারত অশুদ্ধ হবে না। যদি গ্যাস-অম্বল-বুকজ্বালা-পেটভারের মতো সমস্যা হয় বা ব্রণ দেখা দেয়, তা হলে বুঝতে হবে যে খাওয়াদাওয়ায় রাশ টানার সময় হয়েছে। সেটা কীভাবে সম্ভব?
১) বিয়েবাড়ি যাওয়ার আগের দিন থেকে হাল্কা খাওয়াদাওয়া করুন। তার মানে পেট খালি রাখবেন, এমন নয়। কম ক্যালোরিযুক্ত খাবার খেয়ে পেট ভরানোর চেষ্টা করতে হবে। ২) সহজে হজম হবে, এমন খাবার খাওয়া জরুরি। বিশেষ করে সকালে আর দুপুরে বেশি করে সব্জি, ফল খান। ৩) এক বারে অনেকটা খাবার খাবেন না। বিয়েবাড়ির ভোজ হোক, বা এ সময়ে রোজের খাওয়াদাওয়া- কিছু ক্ষণ অন্তর অল্প করে খাবেন। অনেকটা কার্বোহাইড্রেট খাবেন না। প্রোটিন খান। মাছ, মাংস, পনির খান। কম মশলাদার খাবারগুলিই বেছে নিন। ৪) ঠিক যতটা বিরিয়ানি বা ফ্রায়েড রাইস পাতে তুললে মনে শান্তি পেতেন, তার চেয়ে একটু কম তুলুন। গোটা জলভরা সন্দেশ খাবেন না, অর্ধেকটা খান। ৫) দিনের শুরুতে এক কাপ উষ্ণ জলে অর্ধেকটা লেবুর রস মিশিয়ে খেয়ে দেখতে পারেন - তা আপনার পাচনতন্ত্রকে অ্যালকালাইজ করে, ফলে যে কোনও খাবারই হজম করতে সুবিধে হয়। ৬) এই মরসুমে জল খাওয়া বাড়িয়ে দিন। জল শরীর থেকে দূষিত পদার্থ বার করে দিতে সাহায্য করে। পরপর কয়েক দিন পার্টিতে মদ্যপান কিংবা বাইরে গিয়ে মশলাদার খাবার খাওয়া হলেও শরীর সতেজ রাখতে বেশি করে জল খাওয়া জরুরি।
কঠিন নিয়ম মানতে হবে না
কয়েকটি সহজ নিয়ম মেনে চললে আপনি কিন্তু এই পার্টির মরশুমেও সুস্থ থাকতে পারবেন। হাঁটাচলার পরিমাণ বাড়ান। দিনের শুরুতে বা শেষে যখন হোক অন্তত আধ ঘণ্টা হাঁটা মাস্ট।
বাড়িতে যখন খাবেন, তখন একেবারে হালকা, পুষ্টিকর খাবার খান। স্যুপ-স্যালাডই যে খেতে হবে তার কোনও মানে নেই কিন্তু! ঝোল-ভাতেও সুস্থ থাকা যায়।
খাদ্যতালিকা থেকে কার্বোহাইড্রেট পুরোপুরি ছেঁটে ফেলাটা মোটেই কাজের কথা নয়। বিশেষ করে রাতেও অল্প কার্বোহাইড্রেট অবশ্যই খান, তা না হলে কিন্তু অ্যাসিডিটির সমস্যা বাড়বে।
একই সঙ্গে খাদ্য ও পানীয়, দুটোর মধ্যে দিয়েই যদি শরীরে প্রচুর ক্যালোরি প্রবেশ করে, তা হলে মুশকিলে পড়বেন। তাই শরবত, ককটেল, মকটেল থেকে দূরে থাকার চেষ্টা করুন।

## দু'মাস ব্যবহারের পরই নন-স্টিকের প্যান নষ্ট হয়ে যায় ? টোটকা শেয়ার করলেন মাস্টারশেফ

এখন বাঙালির রান্নাঘরে ঢুকে পড়েছে নন-স্টিকের বাসন। কম তেলে রান্নার জন্য এই ধরনের বাসনপত্রই এখন সবার পছন্দ। কিন্তু সমস্যা হল বেশিদিন টেকসই হয় না নন-স্টিকের ফ্রাইং প্যান কিংবা কড়াই। কিছুদিন ব্যবহারের পর থেকেই নন-স্টিকের ফ্রাইং প্যান নষ্ট হয়ে যেতে শুরু করে। বিশেষজ্ঞদের দাবি, ব্যবহারের ভুলের জন্য বেশিদিন স্থায়ী হয় না নন-স্টিকের বাসন।
নন-স্টিকের বাসনপত্র ব্যবহারের ক্ষেত্রে কোন সব ভুল এড়িয়ে চলবেন, তার টিপস শেয়ার করেছেন মাস্টারশেফ পঙ্কজ ভাদোরিয়া। নন-স্টিকের ফ্রাইং প্যান ব্যবহারের সময় যা কিছু মাথায় রেখে চলবেন- ১) নন-স্টিকের প্যান সরাসরি সাবান দিয়ে ধোবেন না। নন-স্টিকের প্যান কিছুক্ষণ গরম জল ফুটিয়ে নিন। এতে সামান্য লিক্যুইড সোপ দিয়ে রেখে দিন। পাঁচ থেকে সাত মিনিট পর ধুয়ে ফেলুন। এরপর শুকনো কাপড় দিয়ে মুছে নিন। ২) নন-স্টিকের প্যানে স্টিকের খুন্তি, চামচ ব্যবহারের প্রবণতা বেশি দেখা যায়। এতে নন-স্টিকের প্যান বেশিদিন টেকসই হয় না। তাই নন-স্টিকের প্যানের ক্ষেত্রে সব সময় কাঠের খুন্তি বা চামচ ব্যবহার করবেন। আপনি চাইলে সিলিকনের তৈরি খুন্তি বা চামচও ব্যবহার করতে পারেন। ৩) নন-স্টিকের প্যানে কখনওই উচ্চ তাপমাত্রায় রান্না করবেন না। চেষ্টা করুন সব সময় কম আঁচে রেখে রান্না করতে। এতে নন-স্টিকের প্যানের ক্ষয় সহজেই এড়ানো যায়।
৪) রান্না হয়ে গেলেই ওই গরম নন-স্টিকের প্যানে সরাসরি ঠান্ডা জল ঢেলে দেন? এই ভুল একদম করবেন না। রান্না হয়ে গেলে আগে নন-স্টিকের প্যানকে ঘরের তাপমাত্রায় আসতে দিন। তারপর সেটা জল দিয়ে ধুয়ে নিন। গরম নন-স্টিকের প্যানের উপর ঠান্ডা জল দিয়ে বাসন দ্রুত নষ্ট হয়ে যাবে। ৫) নন-স্টিকের বাসন ধোওয়ার জন্য সামান্য মাইল্ড সোপ এবং একটা স্পঞ্জই যথেষ্ট। বেশি ক্ষারযুক্ত সাবান ব্যবহার করবেন না। ফ্রাইং প্যানে গরম জলে মাইল্ড লিক্যুইড সাবান দিয়ে কিছুক্ষণ ভিজিয়ে রাখুন। এর উপর স্পঞ্জ দিয়ে বুলিয়ে নিলেই নন-স্টিকের বাসন পরিষ্কার হয়ে যাবে। নন-স্টিকের বাসন ধোওয়ার জন্য স্ক্রাব কিংবা স্টিকের স্ক্রাবের প্রয়োজন নেই। যে কোনও ধরনের বাসন মাজার জালি এক্ষেত্রে এড়িয়ে চলুন।



মঙ্গলবার বিজেপি সদর কার্যালয়ে আহুত সাংবাদিক সম্মেলনে যুব মোর্চার সভাপতি নবাদুল বণিক সহ অন্যান্যরা।

# খাড়গের 'কুকুর' মন্তব্যে উত্তাল সংসদ; ক্ষমা চাইতে বললেন পীযূষ, অস্বীকার কংগ্রেস সভাপতির

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.) : কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের কুকুর মন্তব্যের প্রেক্ষিতে উত্তাল হয়ে উঠল সংসদ। কংগ্রেস সভাপতিকে ক্ষমা চাইতে বললেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি সাংসদ পীযূষ গোয়েল। পাল্টা বিজেপির বিরুদ্ধে তোপ দেগেছেন মল্লিকার্জুন।

মঙ্গলবার রাজ্যসভায় পীযূষ গোয়েল বলেছেন, স্বাধীনতার পর মহাত্মা গান্ধী বলেছিলেন, কংগ্রেস ভেঙে দেওয়া উচিত। খাড়গেজি তার জীবন্ত উদাহরণ এবং দেশকে দেখিয়ে দিচ্ছেন যে গান্ধীজি যা বলেছিলেন তা সত্য। ক্ষমা না চাওয়া পর্যন্ত তাঁর এখানে থাকার কোনও অধিকার নেই। গোয়েল আরও বলেছেন, বিজেপি, সংসদ এবং এই দেশের জনগণের কাছে তাঁর ক্ষমা চাওয়া উচিত।

মল্লিকার্জুন খাড়গে এদিন রাজ্যসভাতেই বলেছেন, 'আমি বাইরে যা বলেছি তা যদি পুনরাবৃত্তি করি তাহলে তাদের পক্ষে এটি কঠিন হয়ে যাবে। """মাফি মাঙ্গে ওয়ালে লোগ""" যারা স্বাধীনতা সংগ্রাম করেছে, তাদের ক্ষমা চাইতে বলছে...আমি বলেছি ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধী আত্মত্যাগ করেছেন। আপনাদের মধ্যে কে দেশের ঐক্যের জন্য জীবন দিয়েছেন?' খাড়গে আরও বলেছেন, রাজস্থানের আলওয়ারে ভারত জোড়ো যাত্রার সময় আমি যা বলেছিলাম তা সদনের বাইরে ছিল। আমি যা বলেছি তা রাজনৈতিকভাবে হাউসের বাইরে, ভেতরে নয়। সে বিষয়ে এখানে আলোচনার প্রয়োজন নেই। দ্বিতীয়ত, আমি এখনও বলতে পারি স্বাধীনতা সংগ্রামে তাঁদের কোনও ভূমিকা নেই।

## বেলারুশের সঙ্গে থাকা সীমান্তে প্রতিরক্ষা ব্যবস্থা আরও জোরদার করছে ইউক্রে-রাশিয়া উভয় দেশ

কিয়েভ-মস্কো, ২০ ডিসেম্বর (হি.স.): বেলারুশের সঙ্গে থাকা সীমান্তে প্রতিরক্ষা ব্যবস্থা আরও জোরদার করছে ইউক্রেন। রাশিয়া নতুন করে হামলার প্রস্তুতি নিচ্ছে- এমন আশঙ্কায় সীমান্তে প্রতিরক্ষা ব্যবস্থা জোরদার করা হচ্ছে বলে জানিয়েছেন এক ইউক্রেনীয় কর্মকর্তা। এদিকে, ইউক্রেনের এমন ঘোষণার পর রাশিয়ার সঙ্গে থাকা বেলারুশ সীমান্তে প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালী করার নির্দেশ দিয়েছেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

দেশটির উপ-স্বরাষ্ট্রমন্ত্রী ইয়েভেন ইয়েনিন বলেছেন, ইউক্রেন সশস্ত্র বাহিনী ও গোলাবারুদ দিয়ে বেলারুশিয়ান সীমান্তকে শক্তিশালী করবে। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বেলারুশে প্রেসিডেন্ট আলেক্সান্ডার লুকাশেঙ্কোর সঙ্গে দেখা করতে মিনস্কে যাওয়ার সময় এই খবর আসে। উল্লেখ্য, রাশিয়ার পাশাপাশি ইউক্রেনের সঙ্গেও বেলারুশের সীমান্ত রয়েছে।

এদিকে ইউক্রেনের এমন ঘোষণার পর রাশিয়ার সঙ্গে থাকা বেলারুশ সীমান্তে প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালী করার নির্দেশ দিয়েছেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তিনি বলেছেন, অবৈধ সীমান্ত লঙ্ঘন বা যেকোনও ধরনের ঝুঁকি মোকাবিলায় প্রস্তুত থাকতে হবে।

এছাড়া, ইউক্রেনের যে অংশগুলোকে মস্কো নিজের বলে দাবি করে সেখানে বসবাসকারী নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে বলেছেন পুতিন।

রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় ঘোষণা করেছে, বেলারুশে অবস্থানরত রুশ সৈন্যরা বেলারুশের সঙ্গে যৌথ সামরিক মহড়া পরিচালনা করবে।

রাশিয়া ও ইউক্রেন দুই দেশের সঙ্গেই বেলারুশের সীমানা রয়েছে। আর পুতিনের বেশ ঘনিষ্ঠ প্রেসিডেন্ট লুকাশেঙ্কো।

এই যুদ্ধে বেলারুশ সরাসরি জড়িত নয়। তবে ফেব্রুয়ারিতে দেশটি এর অঞ্চল রাশিয়ার সৈন্যদের ব্যবহার করতে দিয়েছিল।

## বিশিষ্টদের নজরদারিতে বৃহস্পতিবার মেডিকেল কলেজে ছাত্র ইউনিয়ন নির্বাচনের প্রক্রিয়া সম্পন্ন হবে

কলকাতা, ২০ ডিসেম্বর (হি. স.) : কলকাতা মেডিক্যাল কলেজে অনশন শেষ করে ছাত্র ইউনিয়ন নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে পড়ুয়ারা। বিশিষ্টদের নজরদারিতে আগামী ২২ ডিসেম্বর, বৃহস্পতিবার নিজেরাই নির্বাচন প্রক্রিয়া করতে চলেছেন কলকাতা মেডিক্যাল কলেজের পড়ুয়াদের একাংশ। বৃহস্পতিবার সকাল ১০টা থেকে নির্বাচন প্রক্রিয়া শুরু হবে। মঙ্গলবার থেকে শুরু হয়েছে মনোনয়ন প্রক্রিয়া। নির্বাচন সংক্রান্ত একগুচ্ছ নির্দেশিকা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হল পড়ুয়াদের একাংশের তরফে।

বৃহস্পতিবার সকাল ১০টা থেকে দুপুর ৩টে পর্যন্ত নির্বাচন চলবে মেডিক্যাল কলেজে। ওই দিনই দুপুর সাড়ে ৩টের পর গণনা শুরু হবে। মঙ্গলবার সকাল ১০টা থেকে মনোনয়ন প্রক্রিয়া শুরু হয়েছে। এই প্রক্রিয়া চলবে বুধবার সকাল ১০টা পর্যন্ত। বুধবার দুপুর ১২টার মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে। বুধবার দুপুর ১টায় চূড়ান্ত প্রার্থীতালিকা প্রকাশ করা হবে।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, প্রার্থীরা মনোনয়নপত্র জমা ও প্রত্যাহারের জন্য সুজাত ভদ্রকে ইমেল পাঠাবেন। প্রখ্যাত সমাজকর্মী এবং ডাক্তার বিনায়ক সেন, অম্বিকেশ মহাপাত্র, বোলান গাঙ্গুলি এবং সুজাত ভদ্রকে নির্বাচন প্রক্রিয়া তদারকি করার জন্য অনুরোধ করা হয়েছে। এ জন্য চারজনই একমতও হয়েছেন। চারজনকেই ভোট প্রক্রিয়ায় সুষ্ঠু ও স্বচ্ছতা বজায় রাখার আহ্বান জানানো হয়।

উল্লেখ্য, ছাত্র ইউনিয়ন নির্বাচনের দাবিতে ১২ দিন অনশন করেছিল পড়ুয়ারা। সোমবার তাদের অনশন প্রত্যাহার করার পরে, ছাত্ররা ঘোষণা করেছিল যে তারা রাজ্য সরকারের কোনও সরকারি সাহায্য ছাড়াই ছাত্র ইউনিয়ন নির্বাচন তারা নিজস্বভাবে পরিচালনা করবে। তবে এতে অংশ না নেওয়ার কথা জানিয়ে দিয়েছে ছাত্র সংগঠন অল ইন্ডিয়া ডেমোক্রেটিক স্টুডেন্টস অর্গানাইজেশন।

## ভয়ে কর্ণাটক-মহারাষ্ট্র সীমানা ইস্যুতে কথা বলতে পারছেন না শিন্ডে : আদিত্য ঠাকরে

মুম্বই, ২০ ডিসেম্বর (হি.স.): মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডের বিরুদ্ধে তোপ দাগলেন উদ্ধব-শিবসেনা নেতা আদিত্য ঠাকরে। মঙ্গলবার আদিত্য বলেছেন, আমরা রাজ্য বিধানসভায় কর্ণাটক-মহারাষ্ট্র সীমান্ত সমস্যা নিয়ে আলোচনা চাই। কিন্তু, ভয়ের কারণে কর্ণাটক-মহারাষ্ট্র সীমানা ইস্যুতে কথা বলতে পারছেন না মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে।

আদিত্য ঠাকরের কথায়, আমরা জানতে চাই দিল্লির বৈঠকে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী কী বলেছেন? কর্ণাটকের মুখ্যমন্ত্রী এই ইস্যুতে আক্রমণাত্মক কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী ভয়ের কারণে এ বিষয়ে কথা বলতে চান না।

## বেচারহাটে গাড়ি থামিয়ে গরু পাচার রুখলেন অগ্নিমিত্রা, আটক ৩

আসানসোল, ২০ ডিসেম্বর (হি. স.) : পূর্ব বর্ধমানের আসানসোল থেকে কলকাতা যাওয়ার পথে বর্ধমানের দু'নম্বর জাতীয় সড়কের উপরে বেচারহাট থেকে গরুবোঝাই একটি ম্যাটাডোর আটকে গরুপাচার রুখলেন বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পাল। গাড়িটি থেকে ৯টি গরু উদ্ধার হয়। পরে পুলিশ এসে ম্যাটাডোর সহ তিনজনকে আটক করে।

মঙ্গলবার সকালে আসানসোল থেকে কলকাতার উদ্দেশে রওনা দেন অগ্নিমিত্রা। সেই সময় বর্ধমান পৌঁছতেই দু'নম্বর জাতীয় সড়কের উপরে বেচারহাট নামক স্থানে গরুবোঝাই একটি ম্যাটাডোর অগ্নিমিত্রার গাড়িকে ওভারটেক করে। ঠিক তখনই সন্দেহ হয় বিজেপি নেত্রীর। তৎক্ষনাৎ গরুবোঝাই ম্যাটাডোরটিকে আটকান তিনি। এরপর দেখা যায় ওই ম্যাটাডোরে ৯টি গরু রয়েছে। এর মধ্যে আবার দু'টি গরুর পায়ে আঘাত লেগেছে। তখনই ম্যাটাডোর আটকান তিনি। সেই সময় স্থানীয় বিজেপি কর্মীরা ঘটনাস্থলে চলে আসেন। এরপর বর্ধমান থানায় খবর দেওয়া হয়। ঘটনাস্থলে আসে বর্ধমান থানার পুলিশ। ম্যাটাডোরে থাকা তিনজনকে আটক করে নিয়ে চলে যায়।

পুলিশ সূত্রে খবর, পুরুলিয়া থেকে গরুগুলি নিয়ে আসা হচ্ছিল বর্ধমানের কুসুমগ্রামে। ওই তিন ব্যক্তির কাছে কোনও বৈধ কাগজ-পত্র ছিল না। এই বিষয়ে অগ্নিমিত্রা পাল বলেন, "আমি কলকাতায় যাচ্ছিলাম। সেই সময় গরুভর্তি গাড়ি আমার গাড়িকে ওভারটেক করে এগিয়ে যায়। আমি দেখতে পাই গাড়ির পিছনে গরুগুলিকে প্রচণ্ড কষ্ট দিয়ে রাখা হয়েছে। সেটা দেখেই আমার সন্দেহ হয়। এরপর আমি গাড়ি দাঁড় করিয়ে ওদের কাছ থেকে বৈধ নথি চাই। কিন্তু ওরা কোনও নথি দেখাতে পারেননি। এরপর ওরা আমায় বারবার বলতে শুরু করে আমরা গরিব মানুষ। দিদি আমাদের ছেড়ে দিন। পরে আমি বর্ধমান থানার আইসিকে ফোন করি। তিনি ফোন তোলেননি। এরপর বিজেপির কয়েকজন কর্মীরা সেখানে উপস্থিত হয়। পুলিশ আসে। আমরা গাড়িটিকে বাজেয়াপ্ত করতে বলেছি।" এরপর তিনি বলেন, "পুলিশ সব জানে। রাজ্য পুলিশকে ৮০০-৯০০ টাকার ঘুষ খাইয়ে এই দুর্নীতি চলছে। এখন পুলিশ নেই এরা তৃণমূলের ক্যাডার।"

## আগামী ৪ মাসের মধ্যে কাশ্মীরের পরিস্থিতির আরও উন্নতি হবে : দিলবাগ সিং

শ্রীনগর ও গান্ডেরবাল, ২০ ডিসেম্বর (হি.স.): আগামী ৪ মাসের মধ্যে কাশ্মীরের পরিস্থিতির আরও উন্নতি হবে। দাবি করে বললেন জম্মু ও কাশ্মীরের ডিজিপি দিলবাগ সিং। শোপিয়ানে এনকাউন্টারে ৩ লস্কর জঙ্গির মৃত্যুর প্রেক্ষিতে একথা বলেছেন ডিজিপি। জম্মু ও কাশ্মীরের ডিজিপি দিলবাগ সিং বলেছেন, বর্তমানে কাশ্মীরে নিরাপত্তা পরিস্থিতি সবচেয়ে শান্তিপূর্ণ। তিনি বলেছেন, তাপমাত্রা নিম্নমুখী হওয়া সত্ত্বেও ডাল লেক আরও সুন্দর দেখাচ্ছে এবং পর্যটকরা আসছেন। কিছু জঙ্গি মডিউল জঙ্গিবাদকে টিকিয়ে রাখার জন্য সক্রিয় রয়েছে, যদিও মডিউলগুলিকে ব্যাপকভাবে নিশ্চিহ্ন করা হয়েছে।

ডিজিপি বলেছেন, নিরাপত্তা পরিস্থিতি দিন দিন উন্নতি হচ্ছে। তিনি বলেন, আগামী তিন থেকে চার মাসের মধ্যে পরিস্থিতি আরও শান্তিপূর্ণ হবে। টিআরএফ দ্বারা জারি করা হুমকির বিষয়ে একটি প্রশ্নের জবাবে, ডিজিপি বলেছেন, এগুলি জঙ্গিবাদের ভয়কে বাঁচিয়ে রাখার কৌশল এবং এই সমস্ত আইএসআই করছে। তাঁর কথায়, অ-স্থানীয়, সংখ্যালঘু এবং নিরপরাধদের টার্গেট করা হচ্ছে। কাশ্মীরে কারা থাকবে তা পাকিস্তান সিদ্ধান্ত নিতে পারে না।

## ভুয়ো খবর ছড়াচ্ছে তিনটি ইউটিউব চ্যানেল : সরকার

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.): তিনটি ইউটিউব চ্যানেলকে তাঁদের বিভিন্ন উদ্যোগ সম্পর্কে মিথ্যা ও চাঞ্চল্যকর দাবি করা ও ভুয়ো খবর ছড়ানোর জন্য সতর্ক করেছে সরকার। মঙ্গলবার একটি অফিসিয়াল বিবৃতিতে বলা হয়েছে, তিনটি ইউটিউব চ্যানেল - নিউজ হেডলাইন, সরকারী আপডেট এবং আজ তক লাইভ - টিভি নিউজ চ্যানেল এবং তাঁদের নিউজ অ্যাঙ্করদের থাম্বনেইল এবং ছবি ব্যবহার করে দর্শকদের বিভ্রান্ত করা হচ্ছে, বোঝানোর চেষ্টা করা হচ্ছে এই ইউটিউব চ্যানেলে যা দেখানো হচ্ছে তা সত্যি।

প্রেস ইনফরমেশন ব্যুরোর ফ্যাক্ট চেক ইউনিট জানিয়েছে, এই ইউটিউব চ্যানেলগুলি সুপ্রিম কোর্ট, ভারতের প্রধান বিচারপতি, সরকারী প্রকল্প, ইভিএম এবং কৃষি ঋণ মকুবের বিষয়ে মিথ্যা এবং চাঞ্চল্যকর দাবি ছড়িয়েছে।

## পারিবারিক বিবাদ, ছুরিকাঘাতে আহত তিন, ধৃত এক

শান্তিরবাজার(ত্রিপুরা), ২০ ডিসেম্বর (হি. স.) : পারিবারিক বিবাদের জেরে ছুরিকাঘাতে তিন জন আহত হয়েছেন। স্থানীয় মানুষ অভিযুক্ত যুবককে হাতেনাতে ধরে উত্তম মাধ্যম দিয়ে পুলিশের হাতে তুলে দিয়েছেন। পুলিশ জানিয়েছে, আহত তিনজনের মধ্যে দুই জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁদের জি বি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। ধৃত যুবককে আজ আদালতে সোপর্দ করা হবে। দক্ষিণ ত্রিপুরা জেলায় শান্তিরবাজার বগাফা রোড এলাকায় গতকাল রাতে ওই ঘটনায় জনমনে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

শান্তিরবাজার থানার ওসি অনুপম দাস জানিয়েছেন, সোমবার রাতে বগাফা রড এলাকার বাসিন্দা রাজীব পাল পারিবারিক অনুষ্ঠান চলাকালীন গোবিন্দ পাল(৩৮), রানা দাস(২৫) এবং হরিচরণ দাস(৪৮)-কে ছুরি দিয়ে আঘাত করেন। তাঁর দাবি, স্থানীয়দের বক্তব্য অনুযায়ী রাজীব তাঁর আত্মীয় গোবিন্দ পালকে ছুরি দিয়ে আঘাত করতে গিয়েছিল। ওই সময় রানা এবং হরিচরণ তাঁকে বাঁচাতে এগিয়ে গিয়ে তাঁরাও ছুরিকাঘাতে আহত হন। স্থানীয় মানুষ সঙ্গে সঙ্গে রাজীবকে ধরে ফেলেন এবং উত্তম মধ্যম দিয়ে পুলিশে খবর দেন।

এদিকে, দমকল কর্মীরা ঘটনার খবর ছুটে আসেন এবং আহতদের উদ্ধার করে শান্তিরবাজার জেলা হাসপাতালে নিয়ে যান। এরই মধ্যে পুলিশে খবর দেওয়া হয় এবং পুলিশ এসে অভিযুক্ত যুবককে গ্রেফতার করে নিয়ে গেছে। শান্তিরবাজার হাসপাতালের চিকিতক ডা: শান্তনু দাস জানিয়েছেন, আহত তিনজনের মধ্যে রানা দাস ও হরিচরণ দাসের আঘাত গুরুতর, তাই তাঁদের জি বি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। গোবিন্দ পাল বর্তমানে শান্তিরবাজার হাসপাতালেই চিকিতাধীন রয়েছেন। শান্তিরবাজার থানার ওসি অনুপম দাস জানিয়েছেন, ধৃত যুবককে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। আজ তাঁকে আদালতে সোপর্দ করা হবে।

## ডোডায় চিনাব নদীতে পড়ল গাড়ি, তিনজনের মৃত্যুর আশঙ্কা

ডোডা, ২০ ডিসেম্বর (হি.স.) : মঙ্গলবার সকালে একটি গাড়ি রাস্তা থেকে নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে যায় জম্মু ও কাশ্মীররের ডোডার চিনাব নদিতে। ঘটনায় তিনজনের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে।

এক আধিকারিক জানিয়েছেন, ডোডা-কিশতওয়ার সড়কের গাড্ডুর কাছে একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে চিনাব নদীতে পড়ে গেছে। তিনি বলেন, ঘটনার পরপরই পুলিশ এবং এসডিআরএফের দল উদ্ধার অভিযানের জন্য ঘটনাস্থলে পৌঁছেছে। ওই আধিরকারিক আরও বলেন, উদ্ধার অভিযান চলছে তবে গাড়িতে থাকা তিনজনের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে।

## সীমান্তে বিপুল পরিমাণ নিষিদ্ধ ফেনসিডিল বাজেয়াপ্ত

উত্তর ২৪ পরগনা, ২০ ডিসেম্বর (হি.স.) : ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে চোরাচালানের চেষ্টা ব্যর্থ করে, বিপুল পরিমাণ নিষিদ্ধ ফেনসিডিলের বোতল আটক করেছে বিএসএফ কর্মীরা। মঙ্গলবার বিএসএফের দেওয়া তথ্য অনুযায়ী, একাধিক অভিযানে এই সাফল্য পেয়েছেন বিএসএফ জওয়ানরা। প্রথম ঘটনাটি ঘোরাঙ্গা সীমান্ত ফাঁড়ি এবং দক্ষিণবঙ্গ সীমান্তের আংরেলের অধীনস্থ এলাকার। প্রাপ্ত গোপন তথ্যের ভিত্তিতে বিএসএফ জওয়ানরা অভিযান চালিয়ে ৫১৭ বোতল ফেনসিডিল বাজেয়াপ্ত করেছে। বাকি অভিযানগুলো সীমান্ত ফাঁড়ি বিথারি ও সীমান্ত ফাঁড়ি শাসনীতে হয়। যেখান থেকে মোট ৩২ বোতল ফেনসিডিল বাজেয়াপ্ত করেছে জওয়ানরা। বাজেয়াপ্ত নিষিদ্ধ ফেনসিডিলের বোতলের মূল্য এক লাখ ১২ হাজার ৭১৬ টাকা বলে জানা গেছে। বাজেয়াপ্ত ফেনসিডিলের বোতল পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য গাইঘাটা থানা, কাস্টম অফিস তেঁতুলিয়া ও কালিয়াচকের কাছে হস্তান্তর করা হয়েছে।

## জয়শঙ্করের সঙ্গে সাক্ষাৎ গুগল কর্তা পিচাইয়ের, ডিজিটাল রূপান্তর-সহ নানা বিষয়ে হয়েছে আলোচনা

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.): ভারতে এসে সোমবারই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেছিলেন গুগল এবং অ্যালফাবেট সিইও সুন্দর পিচাই। আর মঙ্গলবার সুন্দর পিচাই সাক্ষাৎ করেছেন ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গে। জয়শঙ্কর ও সুন্দরের মধ্যে ডিজিটাল রূপান্তর, বৈশ্বিক কৌশলগত উন্নয়ন নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গিয়েছে।

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর টুইট করে জানিয়েছেন, মঙ্গলবার দুপুরে গুগল এবং অ্যালফাবেট সিইও সুন্দর পিচাইয়ের সঙ্গে সাক্ষাৎ করেছি। আমাদের মধ্যে ডিজিটাল রূপান্তর, বৈশ্বিক কৌশলগত উন্নয়ন নিয়ে আলোচনা হয়েছে। প্রসঙ্গত, ব্যবসা এবং শিল্প বিভাগে অবদানের জন্য চলতি মাসেই ভারতের তৃতীয় সর্বোচ্চ অসামরিক সম্মাননা পদ্মভূষণ দেওয়া হয় পিচাইকে।

## এক কোটি টাকা কর মেটাতে নোটিস তাজমহলকে, সম্পত্তি বাজেয়াপ্ত করারও হুঁশিয়ারি

আগ্রা, ২০ ডিসেম্বর (হি.স.): এক কোটি টাকার সম্পত্তি এবং জলকরের নোটিস পাঠানো হল তাজমহল কর্তৃপক্ষকে। এই বকেয়া দ্রুত মেটানোর নির্দেশ দিয়ে নোটিস পাঠিয়েছে আগ্রা পুরনিমগম। বকেয়া যে বিল তাজমহল কর্তৃপক্ষকে পাঠানো হয়েছে তা ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থবর্ষের, নোটিসে এমনটাই জানিয়েছে পুরনিগম। শুধু তাই নয়, পুরনিগম হুঁশিয়ারি দিয়েছে, ১৫ দিনের মধ্যে এই বকেয়া না মেটালে সম্পত্তি বাজেয়াপ্ত করা হবে।

তাজমহলের তত্ত্বাবধানে যারা রয়েছে, সেই ভারতীয় সর্বেক্ষণ বিভাগ (এএসআই) বকেয়া টাকা মেটানোর নোটিস পেয়ে স্তম্ভিত। তাদের দাবি, ৩৭০ বছরের ইতিহাসে এই প্রথম কর দেওয়ার জন্য নোটিস পেল তাজমহল। এএসআইয়ের এক শীর্ষ আধিকারিক রাজকুমার প্যাটেল জানিয়েছেন, তাজমহল এবং আগ্রা ফোর্টকে বকয়ো মেটানোর জন্য তিনটি নোটিস পাঠানো হয়েছে। যার পরিমাণ ১ কোটি টাকার বেশি।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রের রহস্যজনক মৃত্যু, ঘর থেকে উদ্ধার ঝুলন্ত দেহ

কলকাতা, ২০ ডিসেম্বর (হি. স.) : যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রের রহস্যজনক মৃত্যু। ঘর থেকে উদ্ধার যুবকের ঝুলন্ত দেহ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত ছাত্রের নাম সোনপাল মজুমদার (২৭)। জানা গিয়েছে, ওই ছাত্রের বাড়ি পর্ণশ্রী থানা এলাকার মহেন্দ্র ব্যানার্জি রোড এলাকায়। ঘনিষ্ঠ বন্ধুদের থেকে জানা যাচ্ছে, সোনপাল বেশ কিছু দিন ধরেই মানসিক অবসাদে ভুগছিলেন। তার কারণ অবশ্য স্পষ্ট নয় তাঁদের কাছেও। বেশ অসংলগ্ন কথাবার্তাও বলছিলেন গত কয়েকদিন ধরে। এমন কিছু কথা বলছেন, যা বিশ্বাসযোগ্য ছিল না বন্ধুদের কাছেও। সোনপাল প্রথমে তুলনামূলক সাহিত্য বিভাগে পড়তেন। পরে তিনি ফিল্ম স্টাডিজ বিভাগে পড়া শুরু করেন। তবে সেখানেও অতিথি অধ্যাপকদের সঙ্গে বেশ অসংলগ্ন কিছু আচরণ করেছেন বলেও জানা গিয়েছে। তাঁর আচরণে বেশ কিছুদিন ধরেই অস্বাভাবিকত্ব দেখেছিলেন বন্ধুরা ফিল্ম স্টাডিজ বিভাগের তৃতীয় সেমিস্টারের প্রথম দুটি পরীক্ষাও দেন সোনপাল।মঙ্গলবার তাঁর তৃতীয় পরীক্ষা ছিল। তার আগেই র্মান্তিক ঘটনা। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

## এখনও সারেনি চোট, বাংলাদেশের বিরুদ্ধে দ্বিতীয় টেস্টে নেই রোহিত ও নবদীপ

মুম্বই, ২০ ডিসেম্বর (হি.স.): আশঙ্কাই সত্যি হল, চোটের জন্য বাংলাদেশের বিরুদ্ধে দ্বিতীয় টেস্টে খেলতে পারবেন না রোহিত শর্মা। মঙ্গলবার ভারতীয় ক্রিকেট বোর্ড জানিয়ে দিয়েছে, দ্বিতীয় টেস্টে পাওয়া যাবে না রোহিতকে। তা ছাড়া পেস বোলার নবদীপ সাইনিও চোটের কারণে দ্বিতীয় টেস্ট থেকে ছিটকে গিয়েছেন। বাংলাদেশের বিরুদ্ধে দ্বিতীয় এক দিনের ম্যাচ চলাকালীন বাঁ হাতের বুড়ো আঙুলে চোট পেয়েছিলেন রোহিত। চোট নিয়েই সেই ম্যাচে ব্যাট করেছিলেন তিনি। কিন্তু তার পর থেকে রিহ্যাবে রয়েছেন তিনি। বিসিসিআই জানিয়েছে, মেডিক্যাল দলের পরামর্শ অনুযায়ী এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। চোট পুরো না সারা পর্যন্ত কোনও ঝুঁকি নিতে চাইছে না বোর্ড। সম্পূর্ণ সুস্থ হলে তবেই রোহিতকে মাঠে নামার অনুমতি দেওয়া হবে। অন্যদিকে, পেটের পেশিতে চোট পাওয়ায় দ্বিতীয় টেস্ট থেকে ছিটকে গিয়েছেন নবদীপ। তাঁকে বেঙ্গালুরুতে জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে যেতে বলা হয়েছে। সেখানে চোট সারিয়ে দলে ফেরার চেষ্টা করবেন তিনি।

## অভিযানে গিয়ে গুলিবিদ্ধ শিলিগুড়ির পুলিশ আধিকারিক

শিলিগুড়ি, ২০ ডিসেম্বর (হি. স.) : অভিযান চালাতে গিয়ে গুলিবিদ্ধ হলেন শিলিগুড়ির প্রধাননগর থানার সাব ইনস্পেকটর। জখম পুলিশ আধিকারিকের নাম রবীন্দ্রনাথ সরকার। তাঁর পায়ে গুলি লেগেছে বলে খবর। বর্তমানে তিনি মাটিগাড়ার একটি নার্সিংহোমে চিকিৎসাধীন।

গোপন সূত্রে খবর পেয়ে সোমবার রাতে এক ব্যক্তিকে গ্রেফতার করে শিলিগুড়ির প্রধাননগর থানার পুলিশ। বিহারের বাসিন্দা ওই ব্যক্তির কাছে আগ্নেয়াস্ত্র ছিল বলে অভিযোগ পেয়ে তাকে গ্রেফতার করা হয়। নিজেকে বিহারের সরকারি আধিকারিক পরিচয় দিত ওই ব্যক্তি। এমনকি, শিলিগুড়ির এক সাব ইনস্পেকটর ও সহকারী সাব ইনস্পেকটরের সঙ্গে তার পরিচয় রয়েছে বলেও দাবি করত অভিযুক্ত। ওই ব্যক্তিকে গ্রেফতারের পর তার দাগাপুরের একটি ফ্ল্যাটে অভিযান চালান প্রধাননগর থানার পুলিশ আধিকারিকরা। অভিযোগ, ফ্ল্যাটে তল্লাশি চলার সময় অভিযুক্ত তার ৯এমএম পিস্তল দিয়ে আইসিকে লক্ষ্য করে গুলি চালানোর চেষ্টা করে। সেই সময় অভিযুক্তকে বাধা দিতেই গুলিটি লক্ষ্যভ্রষ্ট হয়ে সাব ইনস্পেকটর রবীন্দ্রনাথ সরকারের পায়ে গিয়ে লাগে। গোটা ঘটনাটি ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে পুলিশ মহলে।

## ফের দিল্লির আদালতে হাজিরা জ্যাকলিনের, বাহরাইন যাওয়ার অনুমতি চাইলেন অভিনেত্রী

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.): ফের একবার দিল্লির পাটিয়ালা হাউস কোর্টে হাজিরা দিয়েছেন অভিনেত্রী জ্যাকলিন ফার্নান্ডেজ। কনম্যান সুকেশ চন্দ্রশেখরের সঙ্গে জড়িত ২০০ কোটি টাকার মানি লন্ডারিং মামলায় মঙ্গলবার সকালে দিল্লির পাটিয়ালা হাউস কোর্টে হাজিরা দিয়েছেন অভিনেত্রী জ্যাকলিন। এদিন আদালতে বাহরাইন যাওয়ার অনুমতি চেয়ে আবেদন জানান জ্যাকলিন। তিনি আদালতে আবেদন জানান, ২৩ ডিসেম্বর থেকে বাহরাইন যাওয়ার অনুমতি দেওয়া হোক তাঁকে। এ বিষয়ে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) জবাব দাখিল করতে বলেছে আদালত, নতুন করে শুনানির দিন ধার্য হয়েছে ২২ ডিসেম্বর। প্রসঙ্গত, এর আগে ১২ ডিসেম্বর এই মামলায় পাটিয়ালা হাউস কোর্টে হাজিরা দিয়েছিলেন অভিনেত্রী জ্যাকলিন ফার্নান্ডেজ, সেই দিন মামলার শুনানি পিছিয়ে দেওয়া হয় ২০ ডিসেম্বর অবধি, তাই মঙ্গলবার ফের হাজিরা দেন জ্যাকলিন।

## গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে সাগরে এলেন সেচ মন্ত্রী পার্থ ভৌমিক

গঙ্গাসাগর, ২০ ডিসেম্বর (হি. স.) : সাগরমেলার প্রস্তুতি খতিয়ে দেখতে সাগরে পৌঁছলেন সেচ মন্ত্রী পার্থ ভৌমিক। তিনি মঙ্গলবার বেলা দশটা নাগাদ কাকদ্বীপের লট নম্বর আট ঘাটে আসেন। এরপর মুড়িগঙ্গা নদীর পলি তোলার কাজের সর্বশেষ পরিস্থিতি জেনে নেন। পরে কচুবেড়িয়া হয়ে গঙ্গাসাগর মেলা মাঠে পৌঁছন। সাগরতটের ভাঙন রোধে টেট্রাপট পদ্ধতিতে বাঁধ তৈরীর কাজও তিনি পরিদর্শন করবেন। এছাড়া মেলার সামগ্রিক প্রস্তুতিও খতিয়ে দেখবেন মন্ত্রী।

বুধবার নবান্নে আসন্ন সাগরমেলা নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে উচ্চ পর্যায়ের বৈঠক হবে। মুখ্যসচিব, স্বরাষ্ট্র সচিব সহ মেলার পরিকাঠামো ও পরিচালনার সঙ্গে যুক্ত সমস্ত দপ্তরের সচিবরা উপস্থিত থাকবেন। সেই বৈঠকে উপস্থিত থাকার কথা রয়েছে দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসক সুমিত গুপ্তা, সুন্দরবনের পুলিশ সুপার ভাস্কর মুখোপাধ্যায়ের। এদিন সেচ মন্ত্রী জানান, আগামী ৫ জানুয়ারির মধ্যে লট নম্বর আট থেকে কচুবেড়িয়া ও নামখানা থেকে বেনুবন পয়েন্টে মুড়িগঙ্গা নদীতে ড্রেজিংয়ের কাজ শেষ করা হবে। তবে আগামী ১০ জানুয়ারি মেলা শুরুর ঠিক আগে ২৬ ডিসেম্বর ও ৬ জানুয়ারি দুটি ভরা কোটালের জেরে সাগরতটে জলোচ্ছাসের কথা মাথায় রেখে সেচ দফতর ও জেলা প্রশাসনের পক্ষ থেকে আগাম সমস্ত রকম প্রস্তুতি নিয়ে রাখা হচ্ছে বলে জানানো হয়েছে।

## বাসন্তীতে অজ্ঞাত পরিচয় যুবকের মৃতদেহ উদ্ধার, এলাকায় চাঞ্চল্য

বাসন্তী, ২০ ডিসেম্বর (হি.স.): এক অজ্ঞাত পরিচয় যুবকের মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়াল দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী থানার অন্তর্গত কাঠালবেরিয়া এলাকায়। ঘটনার খবর পেয়ে বাসন্তী থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। সঠিক কি কারণে মৃত্যু হয়েছে ওই যুবকের, পাশাপাশি ওই যুবকের পরিচয় জানার চেষ্টা করছে বাসন্তী থানার পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, বাসন্তী রাজ্য সড়ক সংলগ্ন একটি জলাশয়ের মধ্যে ওই যুবকের দেহ মঙ্গলবার সকালে ভেসে থাকতে দেখেন স্থানীয় মানুষজন। তাঁরাই খবর দেন বাসন্তী থানার পুলিশকে। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। তবে পুলিশের প্রাথমিক অনুমান বাইরে থেকে এনে মৃতদেহ এখানে ফেলে দেওয়া হয়েছে। মৃতদেহের শরীরে কোনও আঘাতের চিহ্ন রয়েছে কিনা সেটাও খতিয়ে দেখেছে বাসন্তী থানার পুলিশ। বাসন্তীর বিধায়ক শ্যামল মণ্ডল ইতিমধ্যেই এ বিষয়ে যথাযথ তদন্ত করে দোষী ব্যক্তিদের গ্রেফতারের নির্দেশ দিয়েছেন পুলিশকে।

## ওদলাবাড়ি বাইক দুর্ঘটনায় গুরুতর জখম দুই যুবক

ওদলাবাড়ি, ২০ ডিসেম্বর (হি.স.): জলপাইগুড়ির বাগ্রাকোটের এমইএস মোড়ের কাছে ৩১ নম্বর জাতীয় সড়কে বাইক দুর্ঘটনায় গুরুতর জখম হলেন দুই যুবক। সোমবার গভীর রাতের ঘটনা।

মঙ্গলবার পুলিশ সূত্রে জানা গেছে, বাগ্রাকোটের বাসিন্দা জখম দুই যুবকের নাম আমন মুন্ডা(৩৪) এবং বিকি রাই(৩২)। হাসপাতালে ভর্তি নিকটাত্মীয়ের রাতের খাবার পৌঁছাতে যাচ্ছিলেন ওই দুই যুবক। কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় নিয়ন্ত্রণ হারিয়ে বাইকটি একটি পাথরে ধাক্কা মেরে উলটে যায়। এলাকার কয়েকজন যুবক দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহত বাইক চালক ও আরোহীকে প্রাথমিক চিকিৎসার জন্য ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। পরে তাঁদের উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করা হয়। দুর্ঘটনার কারণ খতিয়ে দেখছে মাল থানার পুলিশ।

# বিদ্যুৎ নিগমের বাস্তুকার, লাইনম্যান ও কর্মচারিদের প্রচেষ্টাতেই রাজ্য পুরস্কার পেয়েছে ঃ উপমুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** মানুষের জীবনকে আলোকিত করার জন্য ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড কাজ করছে। রাজ্য সরকার বিদ্যুৎ পরিষেবা ও পরিকাঠামোর উন্নয়নে অগ্রাধিকার দিয়েছে। বিদ্যুৎ পরিষেবায় বিনিয়োগও বৃদ্ধি করা হয়েছে। আজ ৭৯-টিলাস্থিত ট্রান্সমিশন অফিসের কনফারেন্স হলে ত্রিপুরার এসএলডিসি'র স্টেট লোড ডেসপ্যাচ সেন্টার এক্সিলেন্স পুরস্কার-২০২২ প্রাপ্তির উদযাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা এই কথা বলেন। উল্লেখ্য, গত ১৭ ডিসেম্বর দিল্লি আইআইটিতে অনুষ্ঠিত ২২তম ন্যাশনাল পাওয়ার সিস্টেম কনফারেন্সে ত্রিপুরা স্টেট লোড ডেসপ্যাচ সেন্টারকে এলডিসি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২২ প্রদান করা হয়। জিসিআইএলডি এবং ফোল্ড-এর চেয়ারম্যান কেপিএস ভাবা ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের (ট্রান্সমিশন) জেনারেল ম্যানেজার র'ন দেববর্মার হাতে এই পুরস্কার তুলে দেন। ন্যাশনাল পাওয়ার সিস্টেম কনফারেন্স এবং ফোরাম অব লোড ডেসপাচার সাব গ্রপ কমিটি সমগ্র দেশে ইমার্জিং বিভাগে ১৪টি রাজ্যের মধ্যে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের অধীন ত্রিপুরা স্টেট লোড ডেসপ্যাচ সেন্টারকে ইমার্জিং ক্যাটাগরিতে শ্রেষ্ঠ হিসেবে বিবেচনা করে এই পুরস্কার প্রদান করে। পুরস্কার হিসেবে দেওয়া হয়েছে মারক, মানপত্র ও শংসাপত্র।

আজ ৭৯-টিলাস্থিত ট্রান্সমিশন অফিসের কনফারেন্স হলে এলডিসি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২২ উদযাপন অনুষ্ঠানে এই মারক পুরস্কার ও শংসাপত্র উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা ও বিদ্যুৎ দপ্তরের সচিব বিজেশ পাণ্ডের হাতে তুলে দেন ডিরেক্টর ফিন্যান্স (টিএসইসিএল) এস এস ডোগরা এবং ট্রান্সমিশনের জেনারেল ম্যানেজার র'ন দেববর্মা। পুরস্কার গ্রহণ করে উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা বলেন, বিদ্যুৎ সেক্টরে বর্তমানে অনেক কাজ চলছে। আগামী ২৩ ডিসেম্বর গণ্ডাছড়া-আমবাসা ১৩২ কেভি লাইন চালু করা হবে। বিদ্যুৎ নিগমের সকলস্তরের বাস্তুকার, লাইনম্যান ও অন্যান্য কর্মচারিরা দিনরাত কাজ করেন। বিদ্যুৎ নিগমের বাস্তুকার, লাইনম্যান ও কর্মচারিদের প্রচেষ্টাতেই রাজ্য এই পুরস্কার পেয়েছে।

অনুষ্ঠানে উপমুখ্যমন্ত্রী বলেন, বিদ্যুৎ পরিষেবা ও স্থায়িত্বে ত্রিপুরা আগে দেশে ৪৭-নাম্বারে ছিল। এখন ২২- নাম্বারে চলে এসেছে। তিনি বলেন, এই পারফরম্যান্সকে আরও এগিয়ে নিতে হবে। তিনি বলেন, বর্তমানে রাজ্যে মোট ৫৫টি সাব স্টেশন রয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, মানুষের জীবন আলোকিত কর। তাঁর পথ ধরেই আমরা এগিয়ে চলেছি। একে আরও মসৃণ রাখতে ঝড়, বৃষ্টি এবং প্রতিকূল আবহাওয়াতেও বিদ্যুৎ পরিষেবা অক্ষুন্ন রাখতে বিদ্যুৎ কর্মীদের প্রতি তিনি আবেদন রাখেন। তিনি বলেন, কেননা পাওয়ার না থাকলে মানুষের পাওয়ারও থাকবে না। বিশেষ অতিথির ভাষণে বিদ্যুৎ দপ্তরের সচিব বিজেশ পাণ্ডে এই পুরস্কার পাওয়ার জন্য এসএলডিসি'র আধিকারিক ও কর্মচারিদের ধন্যবাদ জানান। তিনি বলেন, গ্রীড অপারেশন, পাওয়ার মার্কেট অপারেশন, ক্রস বর্ডার ট্র্যানজেকশন এবং রিয়েল টাইম পাওয়ার ম্যানেজমেন্ট এর জন্য এই পুরস্কার এসেছে। বাংলাদেশও ত্রিপুরার বিদ্যুৎ পরিষেবা পেয়ে খুশি রয়েছে। এছাড়া বক্তব্য রাখেন ত্রিপুরা ইলেক্টিসিটি রেগুলেটরি কমিশনের চেয়ারম্যান ডি. রাধাকৃষ্ণা ও ম্যানেজিং ডিরেক্টর দেবাশীষ সরকার। স্বাগত ভাষণ দেন ট্রান্সমিশনের জেনারেল ম্যানেজার র'ন দেববর্মা। অনুষ্ঠানে এসএলডিসি'র পক্ষ থেকে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন ডিরেক্টর ফিনান্স (টিএসইসিএল) এস এস ডোগরা।

# পঁথিগত শিক্ষার বাইরেও ছাত্রছাত্রীদের সৃজনশীল কাজে যুক্ত হতে হবে ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** কলেজ হলো মন্দিরের মত। কলেজের ছাত্র শিক্ষকের মধ্যে এক গভীর সম্পর্ক রয়েছে। আমৃত্য আমরা শিখতে থাকি, শেখার কোন বয়স বা শেষ নেই। সরকার গুণগত শিক্ষায় জোর দিয়েছে। পঁথিগত শিক্ষার বাইরেও ছাত্রছাত্রীদের সৃজনশীল কাজে যুক্ত হতে হবে। আজ ফটিকরায়ে আম্বেদকর কলেজের গ্রন্থাগার ও ৫০ শয্যাবিশিষ্ট এসটি গার্লস হোস্টেলের উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। মুখ্যমন্ত্রী বলেন, যাদের যতবেশী জ্ঞান গোটা দুনিয়া ততটাই তাদের করায়ত্ব হবে। তিনি বলেন, সরকার রাজ্যে ধারাবাহিকভাবে উন্নয়নমূলক কর্মকাণ্ড জারি রেখেছে।

উদ্বোধনী অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দ দাস বলেন, আমরা সময়ের কাজ সময়ে শেষ করি আজ গার্লস হোস্টেল উদ্বোধনের মধ্য দিয়ে তা আবারও প্রমাণ হল। স্বাগত ভাষণে বিধায়ক সুধাংশু দাস বলেন, যারা কাজ করেনা তারাই আজহাত দেখায়। আমরা কাজ করে দেখাই তার প্রমাণ আজ আম্বেদকর কলেজের গ্রন্থাগার ও গার্লস হোস্টেলের উদ্বোধন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আম্বেদকর কলেজের অধ্যক্ষ সুবত শর্মা (ভারপ্রাপ্ত)। উল্লেখ্য, কলেজের গ্রন্থাগার নির্মাণে ৩৮ লক্ষ ৯০ হাজার টাকা ও ৫০ শয্যাবিশিষ্ট এসটি গার্লস হোস্টেল নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ৮৮ লক্ষ টাকা। অনুষ্ঠানে জেলাশাসক ডা. বিশাল কুমার ও জেলা পুলিশ সুপার কান্তা জাঙ্গীরও উপস্থিত ছিলেন।

# কুমারঘাটে নবনির্মিত ১ নং সমবায়িকা সুপার মার্কেটের উদ্বোধন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** মানুষকে আত্মনির্ভর করার লক্ষ্যে সরকার কাজ করছে। মানুষকে আত্মনির্ভর করে তুলতে উন্নয়ন কর্মসূচি রূপায়ণে সরকার গতি এনেছে। রাজ্যের সমস্ত অংশের মানুষের কল্যাণেই সরকার কাজ করছে। আজ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা কুমারঘাটে নবনির্মিত ১ নং সমবায়িকা সুপার মার্কেটের উদ্বোধন করে একথা বলেন। এদিন মুখ্যমন্ত্রী ২ নং সমবায়িকা সুপার মার্কেটের শিলান্যাসও করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সরকার মানুষের কল্যাণে স্বচ্ছতার সঙ্গে কাজ করছে। সরকার মহিলাদের সুরক্ষা ও ক্ষমতায়নে কাজ করছে। তিনি রাজ্যে জাতি জনজাতি ঐক্য ও সম্পীতি সুদৃঢ় রাখার উপর গুরুত্ব আরোপ করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রতি ঘরে সুশাসন অভিযানের মাধ্যমে সরকার একেবারে অন্তিম ব্যক্তির কাছে সরকারি সুবিধা পৌঁছে দিচ্ছে। রাজ্যে যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নতি হয়েছে। ৮ নং জাতীয় সড়ক চার লেনের করার কাজ চলছে। ত্রিপুরা এখন ইন্টারনেটের ক্ষেত্রে একটি শক্তিশালী গেটওয়ে। অনুষ্ঠানে শ্রমমন্ত্রী ভগবানচন্দ্র দাস বলেন, এই মার্কেট স্টল বেশ কয়েকজনকে স্বনির্ভর হতে সহায়তা করবে। সেইসঙ্গে বহুদিনের প্রত্যাশাও পূরণ হলো। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্যের সমবায় নিয়ামক এস মগ। সভাপতিত্ব করেন কুমারঘাট প্রাইমারি কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিমিটেডের ভাইস চেয়ারম্যান শিবেন্দ ঘোষ। উপস্থিত ছিলেন জেলাশাসক ডা. বিশাল কুমার ও জেলা পুলিশ সুপার কান্তা জাঙ্গির। উল্লেখ্য, ১ নং সমবায়িকা সুপার মার্কেট নির্মাণে ব্যয় হয়েছে ৬৫ লক্ষ টাকা। ২নং সমবায়িকা সুপার মার্কেট নির্মাণে ব্যয় হবে ১ কোটি ৩০ লক্ষ টাকা। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ কুমারঘাট সফরে এসে ৪ কোটি ৭১ লক্ষ টাকা ব্যয়ে ১০ শয্যা বিশিষ্ট শান্তিপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে ৪ জন সুবিধাভোগীর হাতে আয়ুমান কার্ড তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন শ্রমমন্ত্রী ভগবান চন্দ্র দাস, জেলাশাসক ডা. বিশাল কুমার ও জেলা পুলিশ সুপার কান্তা জাঙ্গির।

# রাজ্য সরকার নারী শিক্ষার অগ্রগতিতে বিশেষ অগ্রাধিকার দিয়ে কাজ করছে ঃ শিক্ষামন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** নারী শিক্ষার অগ্রগতির উপর একটি দেশের ও রাজ্যের মান নির্ভর করে। রাজ্য সরকার নারী শিক্ষার অগ্রগতিতে বিশেষ অগ্রাধিকার দিয়ে কাজ করছে। আগে ১ হাজার ছাত্র বিদ্যালয়ে গেলে সেক্ষেত্রে ছাত্রীর সংখ্যা থাকত ৯৬৬ জন। বর্তমান সরকার আসার পর বিদ্যালয়ে মেয়েদের উপস্থিতির সংখ্যা বেড়েছে। এখন ৯৮৬ জন ছাত্রী স্কুলে যাচ্ছে। বেটি বাচাও, বেটি পড়াও কর্মসূচির সফল বাস্তবায়ণের ফলে দক্ষিণ ত্রিপুরা জেলায় ১ হাজার জন ছাত্র স্কুলে গেলে তুলনায় ছাত্রীরা যাচ্ছে ১ হাজার ১১ জন। আজ মোহনপুরের ছেচুরিয়া উচ্চ বিদ্যালয়ে রাজ্যভিত্তিক রান্না প্রতিযোগিতা-২০২২এর উদ্বোধন করে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। শিক্ষামন্ত্রী রতনলাল নাথ আজ মোহনপুর পুর পরিষদ কার্যালয় প্রাঙ্গণে পুর পরিষদভিত্তিক লাভার্থী সম্মেলনেরও উদ্বোধন করেন। মোহনপুর পুর পরিষদ কার্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত লাভার্থী সম্মেলনে সেলাই মেশিন, শীতব', খেলাধূলার সামগ্রী, বাদ্যযন্ত্র এবং মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে মার্টফোন বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শংকর দেব, কাউন্সিলারগণ, মোহনপুর মহকুমার মহকুমা শাসক অনিরুদ্ধ রায় প্রমুখ।

ছেচুরিয়া উচ্চ বিদ্যালয়ে রান্না প্রতিযোগিতার উদ্বোধন করে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ বলেন, বিভিন্ন স্কুলের মিড-ডে-মিল রান্নার গুণগতমান বজায় রাখার জন্যই এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। তিনি বলেন, সারা রাজ্যে স্কুলগুলিতে যারা মিড-ডে-মিল রান্না করেন বা ভোজন মাতা তাদের সংখ্যা ১১ হাজার ১০৭ জন। বর্তমান সরকার আসার পর তাদের মজরি বৃদ্ধি করা হয়েছে। শিক্ষামন্ত্রী বলেন, রাজ্যের প্রায় ৭ লক্ষ ছাত্রছাত্রীকে গুণমান সম্পন্ন শিক্ষা প্রদানের জন্য প্রয়োজনীয় শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর প'ায়েত সমিতির চেয়ারম্যান রীনা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, সাতডুবিয়া পঞ্চায়েতের প্রধান অনিমা সূত্রধর, প্রাথমিক শিক্ষা দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, ছেঁচুরিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা গায়েত্রী দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ছেঁচুরিয়া উচ্চ বিদ্যালয়ের পরিচালন কমিটির চেয়ারম্যান মনোরঞ্জন বিশ্বাস। স্বাগত বক্তব্য রাখেন দপ্তরের যুগ্ম অধিকর্তা বিপুল চন্দ্র দাস। প্রতিযোগিতায় প্রথম হয়েছেন খোয়াই জেলার কবি নজরুল বিদ্যাভবনের রুমা দেব। দ্বিতীয় হয়েছেন ধালাই জেলার উজান চানকাপ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সুচিত্রা দাস, তৃতীয় হয়েছেন গোমতী জেলার লক্ষীপতী এসবি স্কুলের চিনুরাণী দাস। অনুষ্ঠানে অতিথিগণ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা মনো' সাংস্ক'তিক অনুষ্ঠান পরিবেশন করে।

# স্বদলীয় নেতার হাতে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন হাসপাতালে ভর্তি শাসক দলের কর্মী

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২০ ডিসেম্বর।।** স্বদলীয় নেতার হাতে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন হাসপাতালে ভর্তি শাসক দলের কর্মী। ভারত চন্দ্র নগর ব্লক আধিকারিকের কাছে অভিযোগ জানাতেই নাকি এই আক্রমন আক্রান্ত মনু ধরের অভিযোগ বিলোনিয়া ভারত চন্দ্র নগর ব্লকের ইশ্বান চন্দ্রনগর পঞ্চায়েতের নতুন নগর বাজারের সামনে গত সোমবার সন্ধ্যায় আক্রমন সংগঠিত করে অমল মজুমদার। এই অমল মজুমদার ঈশানচন্দ্র নগর পঞ্চায়েত সদস্যা মমতা মজুমদারের স্বামী। সোমবার দুপুরে ভারত চন্দ্র নগর ব্লকের আধিকারিক ঈশ্বানচন্দ্র নগর পঞ্চায়েতে এলাকার জনগণ সরকারি সুযোগ সুবিধা পেয়েছেন কিনা তা খতিয়ে দেখতে মনু ধর ব্লক আধিকারিককে কাছে পেয়ে বাড়িতে পানীয় জলের সমস্যা ও রেগার ডিমান্ডে নাম না থাকা সহ রেগার কাজ থেকে তিন দফা বঞ্চিত হওয়ার বিষয় তুলে ধরতেই অখুশি শাসক দলের নেতারা। বিলোনিয়া থানাধীন ঈশানচন্দ্র নগর পঞ্চায়েতের অধীন নতুন নগর এলাকার বাসিন্দা মনু ধর। সে অভিযোগ জানানোর অপরাধে ঈশানচন্দ্র নগর পঞ্চায়েতের মমতা মজুমদারের স্বামী অমল মজুমদার সোমবার সন্ধ্যায় মনু ধরকে একা পেয়ে বেধড়ক মার ধর শুরু করে। প্রত্যক্ষদর্শীরা আক্রমণকারী পঞ্চায়েত সদস্যা মমতা মজুমদারের স্বামীর হাত থেকে রক্ষা করে আহত অবস্থায় মনু ধরকে নিয়ে আসে বিলোনিয়া হাসপাতালে। প্রাথমিক চিকিৎসার পর তাকে পাঠিয়ে দেওয়া হয় গোমতী জেলা হাসপাতালে।

## উদ্বোধনের প্রহর গুনছে আগরতলা সায়েন্স সিটি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** উদ্বোধনের প্রহর গুনছে আগরতলা সাইন্স সিটি। রাজধানীর হাঁপানিয়া সংলগ্ন এলাকায় এই সাইনসিটি গড়ে উঠেছে। প্রায় কাজ সম্পন্ন হওয়ার পথে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী তথা উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা জানান, আগরতলা সাইন্স সিটির কাজ মাত্র ৩০ শতাংশ সম্পূর্ণ করে গেছে পূর্বতন সরকার। এর জন্য কোন অর্থই রেখে যায়নি তারা। পরে অর্থ জোগাড় করে কাজ প্রায় সম্পন্ন করা হয়েছে। চাইলে ইতিমধ্যেই তিন চারটি গ্যালারি উদ্বোধন করা যায়। সহসাই এটি উদ্বোধন করা হবে। এর জন্য এখনো চূড়ান্ত দিনক্ষণ ঘোষণা হয়নি, তবে আগামী কয়েক দিনের মধ্যেই নির্ধারিত দিনক্ষণ ঘোষণা করে উদ্বোধন করা হবে। কিন্তু পূবর্তন সরকার এর জন্য বিভিন্ন সামগ্রি কিনেও নষ্ট করা হয়েছে। বিশেষ করে বেশ কয়েকটি লিফট নষ্ট হয়েছে অযত্নের কারণে।

## বিকল হয়ে পড়ে রয়েছে শিক্ষা ভবনে থাকা লিফটগুলি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** বেশ কয়েকদিন ধরে বিকল হয়ে পড়ে রয়েছে শিক্ষা ভবনে থাকা লিফট গুলি। নেই সারাইয়ের কোন উদ্যোগ। যার কারণে সরকারি কর্মচারী সহ অফিসে আসা বিভিন্ন মানুশ অসুবিধার সম্মুখীন হচ্ছেন। মঙ্গলবার এমনই অভিযোগ করেন অনেকেই। একতলা থেকে পাঁচতলা ওঠানামা করা দুস্কর হয়ে পড়েছে কর্মচারী সহ অন্যান্যদের জন্য। বহু মানুশ কাজের জন্য আসেন শিক্ষা ভবনে। তাদের ক্ষেত্রে সমস্যা দেখা দিচ্ছে বেশী। তাই দ্রুত লিফট মেরামত করে দেওয়ার জন্য অনেকেই দাবি জানিয়েছেন।

## সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে চলাচলে বিধিনিষেধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** জনজীবনে শান্তি ও সুস্থিতি রক্ষায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন এক আদেশে জেলার সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৫০০ মিটার এলাকা পর্যন্ত সাধারণ মানুষের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। আজ থেকে আগামী ১৯ ফেবয়ারি, ২০২৩ পর্যন্ত এই বিধিনিষেধ বলবৎ থাকবে। এই বিধিনিষেধ এই সময়ে প্রতিদিন রাত ৮টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত বলবৎ থাকবে।

জেলাশাসক এই আদেশে জানিয়েছেন, আইন শৃঙ্খলার কাজে নিযুক্ত মিলিটারি, প্যারামিলিটারি, রাজ্য পুলিশের কর্মী, পশ্চিম ত্রিপুরা জেলার এসপি, সদর ও মোহনপুর মহকুমার মহকুমা শাসকের বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, অফিসের জরুরি কাজে নিযুক্ত ব্যক্তি এবং তাৎক্ষণিক চিকিৎসার প্রয়োজন রয়েছে এমন ব্যক্তির চলাচলের ক্ষেত্রে বিধিনিষেধে ছাড় রয়েছে। এই আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## বক্সনগরে তৃণমূল কংগ্রেসের যোগদান সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২০ ডিসেম্বর।।** রাজ্য বিধানসভা নির্বাচন আর মাত্র দুই মাস বাকি। তাই আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে ডান,বাম ও রাম সকল রাজনৈতিক দলগুলি ক্ষমতা দখলের লড়াইয়ে রাজনৈতিক মাঠে নেমে পড়েছেন। এর মধ্যে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস ব্যতিক্রম নয়। মঙ্গলবার বক্সনগর বিধানসভায় তৃণমূল কংগ্রেসের উদ্যোগে জনসভার মাধ্যমে যোগদান সভা অনুষ্ঠিত হয়। এই যোগদান সভায় সভাপতিত্ব করেন হাবিল মিয়া। তৃণমূল নেতৃত্বদের মধ্যে উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সভাপতি পীযূষ কান্তি বিশ্বাস, মহিলা সভানেত্রী পান্নাদেব,যুব সভাপতি শান্তনু সাহা,কনভেনার জয়দুল হোসেন। এই যোগদান সভায় বিভিন্ন দল ত্যাগ করে ৪১ পরিবারের ২১৫ জন ভোটার তৃণমূল কংগ্রেসের যোগদান করেন।

## জিবিপি হাসপাতালে রোগী কল্যাণ সমিতি ফার্মেসীর উদ্বোধন


**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যাণ্ড জিবিপি হাসপাতালে আজ রোগী কল্যাণ সমিতি ফার্মেসীর উদ্বোধন হয়েছে। এই ফার্মাসির উদ্বোধন করেন স্বাস্থ্য সচিব ড. দেবাশিস বসু। উল্লেখ্য এই ফার্মেসীর পরিচালনায় রয়েছে আইআরএওয়াইএস মেডটেক সলিউশনস প্রাইভেট লিমিটেড। এখানে বিক্রি করা ৩৮৭ নিত্য প্রয়োজনীয় ওষুধের এমআরপি-তে ডিপিসিও / এনপিএ'এর অন্তর্ভক্ত ওষুধ ব্যতীত সমস্ত ওষুধে ৩৩ শতাংশ ছাড় দেওয়া হবে। উল্লেখ্য, ওষুধে ছাড়ের ক্ষেত্রে টেণ্ডারে সর্বাধিক ছাড় দেওয়ায় এই ফার্মেসীর পরিচালনার ভার আইআরএওয়াইএস মেডটেক সলিউশনস প্রাইভেট লিমিটেডকে দেওয়া হয়েছে। স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## তেলিয়ামুড়ায়

● প্রথম পাতার পর

ঘটে তেলিয়ামুড়া মহকুমায়। সোমবার গভীর রাতে মুঙ্গিয়াকামী থানাধীন ৩৯ মাইল এলাকায় আসাম-আগরতলা জাতীয় সড়কে বহিরাজ্যের এনএল-১০- এল১৫৯ নম্বরের একটি মালবাহী ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে ভয়াবহ যান দুর্ঘটনার কবলে পড়ে। গুরুতর আহত হয় নান্টু মালাকার নামের ওই ট্রাক গাড়ির চালক। পরবর্তীতে দমকল কর্মীরা ট্রাকের চালককে উদ্ধার করে তেলিয়ামুড়া মহকুম হাসপাতালে নিয়ে আসলে তার অবস্থা গুরুতর হওয়াতে তাকে উন্নত চিকিৎসার জন্য রাজধানী আগরতলার জি.বি.পি হাসপাতালে পাঠিয়ে দেয় প্রাথমিক চিকিৎসার পর।

এই যান দুর্ঘটনার রেশ কাটতে না কাটতেই আবারো মঙ্গলবার দিন সকাল নাগাদ মুঙ্গিয়াকামী থানাধীন শালবাগান এলাকায় পথ চলতি কোন এক গাড়ি সজোরে ধাক্কা দেয় একটি স্কুটিকে। গাড়ির ধাক্কায় রাস্তার উপর ছিটকে পড়ে স্কুটি এবং স্কুটিতে থাকা স্কুটি চালক ধনকুমার দেববর্মা।

গুরুতর আহত অবস্থায় রাস্তার উপর স্কুটির চালককে পড়ে থাকতে দেখে পথ চলতি মানুষজনেরা খবর দেয় তেলিয়ামুড়া দমকল বাহিনীর কর্মীদের, খবর পেয়ে দমকল কর্মীরা গুরুতর আহত অবস্থায় স্কুটির চালক ধনকুমার দেববর্মাকে উদ্ধার করে নিয়ে আসে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে এবং বর্তমানে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে গুরুতর আহত অবস্থায় ওই স্কুটির চালকের চিকিৎসা চলছে। তেলিয়ামুড়া মহকুমায় একের পর এক ভয়াবহ যান দুর্ঘটনায় তেলিয়ামুড়া মহকুমা ট্রাফিক পুলিশের ব্যবস্থাপনা নিয়েও ননাহ প্রশ্নচিহ্নের জন্ম দিচ্ছে!

## শান্তিরবাজারে

● প্রথম পাতার পর

তাঁরাও ছুরিকাঘাতে আহত হন। স্থানীয় মানুষ সঙ্গে সঙ্গে রাজীবকে ধরে ফেলেন এবং উত্তম মধ্যম দিয়ে পুলিশে খবর দেন।

এদিকে, দমকল কর্মীরা ঘটনার খবর ছুটে আসেন এবং আহতদের উদ্ধার করে শান্তিরবাজার জেলা হাসপাতালে নিয়ে যান। এরই মধ্যে পুলিশে খবর দেওয়া হয় এবং পুলিশ এসে অভিযুক্ত যুবককে গ্রেফতার করে নিয়ে গেছে। শান্তিরবাজার হাসপাতালের চিকিতক ডা: শান্তনু দাস জানিয়েছেন, আহত তিনজনের মধ্যে রানা দাস ও হরিচরণ দাসের আঘাত গুরুতর, তাই তাঁদের জি বি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। গোবিন্দ পাল বর্তমানে শান্তিরবাজার হাসপাতালেই চিকিতাধীন রয়েছেন। শান্তিরবাজার থানার ওসি অনুপম দাস জানিয়েছেন, ধৃত যুবককে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। আজ তাঁকে আদালতে সোপর্দ করা হবে।

## উদ্ধার

● প্রথম পাতার পর

সারাদিন তাঁর কোন সাড়া শব্দ মিলেনি। আজ সকালেও তাঁর সাড়া না পেয়ে দরজা ভেঙ্গে ঘরে সকলেই স্তম্ভিত হয়ে পড়েন।

মৃতের পরিবারের ওই সদস্যের কথায়, ঘরের মেঝেতে রক্তাক্ত অবস্থায় তাঁকে পরে থাকতে দেখা গেছে। তাঁর কাছে গিয়ে বুঝতে পেরেছি অনেক আগেই তিনি মারা গেছেন। এই অবস্থায় পরিবারের অন্য সদস্যরা চিতার চেচামেচি শুরু করলে প্রতিবেশীরা ছুটে আসেন এবং পুলিশে খবর দেওয়া হয় পুলিশ জানিয়েছে, মৃতের মুখে রক্তের ছাপ রয়েছে। মৃতদেহ উদ্ধারের পর ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট পাওয়ার পর নিশ্চিত হওয়া সম্ভব হবে, ওই ব্যক্তির খুন হয়েছেন নাকি তাঁর অস্বাভাবিক মৃত্যু হয়েছে। পরিবারের সদস্যদের দাবি, জয়দ্বীপকে খুন করা হয়েছে। কিন্তু, দরজা ভেতর থেকে বন্ধ থাকার ঘটনায় খুনের বিষয়টি ভীষণ রহস্যজনক বলেই মনে করা হচ্ছে।

## মৈত্রী সেতু

● প্রথম পাতার পর

প্রয়োজনীয় ব্যবস্থা ইতিমধ্যেই করা হয়েছে। কিন্তু বাংলাদেশের অংশে ল্যান্ড কাস্টম স্টেশনের কাজ এখনো অসম্পূর্ণ থাকায় মৈত্রী সেতু চালু করা যাচ্ছে না।তাঁর আবেদন, বাংলাদেশ রকারের সাথে আলোচনাক্রমে সমস্ত প্রতিবন্ধকতা দূর করে প্রাথমিক ভাবে অন্তত যাত্রী চলাচল শুরু করা হোক। তিনি বলেন, ভারত-বাংলাদেশ মৈত্রী সেতু চালু না হওয়ায় চট্টগ্রাম এবং মংলা বন্দর ব্যবহার করার অনুমতি পাওয়া সত্ত্বেও ত্রিপুরা সেই সুবিধা গ্রহণ করতে পারছে না।

## অভিভাবকরা

● প্রথম পাতার পর

হলেও শিক্ষক নিয়োগ তো দূরের কথা বরং শিক্ষক বদলি করে অন্যত্র পাঠিয়ে দিচ্ছে।

মঙ্গলবার স্কুলে প্রয়োজনীয় শিক্ষক ও নিয়মিত ক্লাশের দাবিতে সকাল ৬ টা ৩০ মিনিট থেকে বিলোনীয়া শহরের প্রাণকেন্দ্রের দীর্ঘ ঐতিহ্যবাহী আর্য্য কলোনী স্কুলে তালা দিয়ে শ্লোগান তুলে বিক্ষোভ প্রদর্শন করে স্কুলের ছাত্র - ছাত্রী ও অবিভাবকরা। দীর্ঘ প্রায় দুই ঘন্টা স্কুলের গেইটে তালা ও বিক্ষোভ চলার পর আর্য্য কলোনী দ্বাদশ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, স্কুল পরিচালন কমিটির লোক এসে অবিলম্বে শিক্ষক সমস্যা সমাধান করার আশ্বাস দিলে স্কুলের তালা খুলে দেয় ছাত্র - ছাত্রী সহ অবিভাবকরা।

## মৃতদেহ

● প্রথম পাতার পর

বাড়ির লোকজনদের অবগত করেন। সাথে সাথে পারমিতার বাবা ভাড়া বাড়িতে ছুটে এসে পারমিতার ঘরের দরজা ভাঙ্গেন।

ঘরের দরজা ভাঙ্গার পর তিনি দেখতে পান পারমিতার ঝুলন্ত মৃতদেহ। খবর দেওয়া হয় পশ্চিম মহিলা থানার পুলিসকে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য জিবি হাসপাতালে নিয়ে যায়। পশ্চিম মহিলা থানার এক পুলিশ অফিসার জানান পারমিতার মৃত্যুর কারন ময়না তদন্তের রিপোর্ট আসার পর জানা যাবে। তিনি আরও জানান মৃত পারমিতার বাড়ি বাইখোরা থানার অন্তর্গত মুহুরিপুর এলাকায়।

## পাঠাল কমিশন

● প্রথম পাতার পর

এবং মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান করতে হবে। (৩) ভোটের সময় কোন সহিংসতা করা উচিত নয়। অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য সকল প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৪) সমস্ত প্রান্তিক গোষ্ঠী যেমন ব্রু-শরণার্থী, প্রতিবন্ধী ব্যক্তি, তৃতীয় লিঙ্গ, মহিলা ভোটার, ৮০ বছরের বেশি ভোটারদের যথাযথভাবে সুবিধা দিতে হবে। প্রস্তুতির তদারকি করার জন্য, ভারতের নির্বাচন কমিশনের বেশ কয়েকটি দল ২০ ডিসেম্বর থেকে দুই মাস মেয়াদে ত্রিপুরা সফর করবে। এরই সূচনা হয়েছে মঙ্গলবার কমিশনের দুই প্রতিনিধির সফরের মধ্য দিয়ে।

## কংগ্রেস কর্মীর বাড়িতে হামলা

নিজস্ব প্রতিনিধি,উদয়পুর, ২০ ডিসেম্বর।। কংগ্রেস করার অপরাধে মাতারবাড়ি বিধানসভা কেন্দ্রের কালাবন মলিন দাসের বাড়িতে বাইকবাহিনীর তান্ডব।বাড়ি লুট।মলিন দাসের পা ভেঙ্গে দিলো।স্ত্রীকে দা দিয়ে চোখ উগলে দেওয়ার চেষ্টা।বর্তমানে গোমতী জেলা হাসপাতালে চিকিৎসা চলছে।খবর পেয়ে জেলা হাসপাতালে ছুটে গিয়ে স্বাস্থ্যের খবর নিলেন গোমতী জেলা কংগ্রেস সভাপতি টিটন পাল এবং প্রনজিৎ রায় সহ অন্যান্য নেতৃবৃন্দ।দ্রুত দুস্কৃতিকারীদের গ্রেপ্তারের দাবী জানাচ্ছেন কংগ্রেস নেতৃত্ব।

## বড়দিন উপলক্ষে বাজারে পসরা সাজিয়ে বসেছে ব্যবসায়ীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** বড়দিন উপলক্ষে বাজারে পসরা সাজিয়ে বসেছে ব্যবসায়ীরা। শহরে ভিড় ক্রেতাদের।কোভিডের কারণে গত দুবছর বড়দিনে প্রভাব পড়েছিল। এবছর অতিমারি মুক্ত হতেই খ্রিস্টান ধর্মাবলম্বী মানুষরা বড়দিনে মেতে উঠছে। আগামী ২৫ ডিসেম্বর যীশু খ্রিস্টের জন্মদিন উপলক্ষে এই উৎসব পালিত হয়। এই দিনটিই যিশুর প্রকৃত জন্মদিন কিনা তা জানা যায় না। আদিযুগীয় খ্রিস্টানদের বিশ্বাস অনুসারে, এই তারিখের ঠিক নয় মাস পূর্বে মেরির গর্ভে প্রবেশ করেন যিশু। বড় দিন উপলক্ষ্যে সেজে উঠছে চার্চ ও বাড়ি ঘর। খ্রীস্টান ধর্মাবলম্বীদের পাশাপাশি এই উৎসবে সামিল হয়েছে সমস্ত অংশের মানুষ। খ্রীস্টমাসের পসরা সাজিয়ে বসেছেন বহু দোকানী। রাজধানীর শকুন্তলা রোড ও মন্ত্রীবাড়ি রোড স্থিত দোকান গুলিতে এই চিত্র পরিলক্ষিত হয়। খ্রীস্টমাসের সামগ্রীর চাহিদা রয়েছে বেশ। গত বছর তেমন বিক্রি না হলেও এই বছর খ্রীস্টমাস ট্রি থেকে শুরু অন্যান্য সামগ্রী বিক্রি হচ্ছে ভালই। টুপি, স্টার , সান্তাক্লজ সহ অন্যান্য সামগ্রী তুলেছেন অনেক দোকান মালিক। দোকানিরা এই বড়দিন উৎসবের জন্য ষ্টার, সান্তা ক্লজ সহ রকমারির সামগ্রী নিয়ে বসে আছে ক্রেতার আশায় বলে জানান।

# দেশে ফিরে সমর্থকদের সংবর্ধনায় ভাসল ফান্স ফুটবল দল
## আতশবাজির ঝলকানিতে বরণ করে নেওয়া হল এমবাপেদের

প্যারিস, ২০ ডিসেম্বর (হি. স.) : দেশে ফিরে সমর্থকদের সংবর্ধনায় ভাসলেন কাতার বিশ্বকাপের ফাইনালে আর্জেন্টিনাকে সমানে সমানে টক্কর দেওয়া ফ্রান্স দল। হ্যাটট্রিক করেও শিরোপায় চুমু খাওয়ার সৌভাগ্য হয়নি কিলিয়ান এমবাপের। তবে তাদের লড়াইকে কুর্নিশ জানিয়েছে দেশ। আর্জেন্টিনার কাছে টাইব্রেকারে ৩(৪)-৩(২) ব্যবধানে কাপ হারান দলকে বরণ করতে প্লেস দে লা কনকর্দে উপস্থিত ছিলেন প্রায় ৫০ হাজার সমর্থক।
আতশবাজির ঝলকানিতে ছেয়ে যায় পুরো এলাকা।
ফাইনালের পরদিন সোমবার সন্ধ্যায় মলিন মুখে প্যারিসে পা রাখে ফ্রান্স ফুটবল দল। কিন্তু হারের পরও এভাবে বরণ করে নেওয়া হবে সেটা হয়তো ভাবতে পারেননি তারাও। তাই সব হতাশা কাটিয়ে হোটেল দে ক্রিলিয়নের ব্যালকনি থেকে তাল মেলান সমর্থকদের উদযাপনে। একসঙ্গে বেশ কয়েকটি গানও গেয়ে ওঠেন তারা।
সমর্থকদের ধন্যবাদ জানিয়ে ফ্রান্স কোচ দিদিয়ের দেশম বলেন, 'ফ্রান্স পুরুষ ও নারী যতসংখ্যক মানুষ আমাদের সমর্থন দিয়েছে তাদের ধন্যবাদ জানানোটা আমাদের কর্তব্য। তারা প্রচুর শক্তি দিয়েছেন এই ফ্রান্স দলকে। শেষটা নিষ্ঠুর ও বেদনাদায়ক হলেও একসঙ্গে অনুভূতি গুলো ভাগাভাগি করে নেওয়ার জন্য ধন্যবাদ। টুর্নামেন্ট শুরু হওয়ার আগে ও চলাকালীন প্রচুর কঠিনতা সত্ত্বেও আমরা যা কিছু করেছি তা ভুলে যাওয়া উচিত নয়। ১৯৬২ সালের পর কোনও দলই টানা দ্বিতীয়বার চ্যাম্পিয়ন হতে পারেনি বিশ্বকাপে।
ইতালি, ব্রাজিলের সেই ক্লাবে যোগ দেওয়ার সুযোগ ছিল ফ্রান্সের। দাপুটে ফুটবল উপহার ফাইনালেও চলে যায় তারা। কিন্তু সেখানে হৃদয় বিদারক হার মেনে নিতে হয় দিদিয়ের দেশমের দলকে। তাই আট গোল করে গোল্ডেন বুট জিতেও মুখে হাসি ছিল না এমবাপের। দেশে ফিরে সমর্থকদের সংবর্ধনায় সেই দুঃখ কিছুটা হলেও মুছে যাওয়ার কথা।

# শিমোগার পথে ত্রিপুরার মেয়েরা অভিযান শুরু হিমাচলে মুখোমুখি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।। ত্রিপুরার মেয়েরা এখন ব্যাঙ্গালোরে। আগামীকাল সড়কপথে রওয়ানা হবে শিমোগার লক্ষ্যে। প্রায় ৩০০ কিমি পথ পাড়ি দিয়ে সন্ধ্যায় ত্রিপুরা দল পৌঁছবে শিমোগায়। অনূর্ধ ১৫ বালিকাদের ক্রিকেট দল মঙ্গলবার বিমান পথে আগরতলা ছেড়েছে। ত্রিপুরার প্রথম ম্যাচ হিমাচল প্রদেশের বিরুদ্ধে। খেলা ২৬ ডিসেম্বর। গ্রুপে আরো চারটি দল হলো বেঙ্গল, উত্তরাখণ্ড, বিদর্ভ ও তামিলনাড়ু। বিসিসিআই আয়োজিত মেয়েদের অনূর্ধ ১৫ একদিবসীয় ট্রফি ২০২২-২৩ টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে কর্নাটকের সিমোগায়। প্রথমবারের মতো অংশগ্রহণকারী রাজ্য দলকে নেতৃত্ব দেবে অস্মিতা দেবনাথ। ডেপুটি হিসেবে রয়েছে তানিয়া দেব। এছাড়া, অন্যান্য ক্রিকেটাররা হলো অঙ্কিতা তাঁতি উড়িয়া, রিফু দেববর্মা, অনিতা নোয়াতিয়া, অর্পিতা দত্ত, অর্পিতা দেবনাথ, অস্মিতা দাস, দেবী সেন, গিয়া মন্ডল, মৌমিতা সাহা, স্নিধা সরকার ও সোহাদ্রিতা দেব। সাপোর্ট স্টাফ হিসেবে রয়েছেন ম্যানেজার নিবেদিতা দে, কোচ পীযূষ দেব, ট্রেইনার বাপী বিশ্বাস, ফিজিওথেরাপিস্ট মিষ্টি দেব ও অবজারভার সুজয়িতা রায়। উল্লেখ্য, রাজ্য দলের দ্বিতীয় ম্যাচ বেঙ্গলের বিরুদ্ধে, ২৮ ডিসেম্বর। তৃতীয় ম্যাচ উত্তরাখণ্ডের বিরুদ্ধে, ৩০ ডিসেম্বর। চতুর্থ ম্যাচ বিদর্ভের বিরুদ্ধে, ১ জানুয়ারি এবং পঞ্চম তথা গ্রুপ লীগের অন্তিম ম্যাচ তামিলনাড়ুর বিরুদ্ধে, ৩ জানুয়ারি। ক্রীড়ামোদী প্রত্যেকেই রাজ্য দলের সাফল্য কামনা করছেন।

## মনিশংকরের পরিবার এগিয়ে এলো ক্রিকেটে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা,২০ ডিসেম্বর।। দুরন্ত উদ্যোগ। এলাকার ক্রিকেটারদের হাতে তুলে দিলেন খেলার জার্সি। উনি আর অন্য কেউ নন, ত্রিপুরা রণজি দলের তারকা অলরাউন্ডার মণিশঙ্কর মুড়াসিং এর বাবা ভাগ্যমণি মুড়াসিং। মঙ্গলবার বিকেলে নিজের এলাকার ক্লাব রেক্স ক্লাবের ক্রিকেটারদের হাতে তুলে দেন জার্সি। উপস্থিত ছিলেন শান্তির বাজার মহকুমা ক্রিকেট অ্যাসোসিয়েশনের সম্পাদক সাধুঅং মগ, অফিস ম্যানাজার কিশোর কুমার ভৌমিক সহ রেক্স ক্লাব ও অ্যাসোসিয়েশন কর্মকর্তা গন। প্রায় প্রতি বছরই শান্তিরবাজার স্কুলের ওই শারীরশিক্ষক এলাকার খেলোয়াড়দের সরঞ্জাম দিয়ে থাকেন। এবার তা থেকে পিছিয়ে যাননি। খেলার নতুন জার্সি পেয়ে খুশি খুদে ক্রিকেটাররাও।

# ৩-০ ব্যবধানে টেস্ট সিরিজ জিতল ইংল্যান্ড, পাকিস্তানের মাটিতেই বাবর আজমদের ধবলধোলাই বেন স্টোকসদের

করাচি, ২০ ডিসেম্বর (হি. স.) : এতদিন নিজেদের মাটিতে রেকর্ডটা টিকিয়ে রেখেছিল পাকিস্তান। সেটা মুছে গেল আজ। ঘরের মাঠেই বাবর আজমদের ধবলধোলাই করলেন বেন স্টোকসরা। করাচি টেস্টে ৮ উইকেটে জয় পেতেই ৩-০ ব্যবধানে পাকিস্তানকে হারিয়ে টেস্ট সিরিজ জিতল ইংল্যান্ড।এর আগে রাওয়ালপিন্ডি ও মুলতানে একইভাবে দাপট দেখায় বেন স্টোকসের দল।
১৭ বছর পর পাকিস্তানে খেলতে গিয়েছে ইংল্যান্ড। প্রথম টেস্ট হয়েছিল রাওয়ালপিণ্ডিতে। যে পিচ নিয়ে প্রশ্ন ওঠে। আইসিসি পয়েন্টও কেটে নেয়। যদিও সেই খারাপ পিচ ইংল্যান্ডের কোনও অসুবিধা করতে পারেনি। সহজেই টেস্ট জিতে নিয়েছিলেন স্টোকসরা। মুলতানেও ফল পাল্টায়নি। প্রথম দিন থেকেই বল ঘুরছিল সেই পিচে। হ্যারি ব্রুকরা সেই পিচেও রান করলেন। ম্যাচ জিতলেন। বাকি ছিল শুধু করাচি। সিরিজ জিতে যে মাঠে খেলতে নেমেছিল ইংল্যান্ড। ব্রুক শতরান করেন সেখানেও। তিনটি ম্যাচেই শতরান করেন ব্রুক। পাকিস্তানের বোলারদের নাস্তানাবুদ করেন বার বার। ম্যাচের সেরা এবং সিরিজ সেরার পুরস্কার ব্রুকের দখলে।
করাচিতে এর আগে টস জিতে প্রথম ইনিংসে ৩০৪ রান করে পাকিস্তান। বিপরীতে হ্যারি ব্রুকের সেঞ্চুরিতে ইংল্যান্ডের সংগ্রহ ৩৫৪ রান। দ্বিতীয় ইনিংসে অভিষিক্ত রেহান আহমেদের ইতিহাস গড়া বোলিংয়ে বেশিদূর এগোতে পারেনি পাকিস্তান। অভিষেকেই সবচেয়ে কম বয়সে এক ইনিংসে পাঁচ উইকেট নিয়েছেন এই লেগ স্পিনার। তার ঘূর্ণির মায়াজালে পরে পাকিস্তান গুটিয়ে যায় ২১৬ রানেই, অন্যদিকে ইংল্যান্ডকে পায় ১৬৭ রানের লক্ষ্য। যা অনায়াসে পাড়ি দেয় সফরকারীরা।
এই সিরিজ ইংল্যান্ডের তরুণ প্রজন্ম তৈরি হওয়ার বার্তা দিল। জো রুটরা রান না পেলেও ব্রুকরা রান করে গেলেন। রান পেলেন বেন ফোকসও। বল হাতে উইকেট নিচ্ছেন রেহানরা। এদিকে, এমন শোচনীয় পরাজয়ের প্রশ্ন উঠছে পাকিস্তান অধিনায়ক বাবর আজমের নেতৃত্ব নিয়ে। গুঞ্জন আছে, শীঘ্রই তার জায়গা নতুন অধিনায়ক দেখা যেতে পারে পাকিস্তানের সাদা পোশাকে।

(2° Call)

REQUEST FOR PROPOSAL (RFP) NO: 01/MMC/ MLG/ RFP/ 2022-23

The CHIEF EXECUTIVE OFFICER, Melaghar Municipal Council Melaghar Sepahijala Tripura invites on behalf of the Melaghar Municipal Council" Request for Proposal from the Central & State public sector undertaking / enterprize and eligible proposers / Firms/ Agencies of appropriate class registered with PWD/ TTAADC/ MES/ CPWD/ Reitway/ Other State PWD up to 1506 hrs on for the following work:-

| Sl. No | NAME OF THE WORK & DNIT No. | WASTE TO BE PROCESSED FOR BIO-MINING | TIME FOR COMPLETION | MAXIMUM PROPOSAL VALUE (in Rs.) | Approx. Estimated Cost (in Rs.) | EARNEST MONEY | LAST DATE AND TIME FOR DOCUMENTS DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF TENDER | DOCUMENTS DOWNLOAING AND BIDDING AT APPLICATION | CLASS OF PROPOSER |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Bio-Mining of Legacy waste using appropriate best suit Machinery, other allied infra-structure and man power under Melaghar Municipal Council during the year 2022-23. 01/MMC/ MLG/RFP/ 2022-23 | 8143 MT | 180 Days. | Rs. 550.00 per MT (As per SBM 2.0 guideline) | Rs. 4478650.00 | Rs. 134360.00 | 01-01-2023 /Up to 1500 hrs | 02-01-2023 /1100 hrs | https://tripuratenders.gov.in | Appropriate Class |

Eligible bidders shall participate in praposal only in online through website https://tripuratenders.gev.in. Bidders are allowed to bid 24x? until the time of Bid closing, with option for Re-Submission, wherein only their latest submitted Bid would be considered for evaluation. The e- Procurement website will not allow any proposal to attempt 'propose, after the scheduled date and time. Submission of. proposal physically is not permitted.
Proposal fee to be paid electronically over the online payment facility provided in the portal any time after start date of proposal submission and before proposal submission end date using Net Banking facility by the proposer. The Bid Fee of Rs. 1000-00 (Rupees one thousand) only, to be paid electronically over the Online Payment facility, is Non-Refundable and to be deposited to the Government account automatically as revenue. Proposal(s) shall be opened through online by respective Proposal openers on behalf of the CHIEF EXECUTIVE OFFICER, Melaghar Municipal Council Melaghar Sepahijata Tripura and the same shall be accessible by Atending to be present at the proposal opening, For any enquiry, please contact by e-mail to.

ICA/C-3706/22

Melghar Municipal Council
Meighar Sepahijal, Tripura

PNIe-T No.DGM/GTED/(R)/2022-23/07

Deputy General Manager, Gas Thermal Electrical Division, Rokhia invites e-tenders on behalf of TPGL in two parts from prospective bidders for engagement of one Maruti Eeco (Y.O.M.- 2020 and onwards) under Gas Thermal Electrical Division, Rokhia, Duty hours — 14 hours, Area — In and around the working jurisdiction of the GTED, Rokhia for a period of I(one) year.

| Sl. No. | DNIeT No & Date | Name of the work | Estimated Cost | Last date of Bid Subinission |
|---|---|---|---|---|
| 1 | DGM/OTED/(R) /2022-23/07 Dated 19/12/2022 | Hiring of one Maruti Eeco (Y.0.M.- 2020 and onwards) under Gas Thermal Electrical Division, Rokhia, Duty hours 14 hours, Area — In and around the working jurisdiction of the GTED, Rokhia | Rs/-4,26,082.00 | 05/01/2023 |

All details can be seen on website http://tripuratenders.gov.in.

ICA/C-3699/22

Deputy General Manager
Gas Thermal Electrical Division, Rokhia

# মেসিদের আগমন উপলক্ষে ছুটি ঘোষণা আর্জেন্টিনায়

বুয়েনস আইরেস, ২০ ডিসেম্বর (হি. স.) : বিশ্বকাপজয়ী দলের আগমন উপলক্ষে মঙ্গলবার ছুটি ঘোষণা করেছে আর্জেন্টিনা সরকার। পুরো দেশ যেন লিওনেল মেসিদের আনন্দে সামিল হতে পারে, সেকারণেই এই সিদ্ধান্ত নেওয়া।
মেসি-মার্তিনেসদের স্বাগত জানাতে আর্জেন্টিনা সময় অনুযায়ী, মধ্যরাতেও বুয়েনস আইরেসে জড়ো আছেন মানুষ। তবে দুপুরের আগে তাদের অপেক্ষার অবসান ঘটছে না। কেননা বিমানবন্দরে অবতরণের পর দীর্ঘ ভ্রমণ ক্লান্তি দূর করতে রাতের বাকি সময়টা আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের ট্রেনিং সেন্টারে কাটাবেন মেসিরা। যা কি-না এজেইজা বিমানবন্দরের পাশেই অবস্থিত।
দুপুর হলেই সেখান থেকে ছাদখোলা বাসে করে চ্যাম্পিয়ন প্যারেড করবে লিওনেল স্কালোনির দল। মেসির হাতে সেই কাঙ্খিত সোনালী ট্রফিটি দেখার জন্য বাসের চারপাশে প্রচুর ভীড় হবে বলেই ধারণা করা হচ্ছে। প্রায় ৮ থেকে ৯ ঘণ্টা চলবে এই প্যারেড। উদযাপনের কেন্দ্রস্থল হিসেবে ঐতিহাসিক স্মৃতিস্তম্ব ওবেলিস্ককে ঠিক করা হয়েছে।
৩৬ বছরের অপেক্ষার পর তৃতীয়বারের মতো বিশ্বচ্যাম্পিয়ন হয়েছে আর্জেন্টিনা। রুদ্ধশ্বাস ফাইনালে ফ্রান্সকে টাইব্রেকারে ৩(৪)-৩(২) ব্যবধানে হারায় তারা।এরপর আর্জেন্টিনার প্রতিটি আনাচে-কানাচেতে বইতে থাকে উৎসবের আবহাওয়া। প্রায় প্রতিটি রাস্তা পরিণত হয় জনসমুদ্রে। উৎসবের মাত্রাটা নিশ্চয়ই কয়েকগুণ বেড়ে যাবে, যখন মেসি তার স্বপ্নের ট্রফি হাতে নিয়ে পা রাখবেন দেশটিতে। বিশ্বকাপ জেতার পরপরই আর্জেন্টিনা অধিনায়ক বলেছিলেন, 'আর্জেন্টিনায় কতটা পাগলামি হচ্ছে তা দেখতে চাই আমি। আমি চাই তারা অপেক্ষা করুক আমার জন্য। তাদের সঙ্গে উদযাপন করার জন্য আর তর সইছে না আমার।'

## সময়ের আগেই শেষ হতে পারে শীতকালীন অধিবেশন, সম্ভবত ২৩ ডিসেম্বর

নয়াদিল্লি, ২০ ডিসেম্বর (হি.স.): নির্দিষ্ট সময়ের আগেই শেষ হয়ে যেতে পারে সংসদের শীতকালীন অধিবেশন। সম্ভবত আগামী ২৩ ডিসেম্বর সংসদের শীতকালীন অধিবেশনের অন্তিম দিন। সূত্রের খবর, সদ্য সমাপ্ত লোকসভার বিজনেস এডভাইজরি কাউন্সিলের বৈঠকে সর্বসম্মতিক্রমে এটি ঠিক হয়েছে যে আগামী ২৩ ডিসেম্বর সমাপ্ত হবে সংসদের শীতকালীন অধিবেশন।
প্রসঙ্গত, গত ৭ ডিসেম্বর থেকে শুরু হয়েছে সংসদের শীতকালীন অধিবেশন, শেষ হওয়ার কথা আগামী ২৯ ডিসেম্বর। মঙ্গলবার সূত্র মারফত শোনা যাচ্ছে, এক সপ্তাহ আগে অর্থাৎ ২৩ ডিসেম্বর সমাপ্ত হতে পারে সংসদের শীতকালীন অধিবেশন।

## অরুণ ভৌমিক স্মৃতি টেনিস টুর্নামেন্ট ২৫শে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।। ত্রিপুরা টেনিস এসোসিয়েশন আয়োজিত ৩য় অরুন কান্তি ভৌমিক মেমোরিয়াল স্কুল টেনিস প্রতিযোগিতা আগামী ২৫ ডিসেম্বর, রবিবার মালঞ্চ নিবাস স্টেট টেনিস কমপ্লেক্সে অনুষ্ঠিত হবে। যারা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা আগামী ২৩ শে ডিসেম্বরের মধ্যে কোচ চিন্ময় দেববর্মার কাছে নাম নথিভুক্ত করতে পারেন। ত্রিপুরা টেনিস এসোসিয়েশনের সাধারণ সম্পাদক সুজিত রায় এক বিবৃতিতে এ খবর জানিয়েছেন।

# টিসিএ''র প্রথম মহিলা টি-২০ লিগ কোচ, ক্রিকেটারের নাম ঘোষিত

*এ-ডিভিশন লীগ : পয়েন্ট তালিকা*

| দল | ম্যা: | জ: | ড্র: | প: | গোল | প: |
|---|---|---|---|---|---|---|
| জুয়েলস | ৫ | ৪ | ০ | ১ | ১২-৭ | ১২ |
| এগিয়ে চলো | ৫ | ৩ | ২ | ০ | ১৫-৫ | ১১ |
| ফরোয়ার্ড | ৪ | ৩ | ১ | ০ | ২১-১ | ১০ |
| লালবাহাদুর | ৪ | ২ | ০ | ২ | ১০-৮ | ৬ |
| বীরেন্দ্র | ৫ | ২ | ০ | ৩ | ৫-১৫ | ৬ |
| রামকৃষ্ণ | ৫ | ১ | ১ | ৩ | ৯-১০ | ১ |
| ফ্রেন্ডস ইউ: | ৪ | ১ | ০ | ৩ | ৭-১৫ | ৩ |
| টাউন ক্লাব | ৪ | ০ | ০ | ৪ | ০-১৮ | ০ |

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত প্রথমবারের মতো উইমেন্স টি-টোয়েন্টি লিগ এর আনুষ্ঠানিক উদ্বোধন হবে ২২ ডিসেম্বর, সন্ধ্যায়, মেলাঘরের শহীদ কাজল স্মৃতি ময়দানে। ম্যাচ শুরু ২৩ ডিসেম্বর। ফাইনাল ৮ জানুয়ারি। প্রস্তুতিপর্ব এক প্রকার চূড়ান্ত বলা যেতে পারে। ইতিমধ্যে সোমবার রাতে টিসিএ''র সচিব তাপস ঘোষ ৬ দলের ৯৬ জন ক্রিকেটার এবং ছয় জন কোচের নাম ঘোষণা করেছেন।
সিনিয়র এবং জুনিয়র মহিলা ক্রিকেটারদের প্রায় সমানভাবেই ভাগ করে ছয়টি দল করা হয়েছে। প্রতিটি মহকুমার প্রতিভাবান মহিলা ক্রিকেটাররা এই উইমেন্স টি-টোয়েন্টি লীগে খেলার সুযোগ পাচ্ছে। ছয়টি দলের নেতৃত্বে কারা থাকবে অর্থাৎ অধিনায়ক কে হবে সেটা ঘোষণা করা হয়নি। তবে কোচদের সঙ্গে পরামর্শক্রমে ইতিমধ্যেই তা ঘোষণা করা হবে বলে জানা গেছে। ওয়েস্ট ত্রিপুরা স্ট্রাইকার্স এর কোচ রুমা দাস, ইউনাইটেড সাউথ ব্লাস্টার্সের কোচ রিতা দেববর্মা, ওয়েস্ট ত্রিপুরা টাইটান্স-এর কোচ অন্নপূর্ণা দাস, সিপাহী জলা স্টার্স এর কোচ শিল্পী দেববর্মা ধলাই ওয়ারিয়রস এর কোচ মৌটুসী দে, ইউনাইটেড নর্থ রাইডার্স এর কোচ অলিভিয়া সিনহা।
উল্লেখ্য, আইপিএল এর ধাঁচে প্রথমবারের মতো আয়োজিত এই উইমেন্স টি-টোয়েন্টি লিগ টুর্নামেন্টের উদ্বোধন পর্বেও কিছু জাঁকজমক অনুষ্ঠান রয়েছে বলে উদ্যোক্তারা জানিয়েছেন।

# রঞ্জি : বিদর্ভকে থামালো অজয় ব্যাটার্সদের দিকে তাকিয়ে ত্রিপুর
## বিদর্ভ-২৬৪ ত্রিপুরা-৩/০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।ঘরের মাঠের অল্প রানে গুটিয়ে যায় বিদর্ভ। অজয় সরকারের বিধ্বংসী বোলিংয়ের সৌজন্যে। ত্রিপুরা এখন তাকিয়ে থাকবে ব্যাটসম্যানদের দিকে। বোলাররা নিজেদের দাযিত্ব যথাযথ পালন করেছেন। এখন ব্যাটসম্যানরা নিজেদের দাযিত্ব পালন করতে পারলেই চালকের আসনে থাকবে ত্রিপুরা। নাগপুরে অনুষ্ঠিত রণজি ট্রফি ক্রিকেটে। ওই রাজ্যের ভি সি এ স্টেডিয়ামে প্রথম দিনের শেষে বিদর্ভের গড়া ২৬৪ রানের জবাবে ত্রিপুরা কোনও উইকেট না হারিয়ে ৩ রান করে। রাজ্যদলের স্পিডস্টার অজয় সরকার ৬ উইকেট পেয়েছেন। এখনও ত্রিপুরা পিছিয়ে ২৬১ রানে। রাজ্যদলের যে ব্যাটিং গভীরতা, ব্যাটসম্যান-রা যদি দায়িত্ব নিয়ে উইকেটে টিকে থাকার মানসিকতা দেখাতে পারে তাহলে অবশ্যই লিড নিতে পারবে। সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে শুকরুতেই চাপে পড়ে যায় স্বাগতিক দল। দলীয় ২০ রানে বিদর্ভ হারায় দলনায়ক এফ ফজলকে (১৮)। এ অবস্থায় এস রঙ্গাস্বামীর সঙ্গে রুখে দাড়ান অথর্ব টাইডে। ওই জুটি প্রতিরোধ গড়ে তুলেন। দ্বিতীয় উইকেটে ওই জুটি ১৬৪ বল খেলে যোগ করেন ৯৪ রান। রাঙ্গাস্বামী ১০৯ বল খেলে ৭ টি বাউন্ডারির সাহায্যে ৩৯ এবং অথর্ব ৮৩ বল খেলে ১১টি বাউন্ডারির সাহায্যে ৫৩ রান করেন। ওই দুইজন আউট হতেই ত্রিপুরার বোলারদের সাড়াশি আক্রমণের মুখি ক্রমাগত উইকেট হারাতে থাকে বিদর্ভ।দল ৮৩.৩ ওভার ব্যাট করে সবকটি উইকেট হারিয়ে শেষ পর্যন্ত ২৬৪ রান করতে সক্ষম হয়। এছাড়া দলের পক্ষে এ ওয়াদকর ৪৮ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৭, এ সারভাটে ৭৩ বল খেলে ৫ টি বাউন্ডারির সাহায্যে ৩৫ এবং এ ওয়াখারে ৫১ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৮ রান করেন। ত্রিপুরার পক্ষে অজয় সরকার (৬/৭৪) এবং রজত দে (২/১৪) সফল বোলার। জবাবে খেলতে নেমে প্রথম দিনের শেষে ত্রিপুরা ২ ওভার ব্যাট করে কোনও উইকেট না হারিয়ে ৩ রান করে। বিক্রম দাস ৩ বল খেলে ৩ রানে এবং বিশাল ৯ বল খেলে কোনও রান না করে উইকেট টিকে রয়েছেন। লিড নিতে হলে আজ দ্বিতীয় দিনে ত্রিপুরার দুই ওপেনারকে বড় ইনিংস খেলতে হবে। আর তা করতে পারলেই সুবিধে জনক জায়গায় চলে যাবে ত্রিপুরা।

## অমরপুরের ক্রিকেট : জয়ে ফিরলো দেবার্পিত সি এ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।। জয়ে ফিরলো দেবার্পিত ক্রিকেট আকাদেমি। ৬৮ রানে পরাজিত করলো রাঙ্গামাটি স্কুলকে। বিশ্ব সাধন জমাতিয়ার অলরাউন্ড পারফরম্যান্সে। প্রথমে ব্যাট হাতে ৩৪ রান করার পর বল হাতে ৬ উইকেট নিয়ে কার্তত একাই দলকে জয় এনে দেয় বিশ্ব সাধন। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত অনূর্ধ-১৩ ছোটদের ক্রিকেটে। চন্ডিবাড়ি মাটে অনুষ্ঠিত ম্যাচে মঙ্গলবার সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে দেবার্পিত ক্রিকেট আকাদেমি ৯৮ রান করে। দলের পক্ষে ওপেনার বিশ্ব সাধন জমাতিয়া একমাত্র দুই অঙ্কের রানে পা রাখে।

## নিয়োগ বিজ্ঞপ্তি

ডুম্বুরনগর আই সি ডি এস প্রকল্পের অধীন ২৪ জন অঙ্গনওয়াড়ী কর্মী ও ২৫ জন অঙ্গনওয়াড়ী সহায়িকা নিয়োগ করা হবে। যোগ্যতা ও শর্তাবলী জানতে সিডিপিও অফিসে যোগাযোগ করতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩১ শে ডিসেম্বর, ২০২২ইং বিকাল ৪ টা পর্যন্ত।

স্বাক্ষরঃ অস্পষ্ট
নিবিড় শিশু উন্নয়ন আধিকারিক
ডুম্বুরনগর আই সি ডি এস প্রজেক্ট
গন্ডাতৈসা, ধলাই, ত্রিপুরা।

ICA/D-1711/22

*PRESS NOTICE INVITING e-TENDER NO- e-PT-28/EE/RDUD/G/ 2022-23 DATED-17/12/2022*

On behalf of the 'Governor of Tripura' The Executive Engineer, R.D Udaipur Division, Udaipur ,Gomati District invites percentage rate e-tender from the eligible Bidders up to 15.00 Hrs on 27/12/2022 for the following work-
1.Construction of 04 nos class room at School building of Ram Thakur Vidya Mandir, Udaipur, Gomati District.
2. Renovation of District Magistrate and Collector's Residence , Udaipur, Gomati District.
3. Providing internal electrification at School building of Silghati High School under Kakraban R.D.Block,Gomati District.
For details visit website https://tripuratenders.gov.in and contact by e-mail to rdud.division@gmail.com. Any subsequent corrigendum will be available in the website only.

ICA/C-3714/22

Executive Engineer
R.D Udaipur Division
Gomati District,Tripura.

ABRIDGE NOTICE FOR INVITING QUOTATIONS (NIQ) FROM REPUTED IT COMPANY/ LLP/ PROPRIETOR/ AUTHORISED DEALER/AUTHORISED DISTRIBUTOR FOR SUPPLYING OF DESKTOP COMPUTER FOR MIGRATION SUPPORT CENTRE (MSC) AT SWAVALAMBAN UNDER DDU-GKY, TRLM

Notice Inviting Quotations (NIQ) invited from reputed IT Company/LLP/Proprictor/ Authorised Dealer/Authorised Distributor who have been in the business of supplying of ICT equipment for past 5 years or more regarding Supplying of Desktop Computer for Setting up Migration Support Centre(MSC) at Swavalamban under DDU-GKY. Quotations shall reccive only in the office of the Chief Executive Officer, SMMU. TRLM up to 3.00 P.M till 30/12/2022 along with EMDe of Rs/-20,000/-. Detailed NIQ may be seen in the websites- www. rural.tripura.gov.in/ www.trlm.tripura.gov.in/ www.tripura.gov.in.

ICA/C-3702/22

Sd/-illegible
(Prasada Rao Vaddarapu, IFS)
Chief Executive Officer
Tripura Rural Livelihood Mission

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023


## বড়দিন উপলক্ষে সাজিয়ে তোলা হচ্ছে রাজ্যের গির্জাগুলি

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২০ ডিসেম্বর।।** আগামী ২৫ই ডিসেম্বর যিশু খ্রীষ্টের জন্মদিন রাজ্যের গ্রাম পাহাড় থেকে সমতল সব অংশের মানুষজনরা প্রভু যীশুখ্রীষ্টের জন্মদিনটি বেশ ঘটা করে পালন করে থাকে। তাই এ বছর ও যিশুখ্রিস্টের জন্ম দিবস পালিত হবে। তার জন্য তেলিয়ামুড়া বাজারের বিভিন্ন দোকানিরা ক্রিসমাসের বিভিন্ন পসরা সাজিয়ে রেখে বসে আছে ক্রেতার আশয়। ওইসব পসরা গুলির মধ্যে ক্রিসমাস ট্রি, স্যান্টাক্লজ , ক্রিসমাস স্টার সহ রকমারির রকমারি সামগ্রী নিয়ে ক্রেতার আশায় বসে আছে। অন্যদিকে বিভিন্ন বেকারি গুলিতে স্বাদ যুক্ত কেক তৈরি করছেন বিক্রেতারা ক্রিসমাস কে সামনে রেখে। এ ব্যাপারে এক দোকানি বলেন এখন পর্যন্ত তেমন ক্রেতার দেখা না মিললেও আগামী ৪/৫ দিনে ক্রেতারা ক্রিসমাসের সামগ্রি ক্রয় করতে উপচ্ছে পড়া ভিড় জমাতে পারে বলে আশাবাদী।

## অপুষ্টির কারণে প্রয়াত হলেন প্রসূতি মা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** উপবাস আর অপুষ্টির যুগলবন্দিতে বিনা চিকিৎসায় সন্তান জন্ম দেওয়ার তিনদিন পর প্রয়াত হলেন মা। চাঞ্চল্যকর এই ঘটনা তেলিয়ামুড়া মহকুমার অন্তর্গত স্ব-শাসিত জেলা পরিষদের অধীন মুঙ্গিয়াগামী আর.ডি ব্লকের অন্তর্গত প্রত্যন্ত কুতনা পাড়া এলাকায়। উপবাস আর অপুষ্টির যুগলবন্দিতে বিনা চিকিৎসায় সন্তান জন্ম দেওয়ার তিনদিন পর প্রয়াত হলেন মা। চাঞ্চল্যকর এই ঘটনা তেলিয়ামুড়া মহকুমার অন্তর্গত স্ব-শাসিত জেলা পরিষদের অধীন মুঙ্গিয়াগামী আর.ডি ব্লকের অন্তর্গত প্রত্যন্ত কুতনা পাড়া এলাকায়। জানা যায় শক্তিবালা দেববর্মার নিয়ে হয় জারুইলং বাড়ি এলাকার হিরন দেববর্মার সাথে। কষ্টের মধ্যে চলছিল সংসার। এরই মধ্যে শক্তিবালা গর্ভবতী হয়ে পড়ে। দুসপ্তাহ পূর্বে কোন একটি বিষয়কে কেন্দ্র করে শক্তিমালার প্রসবের সময় নিকটে আশায় তার শ্বশুরবাড়ি জারুইলং বাড়ি থেকে তার বাপের বাড়ি কুতনা পাড়াতে পাঠিয়ে দেওয়া হয়। গত তিনদিন পূর্বে নিজ বাবার বাড়িতেই শক্তিবালা একটি ফুটফুটে কন্যা সন্তানের জন্ম দেয়। এরপর এলাকার বিভিন্ন মানুষের কাছ থেকে সংগৃহীত ১,০০০ টাকার সাহায্যকে পুঁজি করে খোয়াই জেলা হাসপাতালে চিকিৎসা করায় শক্তিবালা। শুক্রবার রাতের দিকে দুর্বলতার কারণে এবং প্রসবের পরবর্তী সময়ে বিনা চিকিৎসার কারণে অধিক রক্তক্ষরণ হতে হতে। একটা সময় মৃত্যু হয়। এই ঘটনাতে এলাকা জুড়ে শোকের আবহ তৈরি হয়েছে।

## বক্সনগরে তিপ্রা মথার মিছিল ও সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২০ ডিসেম্বর।।** বক্সনগর বিধানসভা কেন্দ্রের ভেলোয়ারচড় বাজারে তিপ্রা মথার উদ্যোগে মঙ্গলবার এক মিছিল সংঘটিত করা হয়। মিছিল শেষে পথসভার আয়োজন করা হয়। এই পথসভায় উপস্থিত ছিলেন বক্সনগর তিপ্রা মথার ব্লক সভাপতি বীরভদ্র দেববর্মা এবং যুব তিপ্রা মথার ব্লক সভাপতি সুব্রত দেববর্মা, বক্সনগর তিপরা মথা দলের বিশিষ্ট কার্যকর্তা তথা সমাজসেবক আমিনুল ইসলাম, আবু খায়ের মিয়া, এবং দলের জেলার কোষাধক্ষ রাকেশ দেববর্মা। বক্তারা ভাষণ রাখতে গিয়ে বলেন, তাদের ন্যায্য অধিকার আদায়ের লক্ষ্যে আগামী ২০২৩ বিধানসভা নির্বাচনে একটি সুসংগঠিত সামাজিক কাজকর্মের মাধ্যমে রাজ্যের সমস্ত স্তরের জনগণকে নিয়ে মহারাজা প্রদ্যুৎ কিশোরের হাতকে শক্ত করে আগামী দিনে রাজ্যে ক্ষমতায় আসবেন বলে বক্তারা দাবি করেন। এখন দেখার বিষয় বক্সনগর ব্লক এলাকায় তিপ্রা মথা সংখ্যালঘু এবং উপজাতি অধ্যুষিত এলাকায় কতটুকু প্রভাব বিস্তার করে, আগামী ২০২৩ বিধানসভা নির্বাচনে ক্ষমতার মসনদ দখল করতে পারে।

# জোলাইবাড়ি কে টি ইংলিশ মিডিয়াম স্কুলে গ্রন্থাগারের উদ্বোধন



**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২০ ডিসেম্বর।।** পশ্চিম জোলাইবাড়ী কে টি ইংলিশ মিডিয়াম দ্বাদশশ্রেনী বিদ্যালয়ে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে নবর্নির্মিত গ্রন্থাগারের শুভ উদ্বাধন করা হয়। রাজ্য সরকার শিক্ষার মান উন্নয়নে ও শিক্ষার্থীদের শিক্ষালাভের লক্ষ্যে প্রতিনিয়ত কাজ কবে. যাচ্ছে। এরই মধ্যে শান্তিরবাজার মহকুমার পশ্চিম জোলাইবাড়ী কে টি ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেনী বিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য একটি গ্রন্থাগার নির্মান করা হয়েছে। মঙ্গলবার এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এই নবনির্মিত গ্রন্থাগারের শুভ উদ্ভধন করাহয়। ফিতাকেটে ও ফলক উন্মোচনের মাধ্যমে নবনির্মিত গ্রন্থাগারের শুভ উদ্ভোধন করলেন সাব্রুম বিধানসভা কেন্দ্রের বিধায়ক শঙ্কর রায়। উদ্ভোধকের পাশাপাশি আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ ব্লকের পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দত্ত, জোলাইবাড়ী ব্লকের এগ্রিস্টেন্ডিং কমিটির প্রেসিডেন্ট বিকাশ বৈদ্য, জোলাইবাড়ী বিদ্যালয় পরিদর্শক বিকাশ দেবনাথ, বিশিষ্ট সমাজসেবী অজয় রিয়াং সহ অন্যান্য অতিথিবৃন্দরা। আজকের এই উদ্ভোধন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শঙ্কর রায়ও এগ্রিস্টেন্ডিং কমিটির প্রেসিডেন্ট বিকাশ বৈদ্য রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূক কর্মসূচীর কথা জনসন্মুখে তুলে ধরেন।
বক্তারা উনাদের বক্তবের মধ্যদিয়ে রাজ্য সরকার শিক্ষার মান উন্নয়নে কি কি কাজ করছেন তার বিস্তারিত তুলেধরেন। অজকের এই অনুষ্ঠান সম্পর্কে ও রাজ্য সরকারের চিন্তাভাবনা সম্পর্কে সংবাদ মাধ্যমের সামনে কিছু বক্তব্য তুলে ধরলেন বিধায়ক।

# ভারত বাংলাদেশের ঘনিষ্টবন্ধু রাষ্ট্র এবং বৃহৎ ব্যবসায়ীক অংশীদার

**মনির হোসেন,ঢাকা,ডিসেম্বর ২০।।** ভারতের সঙ্গে বাণিজ্য বাড়াতে জটিলতা দূর করতে হবে বলে জানিয়েছেন বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। মঙ্গলবার (২০ ডিসেম্বর) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ে ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মার সঙ্গে এক মতবিনিময় সভায় এ কথা জানান মন্ত্রী। তিনি বলেন, ভারত বাংলাদেশের ঘনিষ্টবন্ধু রাষ্ট্র এবং বৃহৎ ব্যবসায়ীক অংশীদার। ভারতের বাজারে বাংলাদেশের পণ্যের বিপুল চাহিদা রয়েছে। এসব পণ্য রপ্তানি বৃদ্ধির সুযোগ রয়েছে। বাণিজ্য সহজ করলে বাংলাদেশের পণ্য রপ্তানি অনেক বাড়বে এবং উভয় দেশের বাণিজ্য ব্যবধান কমবে।
বাংলাদেশ এখন আন্তর্জাতিক মানের পণ্য তুলনামূলকভাবে কম দামে সরবরাহ করতে সক্ষম বলে জানান বাণিজ্যমন্ত্রী। তিনি বলেন, এজন্য বাংলাদেশ-ভারত সীমান্তের স্থলবন্দরগুলোর সক্ষমতা বাড়ানো প্রয়োজন। বাণিজ্য বৃদ্ধির জন্য জটিলতা দূর করতে হবে। তিনি আরও বলেন, বর্ডারহাটগুলো উভয় দেশের মানুষের মধ্যে বেশ আগ্রহ সৃষ্টি করেছে। ভারতের সেভেন সিস্টার খ্যাত রাজ্যগুলোর মানুষ উপকৃত হয়েছে। এতে করে উভয় দেশের মানুষ খুশি। ভিসা ইস্যু সহজ হলে মানুষের যাতায়াত বাড়বে। এতে উভয় দেশের মানুষ আরও উপকৃত হবে। বাংলাদেশ ভারতের বাজারে পণ্য রপ্তানি বৃদ্ধ করতে আগ্রহী, এজন্য ভারত সরকারের আন্তরিক সহযোগিতা প্রয়োজন।হাইকমিশনার প্রণয় ভার্মা বলেন, বাংলাদেশ ভারতের ভালো বন্ধু। ভারত সরকার সব সময় বাংলাদেশকে অধিক গুরুত্ব দিয়ে থাকে। বাংলাদেশের সঙ্গে ভারতের ব্যবসা-বাণিজ্য এবং সহযোগিতা বেড়েছে। যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। আকাশপথের পাশাপাশি সড়ক ও নৌপথে যোগাযোগ উন্নত হয়েছে। ভারতে সীমান্তবর্তী রাজ্যগুলোর সঙ্গে বাংলাদেশের যোগাযোগ সহজ হয়েছে। ফলে উভয় দেশের ব্যবসা বৃদ্ধি পেয়েছে।
সড়কপথের পাশাপাশি ট্রেন যোগাযোগ স্থাপনের ফলে উভয় দেশের মানুষ উপকৃত হয়েছে উল্লেখ করে প্রণয় ভার্মা বলেন, রেলপথে কনটেইনারের মাধ্যমে পণ্য পরিবহনের কারণে উভয় দেশ উপকৃত হয়েছে। এদিকে পেট্রোলিয়ামজাতীয় পণ্য পরিবহনের জন্য পাইপ লাইন নির্মাণ কাজ শেষ। আশা করা যায় আগামী বছরের ফেব্রুয়ারি থেকে এ পাইপ লাইন ব্যবহার করা সম্ভব হবে। এতে উভয় দেশের মানুষ উপকৃত হবে। ভারতের মধ্য দিয়ে নেপাল ও ভুটান থেকে বিদ্যুৎ আমদানি করলে বাংলাদেশ উপকৃত হবে। আশা করা যায় আগামী দিনগুলোতে উভয় দেশের ব্যবসা-বাণিজ্য এবং সহযোগিতা আরও বাড়বে।

# উপজাতিদের উন্নয়নের কথা বলে যুগে যুগে রাজনৈতিক দলের জন্ম হয়েছে

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২০ ডিসেম্বর।।** এ রাজ্যের জনজাতি অংশের মানুষজনদের নিয়ে পর্যায় ক্রমিকভাবে বর্তমান সময়কাল পর্যন্ত ৬ টি উপজাতীয় আঞ্চলিক দল গঠন হয়েছিল বিভিন্ন সময়। ত্রিপুরা রাজ্যে বিধানসভা নির্বাচন এগিয়ে এলে উপজাতীয় আঞ্চলিক দলগুলি মাথা চাড়া দিয়ে উঠে। আর নির্বাচন ফুরিয়ে যেতেই ওই সব আঞ্চলিক দলগুলির অস্তিত্ব খুঁজে পায় না প্রত্যন্ত এলাকার জনজাতি অংশের মানুষজনেরা। উপজাতি ভিত্তিক আঞ্চলিক দলগুলির ইতিহাস বৃত্তান্তের পেছনে ফিরে তাকালে সেটা মূলত আয়নার মতো পরিষ্কার হয়ে যায়। জনজাতি অংশের মানুষ জন আঞ্চলিক দলগুলির প্রতি সমর্থন জানিয়ে তেমন কোন লাভবান হয়নি।
উল্লেখ্য থাকে, পূর্বে জনজাতিদের জন্য উপজাতি যুব সমিতি,আইএনপিটি, এনসিটি, আইপিএফটি এবং টিপিএফ পাঁচটি আঞ্চলিক দল গঠিত হয়েছিল। কিন্তু জনজাতিদের জন্য কোনো উন্নয়ন কাজই করতে পারেনি ওই পাঁচটি আঞ্চলিক দলগুলি। ওইসব আঞ্চলিক দলগুলির নেতৃত্বদের ঠিকই উন্নয়ন হয়েছে। আর জনজাতি অংশের মানুষ জনেরা উন্নয়নের নামে বিভিন্ন সময় কেবল পেয়েছে উন্নয়নের নামে বঞ্চনার গ্লানি। বিগত ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদ নির্বাচনের প্রাক্কালে তিপ্রা মথা নামক আরো একটি আঞ্চলিক দলের প্রসব হয়েছিল এ রাজ্যের গুটিকয়েক উপজাতি স্তরের নেতৃত্বের হাত ধরে। এই তিপ্রা মথা আঞ্চলিক দল বর্তমানে ত্রিপুরার স্ব-শাসিত জেলা পরিষদের শাসন ক্ষমতায় রয়েছে। কিন্তু তাদের শাসন ক্ষমতায় প্রত্যন্ত এলাকার উপজাতিদের জীবনযাত্রার মান কতটা উন্নয়ন করতে পেরেছে সেটা মূলত প্রশ্নচিহ্নই থেকে গেল। অথচ এই তিপ্রা মথা আঞ্চলিক দল রাজ্য বিধানসভা নির্বাচনে প্রায় প্রতিটি বিধানসভা কেন্দ্রে প্রার্থী দাঁড় করিয়ে নির্বাচনী লড়াই লড়তে চাইছে। তিপ্রা মথা দলের নেতৃত্বরা মাঠে ময়দানে সভা সমাবেশ করে নির্বাচনী লড়াই লড়ার জন্য হুংকার দিচ্ছে।
উল্লেখ্য থাকে, রাজ্যে এ পর্যন্ত ৬টি আঞ্চলিক দল আছে। কালের বিবর্তনে ৫টি আঞ্চলিক দল লুপ্ত হয়ে গেছে উপজাতীয় স্তরের নেতাদের লোভ-লালসার কারণে।
ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদে ক্ষমতার মসনদে তিপ্রা মাথার সরকার প্রতিষ্ঠিত থাকলেও উপজাতি অধ্যুষিত এলাকার মানুষ জনদের উন্নয়নের স্বার্থে কতটুকু কাজ করতে সক্ষম হয়েছে তা মূলত বুবাগ্রাই বলতে পারবে। তবে বুবাগ্রার উপর অন্ধবিশ্বাস রেখে উপজাতি অংশের মানুষজনেরা অন্ধকার থেকে ঘন অন্ধকারময় জীবন যাত্রায় চলে যেতে পারে বলে আশঙ্কা করছে রাজনৈতিক পর্যবেক্ষক মহল। তবে আগামী ২০২৩ বিধানসভা নির্বাচনে তিপ্রা মথা দলের নেতৃত্বরা গ্রেটার তিপ্রা ল্যান্ডের দাবিতে কতটা জিগির তুলতে পারে তা সময়ই বলবে।

# বস্ত্র শিল্পের উন্নয়নে রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে : হস্ততাঁত শিল্পমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** রাজ্যভিত্তিক হস্ততাঁত ও বস্ত্রমেলা আজ শান্তিরবাজার দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে শুরু হয়েছে। হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্পমন্ত্রী রামপদ জমাতিয়া মেলার উদ্বোধন করেন। মেলার উদ্বোধন করে হস্ততাঁত শিল্পমন্ত্রী রামপদ জমাতিয়া বলেন, বস্ত্রশিল্পের উন্নয়নে রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। এরফলে রাজ্য ও বহির্রাজ্যে ত্রিপুরার তাঁত বস্ত্রের কদর বাড়ছে।
উদ্বোধনী অনুষ্ঠানে হস্ততাঁত শিল্পমন্ত্রী আরও বলেন, রাজ্যে বস্ত্র শিল্পের উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উপরও সরকার গুরুত্ব দিয়েছে। অনুষ্ঠানে বিধায়ক প্রমোদ রিয়াং বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন স্বপা বৈদ্য, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাধিপতি বিভীষণ দাস প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভারত সরকারের তন্তুবায় সেবা কেন্দ্রের সহঅধিকর্তা বিজয় পি সাতনেরকার। সভাপতিত্ব করেন হস্ততাঁত, হস্তকারু উন্নয়ন নিগমের চেয়ারম্যান বলাই গোস্বামী। মেলায় ৫০টি স্টল খোলা হয়েছে। ১৪দিন ধরে এই মেলা চলবে। আগামী ২ জানুয়ারি রাজ্যভিত্তিক এই মেলার সমাপ্তি হবে। মেলা উপলক্ষে প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

# কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে আগরতলা-দেওঘর এক্সপ্রেসে পেন্ট্রি কার যুক্ত করার দাবী জানালেন সাংসদ বিপ্লব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** আগরতলা দেওঘর এক্সপ্রেস (ট্রেন নং ১৫৬২৫-১৫৬২৬) ট্রেনে পেন্ট্রি কার পরিষেবা যুক্ত করা সহ কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের কাছে বেশ কয়েকটি দাবি রাখেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী, সাংসদ বিপ্লব কুমার দেব । তিনি উল্লেখ করেন, বিশেষত দেওঘরের পবিত্র স্থানে দর্শনের লক্ষ্যে এই ট্রেনটির অধিকাংশ যাত্রীরাই ত্রিপুরা এবং ঝাড়খণ্ডের ধর্মপ্রাণ মানুষ। বিশেষ করে ঠাকুর অনুকুল চন্দ্রের অনুসারী । এই ট্রেনে অধিকাংশ ধর্মপ্রাণ মানুষ সফর করার সুবাদে, নিরামিষ খাবারের ব্যবস্থা রাখারও প্রস্তাব রাখেন ।
সাধারণ যাত্রীদের দ্বারা আনীত বিভিন্ন বিষয়ে কেন্দ্রীয় রেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে শ্রী দেব বলেন, এই ট্রেনের সাথে কোন প্যান্ট্রি কার সংযুক্ত না থাকার কারনে যাত্রীরা অনেক অসুবিধার সম্মুখীন হচ্ছেন। প্যান্ট্রি কারের অভাবে রেলস্টেশন থেকে খাবার কেনা ছাড়া তাদের আর কোনো বিকল্প নেই। অনেক সময় খাবার মানসম্মত হয় না, ফলে যাত্রীদের খাবারের অনেক সমস্যা হয়। তাই সংশ্লিষ্ট জোনাল রেলওয়েকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য রেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন।
তিনি আরো আবেদন করেন, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে জোনের অধীনে সাপ্তাহিক ভিত্তিতে আগরতলা এবং দেওঘর এক্সপ্রেস চলাচল করে। আগরতলা থেকে ট্রেনটি শনিবার রওয়ানা হয়ে এবং সোমবার সকালে দেওঘর পৌঁছায় এবং সোমবার সন্ধ্যাতেই পুনরায় ত্রিপুরার উদ্দেশ্যে যাত্রা করে ।তবে একই দিনে ফেরৎ আসার বদলে, দেওঘর থেকে একদিন পর যাত্রা করলে যাত্রীদের সুবিধা হবে বলেও জানান। আজ কেন্দ্রীয় রেল মন্ত্রীকে এক চিঠিতে এই দাবি গুলি রাখেন, সাংসদ বিপ্লব কুমার দেব ।

## আজ রাজ্যে আসছেন বিজেপি যুব মোর্চার রাষ্ট্রীর সভাপতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** বুধবার দুদিনের রাজ্য সফরে আসছেন বিজেপি যুব মোর্চার রাষ্ট্রীয় সভাপতি তথা কর্নাটকের বেঙ্গালুরু দক্ষিণ লোকসভার সাংসদ তেজস্বী সূর্য। বুধবার রাজ্য শহরে আসছেন বিজেপি যুব মোর্চার রাষ্ট্রীয় সভাপতি তথা কর্নাটকের বেঙ্গালুরু দক্ষিণ লোকসভার সাংসদ তেজস্বী সূর্য। রাষ্ট্রীয় সভাপতি হওয়ার পর এটাই প্রথম তার রাজ্য সফর। মঙ্গলবার বিজেপির প্রদেশ কার্যালয় সাংবাদিক সম্মেলন করে একথা জানান যুব মোর্চার প্রদেশ সভাপতি নবদুল বণিক। দুই দিনের রাজ্য সফর করবেন তিনি। বুধবার সকালে এমবিবি বিমানবন্দর থেকে বিজেপি যুব মোর্চার সদর ও গ্রামীণ জেলার কার্যকর্তারা যুব বিজয় সংকল্প যাত্রা নামে বাইক র্যা লির মাধ্যমে তাকে স্বাগত জানাবে। এদিন রাজ্য অতিথিশালায় বিজেপি যুব মোর্চার অফিস বিয়ারার ও সদর এবং গ্রামীন জেলার দুই সভাপতিদের নিয়ে বৈঠক করবেন তিনি। বৈঠকে শেষে উদয়পুর মাতারবাড়ি চন্দ্রপুর স্কুল মাঠে গিয়ে যুব জমায়েতে বক্তব্য রাখবেন। বামুটিয়া মন্ডলের উদ্যোগে নতুন ভোটারদের সম্মাননা জানানো অনুষ্ঠানে অংশ নেবেন। বৃহস্পতিবার ফটিকরায় মন্ডলের উদ্যোগে আয়োজিত যুব জমায়েতে সম্বোধন করবেন বিজেপি যুব মোর্চার রাষ্ট্রীয় সভাপতি।

# বর্তমান রাজ্য সরকার মানুষের মৌলিক চাহিদা পূরণে কাজ করছে ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** বর্তমান রাজ্য সরকার মানুষের মৌলিক চাহিদা পূরণে কাজ করছে। আমরা মানুষের কাছাকাছি থাকতে চাই। প্রতি ঘরে সুশাসন কর্মসূচির মাধ্যমে প্রশাসন একেবারে মানুষের নাগালের মধ্যে চলে এসেছে। আজ পেঁচারথল দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ভার্চয়ালি পাঁচটি প্রকল্পের শিলান্যাস ও ৫০ শয্যাবিশিষ্ট জনজাতি ছাত্রী আবাসের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসার (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মানুষের কাছে সরকারি সুযোগ সুবিধাগুলি সঠিকভাবে পৌঁছে দিতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। সরকার স্বচ্ছতার সাথে কর্মসংস্থানের উদ্যোগ নিয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যে শান্তি সম্পীতি বিনষ্টের চেষ্টা চলছে। আমরা মানুষের গণতান্ত্রিক অধিকার সুরক্ষিত রাখার জন্য কাজ করছি। সরকার মহিলাদের ক্ষমতায়ণে কাজ করছে। স্বসহায়ক দলগুলো এখন সত্যিকারের অর্থে স্বনির্ভর হয়ে উঠছে। রাজ্যে ৬টি জাতীয় সড়কের কাজ চলছে। আরও ৭টি জাতীয় সড়কের জন্য ১০ হাজার ২২২ কোটি টাকার অনুমোদন পাওয়া গেছে। সেইসাথে রাজ্যে ৪টি রোপওয়ে করার জন্যেও অনুমোদন মিলেছে। মুখ্যমন্ত্রী বলেন, নেশামুক্ত ত্রিপুরা গঠনে রাজ্য সরকার বদ্ধপরিকর। এক্ষেত্রে সরকার কড়া ব্যবস্থা নিয়েছে। এই সরকার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দেখানো পথে কাজ করছে। আমাদের লক্ষ্য এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়েতোলা। অনুষ্ঠানে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী সান্তনা চাকমা বলেন, সরকার শিক্ষা ব্যবস্থার উন্নয়নে ধারাবাহিক কর্মকাণ্ড জারি রেখেছে। এছাড়াও তিনি পেঁচারথল এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের তথ্যও তুলে ধরেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পেঁচারথল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান সজল চাকমা। স্বাগত বক্তব্য রাখেন এমডিসি বিমল কান্তি চাকমা। উপস্থিত ছিলেন এমডিসি স্বপারাণী দাস, জেলাশাসক ডা. বিশাল কুমার, জেলা পুলিশ সুপার কান্তা জাঙ্গীর, সমাজসেবী পবিত্র দেবনাথ প্রমুখ। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ পেঁচারথল সফরে এসে পেঁচারথল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের স্টেডিয়াম, বিদ্যালয়ের দ্বিতল পাকা ভবন, পেঁচারথল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, আন্ধারছড়া বুদ্ধ ঝর্ণা যাওয়ার সড়ক, সোলোনালা থেকে বাঘাইছড়া সড়কের ভিত্তিপ্রস্তর স্থাপন সহ পেঁচারথল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ৫০ শয্যাবিশিষ্ট এসটি গার্লস হোস্টেলের উদ্বোধন করেন।

# দূর্ঘটনায় আহত পাঞ্চালী ভট্টাচার্যকে জিবিতে দেখতে গেলেন উপমুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ ডিসেম্বর।।** শনিবার সন্ধ্যায় দলীয় কর্মসূচি সেরে বাড়ি ফেরার সময় রাজধানীর মন্ত্রীবাড়ি রোড এলাকায় দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকারের সহধর্মিনী পাঞ্চালি ভট্টাচার্য়ী। মঙ্গলবার সকালে পাঞ্চালি ভট্টাচার্যীকে জিবি হাসপাতালে দেখতে যান উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা। পাঞ্চালি ভট্টাচার্যীর শারীরিক অবস্থার খোঁজখবর নিয়ে উপমুখ্যমন্ত্রী জানান বিরোধী দলনেতা মানিক সরকারের সাথে দীর্ঘদিনের ব্যক্তিগত সুসম্পর্ক রয়েছে। এবং বিধানসভায়ও একই সাথে কাজ করেন। বিগত দিনে বহুবার সহযোগিতা করেছেন বিরোধী দলনেতা তথা প্রাপ্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার। তাই মানিক সরকারের সহধর্মীনীর দুর্ঘটনার খবর পেয়ে তিনি জিবি হাসপাতালে দেখতে এসেছেন বলে জানান তিনি। পাঞ্চালি ভট্টাচার্যীর দ্রুত আরোগ্য কামনা করেন উপমুখ্যমন্ত্রী।


# নির্মাণ সংস্থার ভূমিকায় ক্ষোভ জনমনে



**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২০ ডিসেম্বর।।** সতীশ প্রসাদ কনস্ট্রাকশন কোম্পানীর বিরুদ্ধে আবারো সরব হয়েছে এলাকা বাসীরা।এলাকার জনগণ বিভিন্ন অসুবিধার কথা জানালেও এই কোম্পানীর কর্তৃপক্ষরা কর্নপাত না করার ফলে ক্ষোভে বিক্ষোভ দেখালো মঙ্গলবার দুপুরে। বিগত দু বছর আগে বিলোনিয়া থেকে জোলাইবাড়ি পর্যন্ত ১০৮ এ জাতীয় সড়কের নির্মাণের কাজ শুরু করে বহি রাজ্যের কোম্পানি এম এস সতীশ প্রসাদ কনস্ট্রাকশন কোম্পানি। কিন্তু রাস্তা নির্মাণ করতে গিয়ে চরম দুর্নীতি সহ গাফিলতির অভিযোগ তুললো কোম্পানির বিরুদ্ধে। রাস্তার নির্মাণ কাজ করতে গিয়ে এলাকার জনগনকে অসুবিধার মুখে ঠেলে দিয়েছে যা কেউ মেনে নিতে পারছে না। এই রকম চিত্র ফুটে উঠল বিলোনিয়া মহকুমাধীন দক্ষিণ সোনাইছড়ি এলাকায়। এই এলাকার বাসিন্দাদের কথা দিয়ে কথা রাখছেন না কোম্পানির কর্মকর্তারা। রাস্তা নির্মাণ করতে গিয়ে জনসাধারণের পুকুরের পাশে গার্ডওয়াল তৈরি করে দেওয়ার কথা থাকলেও দিচ্ছেন না কোম্পানি অভিযোগ স্থানীয়দের। এই গার্ডওয়াল না দেওয়ার রাস্তার পাশের মাটি পড়ার ফলে কৃষিজ জমি যেমন মাটি হচ্ছে তেমনি মাছ চাষের পুকুরও ভরাট হয়ে যাচ্ছে। গত কিছুদিন আগে একটি কালভার্ট নির্মাণ করতে গিয়ে কাজ চলাকালীন ভেঙ্গে পড়ে। বৈজ্ঞানিক পদ্ধতি না মেনে যেমন খুশি বিকল্প জাতীয় সড়ক নির্মাণে ব্যাস্ত সতীশ প্রসাদ কনস্ট্রাকশন কোম্পানি। এছাড়া কাজের গতিও ধীর। সড়ক নির্মাণ নিয়ে বার বার উঠে আসছে দূর্নীতির অভিযোগ। তারপরেও জেলা ও মহকুমা প্রশাসন শীতঘুমে। কোন তদারকি নেই যার ফলে এই কনস্ট্রাকশন কোম্পানির কর্ম কর্তারা নিজ মর্জিমাফিক কোন রকমে রাস্তার কাজ শেষ করে দিতে চাইছে।
জাতীয় সড়ক নির্মাণে রড, সিমেন্ট, পাথর সহ অন্যান্য আনুষঙ্গিক যে অনুপাত দিয়ে কাজ করানোর দরকার তাও ঠিক ভাবে ব্যাবহার করা হচ্ছে না। যার ফলে কোন কালভার্ট ভেঙ্গে পরছে আবার কোন কালভার্ট ঝুঁকি পূর্ন অবস্থায় রয়েছে। জাতীয় সড়কের পাশে ড্রেইনের কথা বলে লাভ নেই। কোনটি রাস্তা থেকে উঁচু আবার কোনটি রাস্তা থেকে নিচুভাবে তৈরি করা হয়েছে। একপ্রকার বলা যায় দূর্নীতির নিমজ্জিত হয়ে তৈরি হচ্ছে বিলোনিয়া থেকে জোলাইবাড়ির রাস্তা।

## গোষ্ঠী কোন্দল জিইয়ে রেখে তেলিয়ামুড়ায় কংগ্রেস জেলা সভাপতিদের সংবর্ধনা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২০ ডিসেম্বর।।** কংগ্রেসের গোষ্ঠী কোন্দলকে জিইয়ে রেখে নবাগত জেলা কংগ্রেস সভাপতি ও যুব কংগ্রেসের জেলা সভাপতি সহ ব্লক যুব কংগ্রেস সভাপতিদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠান হয় তেলিয়ামুড়া কংগ্রেস ভবনে মঙ্গলবার দুপুর সাড়ে বারোটা নাগাদ। এই সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে ছিলেন নবাগত জেলা কংগ্রেস সভাপতি শব্দ কুমার জমাতিয়া, প্রাক্তন বিধায়ক অশোক কুমার বৈদ্য, যুব কংগ্রেসের জেলা সভাপতি বিপ্লব সাহা সহ কল্যাণপুর কংগ্রেস নেতৃত্ব কার্তিক দেবনাথ সহ অন্যান্য নেতৃত্বরা।এদিনের এই সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে নবাগত জেলা কংগ্রেস সভাপতি শব্দ কুমার জমাতিয়া সহ জেলা যুব কংগ্রেস সভাপতি বিপ্লব সাহা ও তেলিয়ামুড়া ব্লক যুব কংগ্রেস সভাপতি শংকর পাল (বান্টি)-দের পুষ্পস্তবক ও উত্তরীয় পরিয়ে সংবর্ধনা জানান প্রাক্তন বিধায়ক অশোক কুমার বৈদ্য সহ অন্যান্য নেতৃত্বরা।
এ প্রসঙ্গে খোয়াই জেলা কংগ্রেস সভাপতি শব্দ কুমার জমাতিয়া বলেন, ২০২৩ বিধানসভা নির্বাচনে কংগ্রেস দল খোয়াই জেলার মোট ৬ টি বিধানসভা আসনের মধ্যে ৪টি বিধানসভা আসনে জয়ী হবে বলে আশাবাদী। তাছাড়া তিনি বলেন,, কংগ্রেস দল যে দায়িত্ব উনাকে অর্পণ করেছে তা একার পক্ষে পালন করা সম্ভব নয়, প্রত্যেকটি কংগ্রেস দলের কর্মীর সমর্থকদের হাতে হাত রেখে কাজ করার এবং এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন তিনি। তবে এই সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে অপর কংগ্রেস নেতৃত্ব বিরজিৎ গোষ্ঠী নিত্য গোপাল রুদ্রপালকে ফোন নিয়ন্ত্রন জানানো হলেও কোনো এক অজ্ঞাত কারণে অনুষ্ঠানে উপস্থিত থাকেন নি। অপরদিকে, তেলিয়ামুড়া ব্লক কংগ্রেস সভাপতি বিপ্লব পাল(বিল্লু) মঙ্গলবারের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তেলিয়ামুড়া কংগ্রেস ভবনে আসেনি। এটা কি গোষ্ঠী কোন্দলের ছায়া (!)



সুধী
অন্যান্য বছরের ন্যায় এবারও আগামী ৬ই পৌষ ১৪২৯ বাং (২২শে ডিসেম্বর ২০২২ইং) বৃহস্পতিবার, সকাল ৯ ঘটিকা হইতে রাত্রি ৯ ঘটিকা পর্যন্ত লক্ষ্মীনারায়ণ মন্দিরে শিবযজ্ঞ অনুষ্ঠিত হইবে।
অতত্রব বিনীত নিবেদন যে উক্ত অনুষ্ঠানে উপস্থিতি হইয়া সহযোগিতা করিবে।
ইতি- বিনীত
রাজেশ দাস

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।